ষ্কায় বলিতেছেন। ব্রহ্মবিদ্ ব্যক্তি উক্ত সন্ধিকেই সন্ধ্যা বলিয়া উপাসনা করিবে, অর্থাৎ পূর্ব্বোক্ত সন্ধিস্থানগত জ্যোতির্ধ্যানই ব্রহ্মবিদ্ ব্যক্তির সন্ধ্যা, যেহেতু সর্ব্বপ্রাকর কর্ম্মফলসুখই ব্রহ্মবিজ্ঞানসুখের অন্তর্ভূত। গীতাতে লিখিত আছে যে, সর্ব্বপ্রকার কর্ম্ম করিলে যে যে ফললাভ হয়, সর্ব্ববেদাভিজ্ঞ ব্রাহ্মণের সেই সমুদায় ফললাভ হইয়া থাকে। সেই আত্মা অবিমুক্ত বারাণসীতে স্থিত অ[illegible] অতএব অবিমুক্ত ভ্রূমধ্যে তাহার উপাসনা করিবে। যিনি এইরূপে অবিমুক্ত স্থানে আত্মোপাসনা করেন, তিনিই শিষ্যগণকে প্রকৃত জ্ঞানোপদেশ করিতে পারেন ॥ ৬ ॥

যাহারা প্রথমে ব্রহ্মোপাসনায় প্রবৃত্ত হইয়াছে, তাহাদিগের অনন্ত অব্যক্ত পরমাত্মজ্ঞান ও পরমাত্ম চিন্তা করিতে কোন শক্তি নাই, অতএব প্রথমাধিকারিদিগের ব্রহ্মচিন্তনের সরলোপায় জিজ্ঞাসা করিতেছেন;

ন্যেব হ বা অমৃতস্য নামানি এতৈর্হ বা অমৃতো ভবতীতি এবমেবৈতদযাজ্ঞবল্ক্যঃ ॥ ৭ ॥

জপ্যেন কেন জপনীয়েন অমৃতত্বং মোক্ষং সত্ত্বশুদ্ধিদ্বারা গচ্ছতীতি তৎ জাপ্যং বদেতি শেষঃ। ব্রূহীতি পাঠে স্পষ্টম্ যথাধিকারমুত্তরয়তি শতরুদ্রিয়েণেতীতি। "ষট্‌ষষ্টির্নীলসূক্তঞ্চ ষোড়শর্চ্চস্তথৈব চ। এষ তে দ্বে নমস্তে দ্বে নতং বিদ্‌দ্বয়মেব চ। মীঢুষ্টমচতুষ্কঞ্চ এতদ্ধি শতরুদ্রিয়ম্ ॥" নমস্তে ইত্যাদিঃ ষট্‌ষষ্টিঃ নীলসূক্তঞ্চ যঃ সোমেত্যষ্টৌ ষোড়শর্চ্চো নমস্তে ইত্যাদিরেবাবৃত্ত্যা ততো দ্বিকত্রয়ং ততশ্চতুষ্কমিতি শতমৃচো রুদ্রজাপ্যং যজুর্ব্বিদাম্ "রুদ্রজাপী দহেৎ পাপম্" ইতি স্মৃতেঃ। জ্ঞানং সত্ত্বশুদ্ধ্যা [illegible] অমৃতা ভবন্তীত্যর্থঃ। দ্রোণপর্ব্বপঠিতং বা স্তোত্রং পরমহংসানান্তু কৈবল্যোপনিষদাম্নাতমেব শতরুদ্রিয়মুচিতম্। তত্র হেতুমাহ এতান্যেব হ বা ইতি। অমৃতস্য ব্রহ্মণঃ এতৈঃ জপৈঃ ইতি বাক্যসমাপ্তৌ। এবমেবৈতদ্‌যাজ্ঞবল্ক্যেতি ব্রহ্মচারিণামঙ্গীকারবাক্যম্। যাজ্ঞবল্ক্যঃ ইতি পাঠে যাজ্ঞবল্ক্যো যদাহ এবমেবৈতদিতি শ্রুতের্ব্বচঃ ॥ ৭ ॥

অর্থাৎ ব্রহ্মচারীরা জিজ্ঞাসা করিয়াছিলেন যে, কিরূপ জপদ্বারা মোক্ষলাভ হয়, তাহা বল। যাজ্ঞবল্ক্য ঋষি প্রশ্ন শ্রবণ করিয়া কহিতেছেন, শতরুদ্রিয় জপদ্বারা প্রথমাধিকারীরা ব্রহ্মোপাসনা করিবে। "নমস্তে" ইত্যাদি ষট্‌ষষ্টি, "যঃ সোমেত্যাদি" অষ্টনীলরুদ্রসূক্ত, ষোড়শ ঋক্, "নমস্তে" ইত্যাদি মন্ত্রদ্বয়, "এষ তে" ইত্যাদি দুই মন্ত্র "বিদ" ইত্যাদি দুই মন্ত্র এবং মীঢুষ্টম ইত্যাদি মন্ত্রচতুষ্টয় [illegible] সমুদায়ই শতরুদ্রিয় নামে অভিহিত হয়। স্মৃতিতে লিখিত আছে যে, যজুর্ব্বেদীরা এই শতরুদ্রিয় মন্ত্র জপ করিলে তাহাদিগের পাপ দগ্ধ হয় এবং আত্মশুদ্ধিদ্বারা জ্ঞানলাভ করিয়া মোক্ষ পাইয়া থাকে, অথবা দ্রোণপর্ব্বপঠিত শতরুদ্রিয় স্তোত্রই পরমহংসাদিগের উচিত, অর্থাৎ যাজ্ঞবল্ক্য ব্রহ্মচারিদিগের এই উপদেশ অঙ্গীকার করিয়াছেন ॥ ৭ ॥

অথ হৈনং জনকো বৈদেহো যাজ্ঞবল্ক্যমুপসমেত্যোবাচ ভগবন্! সন্ন্যাসং ব্রূহীতি স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ব্রহ্মচর্য্যং পরিসমাপ্য গৃহী ভবেৎ গৃহী ভূত্বা বনী ভবেৎ বনী ভূত্বা প্রব্রজেৎ ॥ ৮ ॥

নন্থ সন্ন্যাসিনামেব অবিমুক্তোপাসনদ্বারা মুক্তিঃ তর্হ্যাশ্রমান্তরপরিগ্রহং ন কোঽপি কুর্য্যাদিত্যাশঙ্ক্য জনকঃ পৃচ্ছতি অথেতি। পিতৃব্যাবৃত্ত্যর্থং বৈদেহ ইতি বিশেষণম্। উপসমেত্য সমীপমাগম্যেতি বিনয়প্রদর্শনার্থং ভগবন্নিতি সম্বোধনম্। সন্ন্যাসং সন্ন্যাসাধিকারং তদ্বিধিঞ্চ। ইতরো বিদিতাভিপ্রায়ঃ ক্রমেণোত্তরয়ন্নাদৌ ক্রমসন্ন্যাসমাহ স হোবাচেতি ব্রহ্মচর্য্যং পরিসমাপ্যেতি অন্যথা অনধীতবেদস্য কর্ম্মণ্যনধিকারাৎ। গৃহী ভূত্বেতি অন্যথা সন্ততাভাবে পিতৃঋণানপাকরণাৎ। বনীভূত্বেতি "তপসা হন্তি কিল্বিষম্" ইতি সকিল্বিষস্যানধিকারাৎ। অতএব স্মৃতিঃ—"ঋণ-

---

যদি সন্ন্যাসিদিগেরই অবিমুক্তোপাসনাদ্বারা মুক্তি কথিত হইল, তাহা-হইলে কেহই অন্যাশ্রম গ্রহণ করিবে না, এই আশঙ্কায় বলিতেছেন।—বৈদেহ রাজর্ষি জনক যাজ্ঞবল্ক্যের নিকট যাইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন। ভগবন্! আপনি সন্ন্যাসাধিকার এবং সন্ন্যাসবিধি আমার নিকট কীর্ত্তন করুন। যাজ্ঞবল্ক্য জনকের বাক্য শ্রবণ করিয়া কহিতেছেন, প্রথমে ব্রহ্মচর্য্য আশ্রয় করিবে, যেহেতু বেদ অধ্যয়ন না করিলে কোন কর্ম্মই হইতে পারে না, অনন্তর ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহস্থাশ্রমে প্রবেশ করিবে, কারণ গৃহস্থাশ্রমে প্রবেশপূর্ব্বক সন্তান উৎপাদন না করিলে সেই ব্যক্তি কোনরূপেও [illegible] হইতে মুক্ত হইতে পারে না। অতএব গার্হস্থ্য স্বীকারের পর বনবাস আশ্রয় করিবে, অর্থাৎ বনবাসে থাকিয়া তপঃসাধনদ্বারা সর্ব্বপাপ নিবারণ করিবে। যেহেতু পাপীর তত্ত্বজ্ঞানে অধিকার হয় না। অনন্তর প্রব্রজ্যা আশ্রয় করিবে। স্মৃতিতে লিখিত আছে যে, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য ও তপস্যা এই ত্রিবিধ কর্ম্মদ্বারা যথাক্রমে ঋষি-ঋণ পিতৃ-ঋণ ও দেব-ঋণ এই ঋণত্রয় পরিশোধ করিয়া মোক্ষসাধনে মনো-

যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেৎ গৃহাদ্ বনাদ্বা। অথ পুনরব্রতী বা ব্রতী বা স্নাতকো বা অস্নাতকো বা

ত্রয়মপাকৃত্য মনো মোক্ষে নিবেশয়েৎ।" ইতি তথা—"অধীতবেদো জপকৃৎ পুত্রবানন্নদোঽগ্নিমান্। শক্ত্যা তু যজ্ঞকৃন্মোক্ষে মনঃ কুর্য্যাত্তু নান্যথা॥" ইতি চ—"ন্যায়াগতধনস্তত্ত্বজ্ঞাননিষ্ঠোঽতিথিপ্রিয়ঃ। শ্রাদ্ধকৃৎ সত্যবাদী চ গৃহস্থোঽপি বিমুচ্যতে" ইতি স্মৃতেরাশ্রমান্তরস্যাপি জ্ঞানসাধনত্বাৎ জ্ঞানিনোঽপি যাজ্ঞবল্ক্যাদেঃ ক্রমসন্ন্যাসো ন বিরুদ্ধ ইতি ভাবঃ॥ ৮॥

নন্থ তৃতীয়খণ্ডে ব্রহ্মচারিভিরাত্মজ্ঞানোপায়ঃ পৃষ্টঃ ব্রহ্মচারিণাঞ্চ বিবাহাদিকর্ম্মব্যগ্রাণাং কথমাত্মজ্ঞানাবসরঃ? ইত্যাশঙ্ক্য বৈরাগ্যপাটবে সতি ক্রমেণাপি সন্ন্যাসসম্ভবাৎ জ্ঞানপ্রশ্নোপপত্তিরিত্যাশয়েনাহ যদি বেতি। যদি বা ইত্যনিয়মে ইতরথা গার্হস্থাদ্যনঙ্গীকৃত্য ব্যুৎক্রম প্রকা-

নিবেশ করিবে। স্মৃতিতে আর লিখিত আছে যে, বেদ অধ্যয়নপূর্ব্বক জপপরায়ণ হইয়া পুত্র উৎপাদনকরত অগ্ন্যাধান করিবে এবং শক্তি অনুসারে যজ্ঞ করিয়া মোক্ষপ্রাপ্তিতে মনঃসন্নিবেশ করিবে। আর ন্যায়মার্গে ধনোপার্জ্জন করিয়া তত্ত্বজ্ঞাননিষ্ঠ হইবে এবং অতিথি সৎকার ও শ্রাদ্ধ করিয়া সত্যবাদী হইয়া থাকিবে। এইরূপ আচরণ করিলে গৃহস্থ ব্যক্তিও মুক্ত হইতে পারে। অতএব জানা যাইতেছে যে, আশ্রমান্তর পরিগ্রহও জ্ঞানসাধন হয়; সুতরাং জ্ঞানবান্ যাজ্ঞবল্ক্যের ক্রমত সন্ন্যাসগ্রহণ বিরুদ্ধ নহে॥ ৮॥

তৃতীয় খণ্ডে ব্রহ্মচারীরা আত্মতত্ত্ব[illegible]ায় জিজ্ঞাসা করিয়াছেন এবং ব্রহ্মচারিদিগের বিবাহ ব্যবহারও দেখা যায়, এইক্ষণ আশঙ্কা হইতেছে যে, যাহারা বিবাহাদিকর্ম্মে ব্যগ্র থাকে, তাহাদিগের কিরূপে আত্মজ্ঞানলাভ হইতে পারে? এই আশঙ্কায় বৈরাগ্যপটু ব্যক্তিদিগেরও ক্রমত সন্ন্যাস সম্ভব হয়, অতএব জ্ঞান প্রশ্নেরউপপত্তি হইতেছে, এই অভিপ্রায়ে বলিতেছেন। যদিও গার্হস্থ্যাদি স্বীকার না করিয়া অনিয়মে প্রব্রজ্যা

উৎসন্নাগ্নিরনগ্নিকো বা যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ ॥ ৯ ॥

তদ্বৈকে প্রাজাপত্যামেবেষ্টিং কুর্ব্বন্তি। তদুতথা ন কুর্য্যাদাগ্নেয়ীমেব কুর্য্যাৎ অগ্নির্হ বৈ প্রাণঃ প্রাণমেব

রেণাপি পরমবিরক্তস্য কর্ম্মণি প্রবৃত্ত্যনুপপত্তেরর্থাৎ সন্ন্যাসসিদ্ধিরিতি ভাবঃ। গৃহাদ্বনাদ্বেতি বা শব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে। বনাৎ তৃতীয়াশ্রমাৎ এতজ্জন্মাবচ্ছিন্নমেব ব্রতাদি ন সন্ন্যাসাঙ্গমিত্যাহ অথ পুনরিতি। অব্রতী অচীর্ণাধ্যয়নাঙ্গব্রতঃ স্নাতকঃ কৃতবিদ্যো ব্রতান্তস্নাতঃ উৎসন্নাগ্নিঃ মৃতদারঃ অনগ্নিকঃ অগৃহীতাগ্নিকঃ। যদহরেবেত্যেবকারোঽবিলম্বার্থঃ হেতুহেতুমতোর্লিঙ্ ইতি লিঙ্ ॥ ৯ ॥

সন্ন্যাসবিধিমাহ তদ্বৈক ইতি। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন "বনাদ্ গৃহাদ্বা কৃত্বেষ্টিং সর্ব্ববেদাং সদক্ষিণাম্। প্রাজাপত্যাং তদন্তে তানগ্নীনারোপ্য চাত্মনি ॥" ইতি। মোক্ষে মনঃ ক্যাদিতি দূষয়তি তদু তথা ন কুর্য্যাদিতি। তর্হি কিং কুর্য্যাদত আহ আগ্নেয়ীমেব কুর্য্যাদিতি। প্রজাপতয়ে ইত্যপ-

আশ্রয় করিলে বিরক্ত ব্যক্তিদিগের কর্ম্মেতে প্রবৃত্তির অনুপপত্তিহেতু সন্ন্যাসসিদ্ধি হইতে পারে, অর্থাৎ গৃহস্থাশ্রম ও বনবাস ব্যতিরেকে সন্ন্যাস সম্ভব হইলেও এতজ্জন্মাবচ্ছিন্নব্রতাদি সন্ন্যাসসিদ্ধির অঙ্গ হয় না, তথাপি অব্রতী হউক, বা ব্রতী হউক, স্নাতক, অর্থাৎ কৃতবিদ্য, অথবা ব্রতান্তে কৃতস্নান হউক, কি অস্নাতক হউক, অগ্নিহোত্রাগ্নিক হউক, কি অনগ্নিক হউক, যে সময়ে সংসার[illegible] হইবে, সেই সময়েই সন্ন্যাস আশ্রয় করিবে। ৯।

এইক্ষণ সন্ন্যাসবিধি কথিত হইতেছে, কেহ কেহ প্রাজাপত্যনামক যজ্ঞ করিয়া থাকেন। যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে, বনেতে কিম্বা গৃহেতে বেদবিহিত সদক্ষিণ প্রাজাপত্য যজ্ঞ করিয়া আত্মাতে অগ্নির আরোপ করিবে। কেবল মোক্ষে মনোনিবেশ করিলেই কার্য্যসিদ্ধি হয় না, অতএব

তথা করোতি। ত্রৈধাতবীয়ামেব কুর্য্যাৎ এতয়ৈব ত্রয়ো ধাতবো যদুত সত্ত্বং রজস্তম ইতি ॥ ১০ ॥

হায় অগ্নয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামীতি প্রয়োগঃ। আগ্নেয়ীষ্টকরণে হেতুঃ অগ্নির্হ বৈ প্রাণ ইতি। প্রজাপতীষ্টিস্তু মনঃ প্রাণমনসোশ্চ প্রাণ এব বলীয়ান্ সুহয়দৃষ্টান্তেন ছান্দোগ্যে তথোপপাদনাৎ। আগ্নেয়েষ্টেঃ সামর্থ্যমাহ প্রাণমেব তথা করোতীতি। যত্র প্রাণস্তত্র মনঃ যত্র মনস্তত্র সর্ব্বেন্দ্রিয়াণি তত্র বিষয়াঃ ইত্যাগ্নেয্যাং সর্ব্বং সিধ্যতি। ততোঽধিকবীর্য্যমাহ ত্রৈধাতবীয়ামেব কুর্য্যাদিতি। ত্রয়াণাং বেদানাং ধাতবঃ রসগর্ভাখ্য ইব শেরতেঽস্যাং ত্রৈধাতবীয়া ইষ্টিঃ তস্যাং হৈন্দ্রো বৈষ্ণবো দ্বাদশকপালঃ পুরোডাসো হবিঃ তচ্চ তণ্ডুলপিষ্টবেষ্টিতযবপিষ্টরূপং সর্ব্বস্বদানাৎ দৃশ্যঃ সন্ন্যাসাধিকারঃ। তদুক্তং শতপথব্রাহ্মণে "দ্বে সহস্রে ভূয়ো বা দদ্যাৎ স এতয়া যজেত" ইতি। তস্যাঃ সামর্থ্যমাহ এতয়ৈব ত্রয়ো ধাতব ইতি বর্দ্ধন্ত ইতি শেষঃ। কে তে ইত্যপেক্ষায়াং তান্ ধাতূন্ নিষ্কৃষ্য দর্শয়তি যদুত সত্ত্বং রজস্তম ইতি। ত্রিবিধা অপি ত্রৈবিধা রসা অনয়া বর্দ্ধন্তে ইত্যর্থঃ। ত্রিস্থণামিষ্টীনাং যথোত্তরমাধিকবীর্য্যত্বং দ্রষ্টব্যম্। ১০ ॥

আগ্নেয় যাগ করিবে, যেহেতু অগ্নিই প্রাণ, এই নিমিত্ত প্রাজাপত্য পরিত্যাগ করিয়া আগ্নেয় যাগ কর্ত্তব্য। আর প্রাণ ও মন ইহাদিগের মধ্যে প্রাণই বলবান্, ইহা ছান্দোগ্যোপনিষৎশ্রুতিতে দৃষ্টান্তোপন্যাসদ্বারা প্রতিপাদিত হইয়াছে। বিশেষত আগ্নেয় যাগেরই সামর্থ্যাতিশয় জানা যায়, যেহেতু যেখানে প্রাণ সেই স্থানেই মন, যেখানে মন সেই স্থানেই সর্ব্বেন্দ্রিয় এবং যে স্থানে ইন্দ্রিয় সেই স্থানেই বিষয়; এই আগ্নেয় যাগেই সকল সিদ্ধ হইতেছে। এই সকল যাগ হইতেও ত্রৈধাতবীয় যাগ সমধিক বলবান্। ইহাতে বেদত্রয়ের ধাতু, অর্থাৎ রস আছে এবং ইহাতে ঐন্দ্রযাগ ও বৈষ্ণব যাগ প্রতিষ্ঠিত আছে। এই যজ্ঞে দ্বাদশকপাল পুরোডাসই (হবিঃ)-স্বরূপ, এই হবিঃ তণ্ডুলপিষ্টবেষ্টিত যবপিষ্টরূপ। সর্ব্বস্বদানে এই যজ্ঞসিদ্ধি হয়, এই যজ্ঞেই সন্ন্যাসাধিকার আছে। "দ্বে সহস্রে ভূয়ো বা দদ্যাৎ স এতয়া

অয়ং তে যোনি ঋত্বিজো যতো জাতঃ প্রাণাদরোচথাঃ। তং প্রাণং জানন্নগ্নে! আরোহ অথা নো বর্দ্ধয় রয়িম্ ইত্যনেন মন্ত্রেণাগ্নিমাজিঘ্রেৎ। এষ হ বা অগ্নের্যোনির্যঃ প্রাণঃ প্রাণং গচ্ছ স্বাহেত্যেবমেবৈতদাহ। গ্রামাদগ্নিমাহৃত্য পূর্ব্ববদগ্নিমাঘ্রাপয়েৎ ॥ ১১ ॥

আঘ্রাণেনাগ্নেরাত্মনি সমারোপলক্ষণমন্ত্রমাহ অয়ং তে যোনিরিতি। অয়ং প্রাণঃ তে তব অগ্নেঃ যোনিঃ উৎপত্তিস্থানম্ বায়োরগ্নিঃ ইতি শ্রুতেরনুভবাচ্চ। ঋত্বিজঃ ঋতুর্গর্ভাধানসময়ঃ প্রাপ্তোঽস্য ইতি বসন্তঃ সময়ঃ তদস্য প্রাপ্তম্ ইত্যধিকৃত্য ঋতোরণচ্ছন্দসি ঘস্। অগ্নেঃ প্রাণযোনিত্বে প্রমাণমাহ যত ইতি। জাতঃ সন্ যতঃ প্রাণাৎ অরোচথাঃ রুচিদীপ্তিমাপদ্যসে পিতুঃ সংযোগেনেব পুত্রঃ তেন তে প্রাণযোনিত্বমিতি গম্যতে। তং প্রাণঃ স্বযোনিং জানন্ অগ্নে! আরোহং মৎপ্রাণারূঢ়ো ভব মৎপ্রাণমাবিশেত্যর্থঃ। অথ প্রাণমাবিষ্টঃ সন্ নঃ অস্মাকং কুলে রয়িং ধনম্ ঐশ্বর্য্যং বর্দ্ধয় পোষয়েতি। পুত্রাদিশ্রেয়সে প্রার্থনামন্ত্রং ব্যাচষ্টে এষ হ বা ইতি। তৃতীয়ং পাদং ব্যাচষ্টে প্রাণং গচ্ছেতি। এতন্মন্ত্ররূপ-

যজেত" ইত্যাদি শতপথ ব্রাহ্মণীয় শ্রুতিতে উক্ত যাগ বিবৃত হইয়াছে। উক্ত যাগে সত্ত্ব, রজঃ ও তমঃ এই ধাতুত্রয় বৃদ্ধি পায়, এই নিমিত্তই উক্ত যাগের ত্রৈধাতব-নাম হইয়াছে। ১০ ॥

"বায়োরগ্নিঃ" ইত্যাদি শ্রুতি এবং অনুভববশত জানা যাইতেছে যে, হে অগ্নে! বায়ুই তোমার যোনি, অর্থাৎ উৎপত্তি স্থান। কারণ তুমিই ঋত্বিজ, অর্থাৎ গর্ভাধান সময় প্রাপ্ত হইয়া থাক। অগ্নির প্রাণ যোনিত্ব-বিষয়ে প্রমাণ প্রদর্শন করিতেছেন, যেমন পিতার সংযোগে পুত্র প্রকাশ পায়, সেইরূপ প্রাণ হইতে অগ্নি প্রকাশ পাইয়া থাকে। অতএব তুমিই প্রাণের কারণ বলিয়া প্রতীয়মান হইতেছে। হে অগ্নে! তুমি প্রাণকে জানিয়া আমার প্রাণারূঢ় হও। অনন্তর প্রাণাবিষ্ট হইয়া আমাদিগের কুলে ধন বৃদ্ধিকরত পোষণ কর, এই মন্ত্রে অগ্নির আঘ্রাণ করিবে। অন-

যদ্যগ্নিং ন বিন্দেদপ্সু জুহুয়াৎ আপো বৈ সর্ব্বা দেবতাঃ সর্ব্বাভ্যো দেবতাভ্যো জুহোমি স্বাহেতি হুত্বা উদ্ধৃত্য প্রাশ্নীয়াৎ সাজ্যং হবিরনাময়ং মোক্ষমন্ত্রঃ ত্রয্যেবং

মগ্নিং প্রতি গচ্ছ স্বাহেত্যেবমেব আহ প্রতিপাদয়তি। যদ্যনগ্নিকঃ স্যাৎ তদা ইষ্ট্যনধিকারাৎ কিং কার্য্যম্? অত আহ গ্রামাদিতি। পূর্ব্ববৎ অয়ং তে ইতি মন্ত্রেণ অত্রাপি সন্ন্যাসোপনিষদ্যুক্তো হোমবিধির্দ্রষ্টব্যঃ প্রাণাপানেত্যাদিনাপি হোমশ্চ ॥ ১১ ॥

ননু মহাবনাদৌ যদি সন্ন্যাসেচ্ছা স্যাৎ তদা তদহরেবেতি নিয়মবিধানাৎ তৎকালশ্চ অগ্ন্যলাভাৎ কিং কার্য্যম্? অত আহ যদ্যগ্নিং ন বিন্দেতি। আপো বা ইতি "আপো বা ইদমগ্র আসন্" ইতি শ্রুতেরপাং সর্ব্বদেবতাকারণত্বাৎ কার্য্যস্য চ কারণানতিরেকাদাপ এব সর্ব্বা দেবতাঃ। তত্র মন্ত্রঃ সর্ব্বাভ্য ইতি। হবিঃশেষস্য প্রতিপত্তিমাহ হুত্বেতি উদ্ধৃত্য পত্রাদ্গৃহীত্বা প্রাশ্নীয়াৎ ভুঞ্জীত সাজ্যম্ আজ্যসহিতং হবিঃ চরুম্। সন্ন্যাসস্য ফলমাহ অনাময়ং মোক্ষমন্ত্র ইতি। সন্ন্যাসো নিষ্প্রত্যূহমোক্ষোপায়

ন্তর পুত্রাদির শ্রেয়ঃ-সাধন মন্ত্রের ব্যাখ্যা করিতেছেন, এই অগ্নির যোনিস্বরূপ প্রাণ গমনকর, অর্থাৎ "অয়ং তে যোনি ঋত্বিজ" ইত্যাদি মন্ত্রে গ্রাম হইতে অগ্নি আহরণ করিয়া আঘ্রাণ করিবে। সন্ন্যাসোপনিষদে এইরূপ হোমবিধি দৃষ্ট আছে ॥ ১১ ॥

যদি কাহারও মহাবনাদিতে সন্ন্যাসেচ্ছা হয়, তাহাহইলে "সেই দিনেই অগ্ন্যাধ্যান করিবে" এইরূপ নিয়মহেতু সেই কালেই অগ্ন্যাধ্যান কর্ত্তব্য, কিন্তু তৎকালে অগ্নির অলাভে কি কর্ত্তব্য? এই অভিপ্রায়ে বলিতেছেন।—যদি অগ্নি লাভের সম্ভব না থাকে, তাহাহইলে জলেতে আহুতি প্রদান করিবে। "আপোহবা ইদমগ্র আসন" ইত্যাদি শ্রুতিতে জলই সর্ব্ব দেবতার কারণ বলিয়া উক্ত আছে এবং কার্য্যও কারণের অতিরিক্ত নহে; সুতরাং জলই সর্ব্বদেবস্বরূপ, অতএব অগ্নির অলাভে জলেতে আহুতিপ্রদান কর্ত্তব্য। জলেতে আহুতিপ্রদানের মন্ত্র এই,—

বদেৎ এতদ্‌ব্রহ্মৈতদুপাসিতব্যম্ এবমেবৈতদ্‌ভগবন্নিতি বৈ যাজ্ঞবল্ক্যঃ ॥ ১২ ॥

অথ হৈনমত্রিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যম্ পৃচ্ছামি ত্বা যাজ্ঞবল্ক্য! অযজ্ঞোপবীতি কথং ব্রাহ্মণ ইতি। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ ইদমেবাস্য তদযজ্ঞোপবীতং য আত্মা প্রাশ্যাচম্যায়ং বিধিঃ পরিব্রাজকানাম্ ॥ ১৩ ॥

ইত্যর্থঃ। তত্র প্রমাণমাহ ত্রয়্যেবং বদেদিতি। বেদত্রয়ী এব সন্ন্যাসিনামনাময়ং মোক্ষমন্ত্র ইত্যেবং বদেৎ বদতীত্যর্থঃ বেদেতি ক্বচিৎ পাঠঃ। এতদ্‌ব্রহ্মেতি এতম্ সন্ন্যাসলক্ষণবস্তু ব্রহ্ম জ্ঞাতব্যং ব্রহ্মপ্রাপ্তিহেতুত্বাৎ অতএব সন্ন্যাসানন্তরং ব্রহ্মেতি সন্ন্যাসিনং ব্যবহরন্তি। এতদুপাসিতব্যমিতি মোক্ষার্থিভিঃ এতৎ সন্ন্যাসরূপম্ উপাস্যম্ অঙ্গীকৃত্য ত্যাগেনৈকে অমৃতত্বমানশুঃ ইতি শ্রুতেঃ এবমেবৈতদিত্যাদি পূর্ব্ববৎ ॥ ১২ ॥

উপবীতত্যাগে ব্রাহ্মণসন্দেহং প্রশ্নপূর্ব্বকং নিরাকরোতি অথ হৈনমত্রিরিতি। উক্তং যজ্ঞোপবীতং কিমিত্যত আহ য আত্মেতি আত্মধ্যানে সর্ব্বং কর্ম্মফলমন্তর্ভূতমিত্যর্থঃ। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন—"ধ্যানমেব হি

"আমি সকল দেবতাকে হোম করিতেছি" এই বলিয়া স্বাহান্তমন্ত্রে হোম করিয়া পাত্র হইতে সাজ্য চরুগ্রহণপূর্ব্বক ভোজন করিবে। এই মোক্ষমন্ত্র অনাময়, অর্থাৎ এই মন্ত্রে উক্ত প্রকারে হোম করিলে নির্ব্বিঘ্নে মোক্ষলাভ হইতে পারে, ইহাই বেদে কথিত আছে। অতএব এই সন্ন্যাসলক্ষণ বস্তুভূত ব্রহ্মকে জানিবে, যেহেতু ব্রহ্মপরিজ্ঞানই মুক্তির হেতু; সুতরাং মোক্ষার্থীদিগের ব্রহ্মোপাসনা কর্ত্তব্য, যাজ্ঞবল্ক্য এইরূপ অঙ্গীকার করিয়া ব্রহ্মোপদেশ করিয়াছেন ॥ ১২ ॥

ব্রাহ্মণের উপবীত ত্যাগে প্রশ্নপূর্ব্বক সন্দেহ নিরাস করিতেছেন।—অত্রিনামা ঋষি যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়া বলিতেছেন, ভগবন্! আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, ব্রাহ্মণের যজ্ঞোপবীত কি? যাজ্ঞবল্ক্য কহিলেন, যিনি আত্মা, তিনিই ব্রাহ্মণের যজ্ঞোপবীত, সকল কর্ম্মফলই

বীরাধ্বানে বা অনাশকে বা অপাং প্রবেশে বা অগ্নি-প্রবেশে বা মহাপ্রস্থানে বা ॥ ১৪ ॥

জন্তুনাং কারণং বন্ধমোক্ষণে" ইতি। শঙ্কাং নিবর্ত্ত্য প্রাশ্নীয়াদিতি পূর্ব্বোক্ত মনুসরতি প্রাগ্যাচম্যেতি। প্রাশনমনূদ্যাচমনে বিধিঃ আচম্য অগ্নিমাঘ্রাপয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ। অগ্ন্যভাবে জলমেবোপসংহরতি অয়ং বিধিঃ পরিব্রাজকানামিতি এবং পরিব্রজ্যা কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ১৩ ॥

ইমং বিধিং পঞ্চস্বতিদিশতি বীরাধ্বানে বেত্যাদিনা। বাশব্দপঞ্চকং সমুচ্চয়ে। এতেষ্বপি পঞ্চসু যথাধিকারম্ অয়ম্ ইষ্ট্যাদিবিধিঃ। তে চোক্তা আদিত্যপুরাণে—"সমাযুক্তো ভবেদ্‌যস্তু পাতকৈর্ম্মহদাদিভিঃ। দুশ্চিকিৎস্যৈর্ম্মহারোগৈঃ পীড়িতো বা ভবেত্তু যঃ। স্বয়ং দেহবিনাশস্য কালে প্রাপ্তে মহামতিঃ। অব্রাহ্মণো বা স্বর্গাদিমহাফলজিগীষয়া ॥ প্রবিশেজ্জ্বলনং দীপ্তং করোত্যনশনং তথা। অগাধতোয়রাশিং বা ভৃগোঃ পতনমেব বা ॥ গচ্ছেন্মহাপথং বাপি তুষারগিরিমাদরাৎ। প্রয়াগবট-শাখাগ্রাৎ দেহত্যাগং করোতু বা ॥ উত্তমান্ প্রাপ্নুয়াল্লোকান্ নাত্মঘাতী

এই আত্মধ্যানের অন্তর্ভূত। যাজ্ঞবল্ক্য কহিয়াছেন, আত্মধ্যানই জন্তুগণের বন্ধমোক্ষের কারণ, অতএব শঙ্কা নিবৃত্তি করিয়া শেষপ্রাশনপূর্ব্বক আচমন করিবে এবং আচমনান্তে পূর্ব্ববৎ অগ্নির আঘ্রাণ করিতে হইবে। অগ্নির অভাবে জলেই এই কার্য্য করিবে, ইহাই পরিব্রাজকদিগের বিধি এবং অবশ্য সন্ন্যাস কর্ত্তব্য ॥ ১৩ ॥

বীরাধ্বানাদি পঞ্চ উক্ত বিধির অতিদেশ করিতেছেন, অর্থাৎ বীরাধ্বানে, অনাশকে, জলমধ্যে, অগ্নিপ্রবেশে ও মহপ্রস্থানেই এই যজ্ঞাদিবিধি নিরূপিত আছে। আদিত্যপুরাণে যে উক্ত বীরাধ্বানাদি পঞ্চ উক্ত আছে, তাহা এই—যে ব্যক্তি মহাপাতকসমাযুক্ত হইয়া দুশ্চিকিৎস্য মহারোগে প্রপীড়িত হয়, দেহ বিনাশের কাল উপস্থিত হইলে সেই ব্যক্তি অব্রাহ্মণ হইলেও স্বর্গাদি মহাফল কামনায় প্রদীপ্ত অগ্নিতে প্রবেশ করিবে অথবা অনশন করিবে, কিম্বা উচ্চ স্থান হইতে পতিত হইয়া

তবেৎ ক্বচিৎ। মহাপাপক্ষয়াৎ সদ্যো দিব্যান্ ভোগান্ সমশ্নুতে॥ এতেষামধিকারস্তু তপসাং সর্ব্বজন্তুষু। নরাণামথ নারীণাং সর্ব্ববর্ণেষু সর্ব্বদা॥" ইতি। বীরাধ্বানে অগ্নিপুরাণে ফলমুক্তম্—"যস্তু শাস্ত্রমনুস্মৃত্য বীর্য্যবান্ বাহিনীমুখে। সম্মুখে বর্ত্ততে শূরঃ স স্বর্গান্ন নিবর্ত্ততে। বীরশয্যা চ বীরাধ্বা বীরস্থানস্থিতিঃ স্থিরা॥" ইতি। অধ্বানশব্দোঽধ্বপর্য্যায়ঃ। অনাশকে ফলমুক্তং ভবিষ্যোত্তরে—"সমাঃ সহস্রাণি তু সপ্ত বৈ জলে দশৈকমগ্নৌ পতনে চ ষোড়শ। মহাহবে ষষ্টিরশীতি গোগ্রহে অনাশকে ভারত! চাক্ষয়া গতিঃ।" ইতি। অনেনাপাং প্রবেশে অগ্নিপ্রবেশে বা ফলমুক্তম্। মহাপ্রস্থানে ব্রহ্মপুরাণোক্তং ফলমাহ—"মহাপ্রস্থানযাত্রা তু কর্ত্তব্যা নিহিতোপরি। আশ্রিত্য সত্যং ধৈর্য্যঞ্চ সদ্যঃ স্বর্গপ্রদা চ সা॥" ইতি॥ ১৪॥

প্রাণত্যাগ করিবে, মহাপথে গমন করিবে, হিমালয় গিরির শিখা অ[illegible] করিবে, অথবা প্রয়াগে বটশাখার অগ্র হইতে পতিত হইয়া প্রাণত্যাগ করিবে। এইরূপ করিলে সর্ব্বপাপ হইতে পরিত্রাণ পাইয়া উত্তমলোক লাভ করিতে পারে, কিন্তু কদাচ আত্মঘাতী হইবে না। পূর্ব্বোক্ত কার্য্যসমূহদ্বারা মহাপাতকের ক্ষয় হইলে তৎক্ষণাৎ দিব্য ভোগলাভ হয়। উক্তরূপ তপস্যাতে নর-নারীপ্রভৃতি সর্ব্ব জন্তুরই অধিকার আছে। বীরাধ্বানে অগ্নিপুরাণে ফল উক্ত আছে যে, বীর্য্যবান্ ব্যক্তি শাস্ত্রানুসারে সেনাগণের সম্মুখে বর্ত্তমান থাকিয়া প্রাণত্যাগ করে, সেই শূর স্বর্গ হইতে নিবৃত্ত হয় না, ইহাকেই বীরাধ্বান, বীরশয্যা, বীরস্থান বা বীরস্থিতি বলে। অনাশকবিষয়ে ভবিষ্যোত্তরে যে ফল উক্ত আছে, তাহা এই—অনশনে প্রাণত্যাগই অনাশক-নামে খ্যাত। জলপ্রবেশে সপ্তসহস্র বর্ষ, অগ্নিপ্রবেশে একাদশসহস্র বর্ষ, উচ্চস্থান হইতে পতনে ষোড়শসহস্র বর্ষ, মহাযজ্ঞে ষষ্টিসহস্র বর্ষ, গোগ্রহে মরণে [illegible]তিবর্ষ এবং অনশনে প্রাণত্যাগে অনন্ত কাল সদ্গতি লাভ হয়। ইহাতে জলপ্রবেশে এবং অগ্নিপ্রবেশের ফল উক্ত হইল। ব্রহ্মপুরাণে যে মহাপ্রস্থানের ফল উক্ত আছে, তাহা এই—মহাপ্রস্থানযাত্রা অবশ্য কর্ত্তব্য, যেহেতু উক্ত প্রস্থানে মৃত্যু ও ধৈর্য্য আশ্রয় করিলে সদ্যঃ স্বর্গফল প্রদান করে॥ ১৪॥

অথ পরিব্রাড্‌বিবর্ণবাসা মুণ্ডোঽপরিগ্রহঃ শুচিরদ্রোহী ভৈক্ষণো ব্রহ্মভূয়ায় ভবতীতি। যদ্যাতুরঃ স্যান্মনসা বাচা সন্ন্যসেৎ ॥ ১৫ ॥

এষ পন্থা ব্রহ্মণা হানুচিতঃ তেনৈবৈতি সন্ন্যাসো ব্রহ্ম বিদিত্যেবমেবৈষ ভগবন্ যাজ্ঞবল্ক্য ॥ ১৬ ॥

আনুষঙ্গিকমুক্ত্বা প্রকৃতপরিব্রাজমাহ অথ পরিব্রাড়িতি। বিবর্ণং গৈরিকাদিনা ত্যক্তস্বাভাবিকবর্ণং বাসো যস্য স বিবর্ণবাসাঃ মুণ্ডঃ মুণ্ডিত-শিরাঃ। অত্রামতোঽপি ক্বচিৎ পাঠঃ অপরিগ্রহ ইতি স্ত্রিয়া সন্ন্যাসিনা সহ ন গন্তব্যমিত্যর্থঃ। শুচিঃ বাহ্যাভ্যন্তরশৌচবান্ ভৈক্ষণঃ নিত্যমাগম-নমিতি কামনশব্দবৎ যুঙ্গভাবঃ সার্থিকোঽণ্। ব্রহ্মভূয়ায় ব্রহ্মভাবায় ভবতি সম্পদ্যতে। নানেনানশনাদিনা পূর্ব্ববদ্দেহস্ত্যাজ্যঃ। আতুরসন্ন্যাস-বিধিমাহ যদীতি। বাঙমনসয়োরেব সামর্থ্যাদৈহিকসামর্থ্যাভাবাৎ ॥ ১৫ ॥

সন্ন্যাসমার্গস্য কল্পিতত্বশঙ্কাং নিরাকরোতি এষ পন্থা ইতি। ব্রহ্মণা বিরিঞ্চিনা হ প্রসিদ্ধৌ অনুচিতঃ বোধিতঃ তেন মার্গেণ এতি প্রাপ্নোতি

ইতিপূর্ব্বে আনুষঙ্গিক পরিব্রজ্যা নিরূপণ করিয়া এইক্ষণ প্রকৃত পরিব্রাজকতা নিরূপণ করিতেছেন।—যাহারা পরিব্রজ্যা, অর্থাৎ সন্ন্যাস আশ্রয় করিবে, তাহারা গৈরিকাদিদ্বারা কষায়িতবস্ত্র পরিধান করিয়া মস্তকমুণ্ডনপূর্ব্বক অপরিগ্রহ হইবে, অর্থাৎ স্ত্রীপুত্রাদির সংসর্গ পরিত্যাগ করিবে, অনন্তর বাহ্য ও অন্তঃশুদ্ধি সাধনপুরঃসর দ্রোহ পরিত্যাগ করিবে এবং নিয়ত লোকসমাগমশূন্য হইয়া ব্রহ্মোপাসনা করিলে সেই ব্যক্তি ব্রহ্ম-ভাব প্রাপ্ত হইয়া থাকে। এইরূপ উপাসনাতে অনশনাদিদ্বারা দেহ-ত্যাগ করিতে হয় না। আতুর ব্যক্তি কেবল বাক্যেও মনে সন্ন্যাস আশ্রয় করিবে। তাহাদিগের অন্য সামর্থ্যাভাবহেতু কেবল বাক্য ও মনদ্বারা উপাসনা করিলেই কার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥ ১৫ ॥

সন্ন্যাসপন্থা কল্পিত কি না? এই আশঙ্কা নিবারণ করিতেছেন।—এই সন্ন্যাসপন্থা ব্রহ্মাকর্ত্তৃক বোধিত হইয়াছে, আর এই সন্ন্যাস আশ্রয়

তত্র পরমহংসা নাম সংবর্ত্তকারুণিশ্বেতকেতু-দুর্ব্বাসা-ঋভু-নিদাঘ জড়-ভরত-দত্তাত্রেয়-রৈবতক-প্রভৃতয়োঽব্যক্ত-লিঙ্গা অব্যক্তাচারা অনুন্মত্তা উন্মত্তবদাচরন্তঃ ॥ ১৭ ॥

ত্রিদণ্ডং কমণ্ডলুং শিক্যং জলপবিত্রং পাত্রং শিখাং

সন্ন্যাসী ব্রহ্ম সচ্চিদানন্দাখ্যং কথং ভূতঃ? বিৎ তত্ত্ববেত্তা ইতি উপদেশ-সমাপ্তৌ এবমেব এষঃ অর্থঃ। যাজ্ঞবল্ক্যেতি অত্রেরঙ্গীকারবাক্যম্। সবিসর্গপাঠে এবমেবৈষোঽর্থ ইতি যাজ্ঞবল্ক্যোক্তমিতি শ্রুতের্ব্বচঃ ॥ ১৬ ॥

পরমহংসসন্ন্যাস এব নাস্তীতি বিপ্রতিপন্নং প্রতি সৎসম্প্রদায়ং দর্শয়তি অত্রেতি। সংবর্ত্তকাদয়োঽষ্টৌ পুরাণপ্রসিদ্ধাঃ। অরুণস্যাপত্যং শ্বেতকেতুঃ। প্রভৃতিগ্রহণাৎ ইতরে পঞ্চবৃষভদেবাদয়ঃ। অব্যক্তানি লিঙ্গানি উপবীতাদিনি যেষাং তে অব্যক্তলিঙ্গাঃ অব্যক্তঃ আশ্রমাবিরুদ্ধঃ আচারো যেষাং তে অব্যক্তাচারাঃ। তদেবাহ উন্মত্তবদিতি যথা দত্তাত্রেয়স্য মদিরাস্ত্রীনিষেবণাদি ॥ ১৭ ॥

ত্রিদণ্ডী যদা পরমহংসপদবীমধিতিষ্ঠতি তদা দণ্ডাদীনাং কা প্রতি-

করিয়াই সন্ন্যাসীরা সচ্চিদানন্দ ব্রহ্মকে লাভ করিয়া থাকেন এবং সর্ব্ববেত্তা হইতে পারেন। অতএব জানা যায় যে, এই সন্ন্যাসপন্থা পরিকল্পিত নহেন। অত্রিমুনি যাজ্ঞবল্ক্যের এইরূপ উপদেশ শ্রবণ করিয়া ভগবন্ যাজ্ঞবল্ক্য! এইরূপ সম্বোধনদ্বারা উক্ত উপদেশ স্বীকার করিলেন। ১৬ ॥

পুনর্ব্বার সন্ন্যাসের কল্পিতত্বশঙ্কা নিবারণার্থ পরমহংস সম্প্রদায় প্রদর্শন করিতেছেন।—সম্বর্ত্তক, অরুণতনয় শ্বেতকেতু, দুর্ব্বাসা, ঋভু, নিদাঘ, জড়ভরত, দত্তাত্রেয় এবং রৈবতক, এই অষ্ট পরমহংস পুরাণপ্রসিদ্ধ। তদ্ভিন্ন পরমহংস সম্প্রদায় ছিল। ইহারা অব্যক্তলিঙ্গ, অর্থাৎ ইহাদিগের মধ্যে কতিপয় আশ্রমবিহিত যজ্ঞোপবীতাদি ধারণ করিতেন এবং অনুন্মত্ত ছিলেন। আর কতিপয় উন্মত্তের ন্যায় ছিলেন, দত্তাত্রেয় সুরা ও স্ত্রী সেবন করিতেন ॥ ১৭ ॥

পরমহংসগণ ত্রিদণ্ড, কমণ্ডলু, শিক্য, অর্থাৎ দ্রব্য রক্ষার্থ রজ্জুনির্ম্মিত

যজ্ঞোপবীতঞ্চ ইত্যেতৎ সর্ব্বং ভূস্বাহেত্যপ্সু পরিত্যজ্যাত্মানমন্বিচ্ছেৎ ॥ ১৮ ॥

যথা জাতরূপধরো নির্গ্রন্থো নিষ্পরিগ্রহঃ তত্তদ্ব্রহ্মমার্গে সম্যক্ সম্পন্নঃ শুদ্ধমানসঃ প্রাণসন্ধারণার্থং যথোক্তকালে বিমুক্তো ভৈক্ষমাচরন্ উদরপাত্রেণ লাভালাভয়োঃ সমোভূত্বা শূন্যাগার-দেবগৃহ তৃণ-কূট-বল্মীকবৃক্ষমূল কুলালশালাগ্নিহোত্রগৃহ-নদীপুলিনগিরিকুহরকন্দরকোটরনির্জ্জরস্থণ্ডিলেষু তেষ্বনিকেতবাস্যপ্রযত্নো নির্ম্মমঃ শুক্লধ্যানপরায়ণোঽধ্যাত্মনিষ্ঠোঽশুভকর্ম্মনির্মূলনপরঃ সন্ন্যাসেন

পত্তিঃ? অত আহ ত্রিদণ্ডমিতি। ত্রয়াণাং দণ্ডানাং সমাহারঃ পাত্রাদি জলপবিত্রং জলশোধিতং বস্ত্রম্। চকারাৎ কুণ্ডিকাচমসত্রিবিষ্টাধ্বকোপানৎকন্থাকৌপীনস্নানবস্ত্রাদ্যুত্তরাসঙ্গানাং গ্রহণম্ ॥ ১৮ ॥

যথাজাতরূপধরঃ যথাজাতো নির্ব্বস্ত্রঃ তথারূপস্য ধরো ধর্ত্তা সম্পন্নঃ কুশলঃ যথোক্তকালে "নিবৃত্তে ধূমসঞ্চারে মন্দীভূতে দিবাকরে" ইত্যাদি স্মৃত্যুক্তে কালে বিমুক্তঃ অপ্রতিবন্ধঃ অথবা জীবন্মুক্তঃ। তস্য স্থানান্যাহ

আধার (শিকা) জলবিশুদ্ধ পাত্র, অর্থাৎ কুণ্ডিকাচমশাদি এবং কন্থা, কৌপীন, উত্তরীয় বস্ত্রপ্রভৃতি শিখা ও যজ্ঞোপবীত এই সমুদায় "ভূঃ স্বাহা" এই মন্ত্রে জলেতে নিক্ষেপ করিয়া আত্মানুসন্ধান করিবে ॥ ১৮ ॥

যিনি জন্মকালীন রূপধারী, অর্থাৎ নির্ব্বস্ত্র, গ্রন্থালোচনাবিহীন হইয়া পরিগ্রহপরিত্যাগপূর্ব্বক পূর্ব্বোক্ত ব্রহ্মমার্গে সম্যক্ সম্পন্ন ও শুদ্ধচিত হইয়া প্রাণধারণার্থ যথাবিহিতকালে উদরপূরণোপযোগী ভিক্ষাচরণকরতঃ লাভালাভে সমজ্ঞানী হইয়া শূন্যাগার, দেবগৃহ, পর্ণশালা, বল্মীক, বৃক্ষমূল, কুলালশালা, অগ্নিহোত্রগৃহ, নদীপুলিন, গিরিকুঞ্জর, কন্দর, কোটর, নির্ঝর ও স্থণ্ডিল, এই সকল স্থানে বাস করিয়া যত্নশীল, নির্ম্মল, ব্রহ্মধ্যানতৎপর ও অধ্যাত্মনিষ্ঠ হইয়া শুভাশুভকর্ম্ম সমূলে পরিত্যাগপূর্ব্বক

দেহত্যাগং করোতি স পরমহংসো নাম পরমহংসো নামেতি ॥ ১৯ ॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদীয় জাবালোপনিষৎ সমাপ্তা ॥

শূন্যেতি শুক্লং ব্রহ্ম তচ্চিন্তনপরঃ। অশুভেতি শুভস্যাপ্যুপলক্ষণম্ সন্ন্যাসেন দেহত্যাগং করোতি ন বীরাধ্বানাদিনা। স পরমহংসো নাম প্রসিদ্ধঃ সেতি শব্দাৎ দ্বিরুক্তিঃ সমাপ্তর্থা ॥ ১৯ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং জাবালস্য প্রদীপিকা ॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদে জাবালোপনিষদো-দীপিকা সম্পূর্ণা।

সন্ন্যাসদ্বারা দেহত্যাগ করেন, তিনিই পরমহংসশব্দের প্রতিপাদ্য। উপনিষদাদিতে অধ্যায় সমাপ্তিকালে অন্তবাক্য বারদ্বয় উচ্চারণ করিতে হয়, এই নিমিত্ত "পরমহংসোনাম" এই বাক্য বারদ্বয় লিখিত হইয়াছে ॥ ১৯ ॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদীয় জাবালোপনিষৎ সমাপ্ত ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

শুক্ল-যজুর্ব্বেদীয়-

পরমহংসোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক

সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগ্বাজার, ৮৪ নং, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্; নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আষাঢ়।

(*All rights reserved.*)

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ

শুক্ল-যজুর্ব্বেদীয়-

পরমহংসোপনিষৎ

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

অথ যোগিনাং পরমহংসানাং কোঽয়ং মার্গঃ? তেষাং কা স্থিতিঃ? ইতি নারদো ভগবন্তমুপগম্যোবাচ। তং ভগবানাহ ॥ ১ ॥

ওঁ বুদ্ধাত্মা পরমো হংসস্তস্যোপনিষদুচ্যতে।
ত্রিখণ্ডাথর্ব্বশিখরে চত্বারিংশত্তমী মতা ॥

সন্ন্যাসোপনিষদি পরমহংসসন্ন্যাস উক্তঃ হংসোপনিষদি চ যোগ উক্তঃ তত্র প্রাপ্তযোগস্য জ্ঞানিনঃ কীদৃশী লোকে স্থিতিঃ? ইতি সন্দিহ্যতে। যদুক্তম্—'স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা? সমাধিস্থস্য কেশব!। স্থিতধীঃ কিং প্রভাষেত? কিমাসীত? ব্রজেত কিম্?॥" ইতি। তথাচ পামরত্ব-

---

সন্ন্যাসোপনিষদে পরমহংসলক্ষণ ও সন্ন্যাসলক্ষণ এবং হংসোপনিষদে যোগলক্ষণ উক্ত হইয়াছে, এইক্ষণ প্রাপ্তযোগ জ্ঞানী ব্যক্তি ইহলোকে কিরূপে অবস্থিতি করিবে? এই সন্দেহ হইতেছে, ভগবদ্গীতায় অর্জ্জুন শ্রীকৃষ্ণের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন, যাহার প্রজ্ঞা স্থির হইয়াছে, তাহার ভাষা কিরূপ? হে কেশব! যিনি সমাধিস্থ তাঁহারই বা কিরূপ ভাষা? যিনি স্থিরবুদ্ধি, তিনি কিরূপ ভাষা প্রয়োগ করেন? কিরূপে

শঙ্কয়া অবজ্ঞা স্যাৎ ততো মহান্ প্রত্যবায় ইত্যেতৎ স্বরূপজ্ঞানার্থং পরমহংসোপনিষদারভ্যতে। যোগঃ চিত্তবৃত্তিনিরোধঃ তদ্বন্তো যোগিনঃ পরমহংসাশ্চ উৎপন্নতত্ত্বজ্ঞানাঃ তত্র নিরুদ্ধচিত্তোঽপ্যণিমাদিসিদ্ধিষু বিযুক্তিদশায়াং সমাসক্তঃ সন্ আত্মনি সংলীনো বিপর্য্যস্তশ্চ পরমপুরুষার্থাদ্ ভ্রশ্যতীতি পরমহংসপদং পরমহংসশ্চ বিবেকেনৈশ্বর্য্যেষ্বসারতাং বুদ্ধা বিরজ্যতি। তদুক্তম্—"চিদাত্মন ইমা ইত্থং প্রস্ফুরন্তীহ শক্তয়ঃ। ইত্যস্যাশ্চর্য্যজালেষু নাভ্যুদেতি কুতূহলম্॥" ইতি। পরমহংসো বিদ্যাবলেন বিধিনিষেধান্ লঙ্ঘয়তি ততঃ শিষ্টবিজ্ঞানং স্যাৎ। তদুক্তম্—"সর্ব্বে ব্রহ্ম বদিষ্যন্তি সম্প্রাপ্তে তু কলৌ যুগে। নানুতিষ্ঠন্তি মৈত্রেয়! শিশ্নোদরপরায়ণাঃ" ইতি। তদর্থং যোগিগ্রহণম্ অধিকারপ্রাপ্তনিষ্কামকর্ম্মানু-

বাস করেন এবং কিরূপ স্থানে গমন করেন? স্থিতপ্রজ্ঞদিগের যথেচ্ছাচার দর্শনে যদি তাহাদিগের পামরত্ব শঙ্কা হয়, তাহাহইলে মহা প্রত্যবায়ের সম্ভব, অতএব পরমহংসদিগের স্বরূপপরিজ্ঞানার্থ পরমহংসোপনিষদের আরম্ভ হইতেছে। চিত্তবৃত্তির নিরোধই যোগ, যাহার চিত্ত বৃত্তির নিরোধ হইয়াছে, তিনিই যোগী এবং যাহাদিগের তত্ত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাঁহারাই পরমহংস। এই পরমহংসদিগের মধ্যে নিরুদ্ধচিত্ত ব্যক্তিও বিযুক্তিদশায় অণিমাদি সিদ্ধিবিষয়ে সমাশক্ত হইয়া কেহ আত্মাতে লীন হয়েন এবং কেহ বা বিপর্য্যস্ত হইয়া পরমপুরুষার্থ হইতে ভ্রষ্ট হয়েন, এই নিমিত্তই পরমহংসপদাশ্রয় কর্ত্তব্য। যাঁহারা পরমহংস, তাঁহারা বিবেকদ্বারা ঐশ্বর্য্যের অসারতা জানিয়া তাহা হইতে বিরক্ত হন। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, সর্ব্বদাই চিদাত্মার শক্তি প্রকাশ পাইতেছে, অতএব ঐন্দ্রজালিকবৎ সংসারে জ্ঞানিগণের কুতূহল জন্মে না। আর যিনি পরমহংস, তিনি বিদ্যাবলে যে বিধিনিষেধ লঙ্ঘন করেন, তাহাতে শিষ্টবিজ্ঞান হইয়া থাকে। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, কলিযুগ উপস্থিত হইলে সকলেই বাক্যে ব্রহ্ম বলিবে, কিন্তু তাহারা শিশ্নোদরপরায়ণ হইয়া ব্রহ্মানুষ্ঠান করিবে না। এই নিমিত্তই যোগী পরমহংসদিগের পন্থা কি? এইরূপ প্রশ্ন হইয়াছে। বিশেষতঃ অধিকারপ্রাপ্ত নিষ্কাম

ষ্ঠানমপি যোগ এব। বিশেষণদ্বয়েন স্থিতপ্রজ্ঞত্বগুণাতীতত্বাসঙ্গত্বাদয়োঽপি বিশেষা দর্শিতাঃ। যদুক্তং প্রশ্নপ্রতিবচনাভ্যাং বাশিষ্ঠে—"এবং স্থিতে হি ভগবন্ জীবন্মুক্তস্য সম্মতঃ। অপূর্ব্বাতিশয়ঃ কোঽসৌ ভবত্যাত্মবিদাম্বর!॥" বশিষ্ঠ-উবাচ—নাস্য কস্মিংশ্চিদেবাংশে ভবত্যতিশয়েন ধীঃ। নিত্যতৃপ্তঃ প্রশান্তাত্মা স আত্মন্যেব তিষ্ঠতি॥ মন্ত্রসিদ্ধৈস্তপঃ সিদ্ধৈর্যোগসিদ্ধৈশ্চ ভূরিশঃ। কৃতমাকাশযানাদি তত্র কা স্যাদপূর্ব্বতা॥ এক এব বিশেষোঽস্য ন সমো মূঢ়বুদ্ধিভিঃ। সর্ব্বত্রাস্থাপরিত্যাগঃ সদা নির্ব্বাসনং মনঃ॥ এতাবদেব খলু লিঙ্গমলিঙ্গমূর্ত্তেঃ সংশান্তসংসৃতিচিরভ্রমনির্বৃতস্য। জ্ঞস্য যন্মদনকোপবিষাদমোহলোভাপদামনুদিনং নিপুণং তনুত্বম্॥" ইতি। কো মার্গ ইতি প্রষ্টব্যে অয়মিতি বচনমদৃষ্টপূর্ব্বং প্রত্যক্ষতো দর্শয় ইতি প্রশ্নার্থম্। প্রকৃতান্বয়েনৈব সিদ্ধে পুনস্তেষামিতি বচনং গৌরবার্থম্। নারদঃ ব্রহ্মপুত্রো দেবর্ষিঃ ভগবন্তং সনৎকুমারং স হি নারদায় শোকতরণায় ভূমানমুপদিষ্টবান্। যথা ছন্দোগানামাম্নাতমধীহি ভগব!

কর্ম্মানুষ্ঠানই যোগ; সুতরাং যোগী ও পরমহংস এই বিশেষণদ্বয়দ্বারা জানা যাইতেছে যে, যাহারা স্থিতপ্রজ্ঞ, গুণাতীত ও অসঙ্গ, এইরূপ যোগী পরমহংসদিগের পন্থা কি? ইহাই প্রশ্ন। বশিষ্ঠসংহিতায় প্রশ্নোত্তরপ্রসঙ্গে লিখিত আছে যে, বশিষ্ঠকে মৈত্রেয় জিজ্ঞাসা করিয়াছিলেন, ভগবন্! আপনি আত্মজ্ঞানিদিগের মধ্যে শ্রেষ্ঠ; অতএব জীবন্মুক্ত ব্যক্তির কি আতিশয্য আছে, তাহা কীর্ত্তন করুন। বশিষ্ঠ বলিলেন, যাহারা জীবন্মুক্ত তাহাদিগের কোন বিষয়ে বিশেষ অনুরাগ জন্মে না, তাঁহারা নিত্যতৃপ্ত, প্রসন্নাত্মা এবং সর্ব্বদা আত্মনিষ্ঠ হইয়া থাকেন। যাঁহারা মন্ত্রসিদ্ধ, তপঃসিদ্ধ এবং যোগসিদ্ধ, তাঁহারা যে আকাশমার্গে গমন করিতে পারেন, তাহা আশ্চর্য্য নহে। জীবন্মুক্তের ইহাই বিশেষ যে, তাহারা মূঢ়বুদ্ধিদিগের তুল্য নহে, জীবন্মুক্তেরা সকল বিষয়ে আস্থা পরিত্যাগ করিয়া সর্ব্বদা নির্ব্বিষণ্ণচিত্তে থাকেন। আর ইহাই জ্ঞানিগণের বিশেষ চিহ্ন যে, তাহাদিগের সংসারমায়া ও ভ্রমের নিবৃত্তি হইয়াছে এবং যাহারা মূঢ়বুদ্ধি তাহাদিগের মদনকোপ, বিষাদ, মোহ ও লোভাদিহেতু নিয়তই

যোঽয়ং পরমহংসমার্গো লোকেষু দুর্লভতরো ন তু

ইতি হো মসসাদ সনৎকুমারং নারদঃ ইত্যারভ্য "তস্মৈ মৃদিতকষায়ায় তমসঃ পারং দর্শয়তি ভগবান্ সনৎকুমারঃ" ইত্যন্তেন। স ততো লব্ধ-সাক্ষাৎকারো মার্গস্থিতী পৃচ্ছতি বিজ্ঞানদার্ঢ্যায় উপগম্য ন্যায়েনোপসন্নঃ সন উবাচ পৃপ্রচ্ছ। উত্তরোপক্রমঃ তমিতি আহ ব্রবীতি কালসামান্যে লট্ ॥ ১ ॥

শ্রদ্ধাতিশয়ায় প্রশংসামাহ যোঽয়মিতি। যঃ পৃষ্টঃ সোঽয়ং মনসি স্ফুরন্ পরমকাষ্ঠাং প্রাপ্তস্য বৈরাগ্যাদ্দৃষ্টচরত্বাৎ দুর্লভতরত্বম্। অত্যন্তাসত্ত্বমাশঙ্ক্যাহ নত্বিতি বাহুল্যমস্যাস্তীতি বাহুল্যঃ শীঘ্রাদ্যচ্। অয়ং মার্গো হি দুর্লভশ্চেন্নাদর্তব্যঃ "অতিক্লেশেন যে হ্যর্থা অনর্থাস্তে মতা মম।" ইতি ন্যায়াদিত্যাশঙ্ক্যাহ যদীতি। "মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্যততি সিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥" ইতি ন্যায়েন যদ্যেকঃ কশ্চিদ্ ভবতি পুরুষধৌরেয়ঃ। যথা জাবালোপনিষদ্যুক্তং "তত্র পরম-হংসা নাম সংবর্ত্তকারুণি-শ্বেতকেতু-দুর্ব্বাস ঋভু-নিদাঘ-জড়ভরত-দত্তাত্রেয়-

---

লঘুত্ব প্রকাশ পায়। এইক্ষণ যোগী পরমহংসদিগের পন্থা কিরূপ? তাহারা কিরূপে অবস্থান করিবে? ইহা ব্রহ্মতনয় দেবর্ষি নারদ সনৎকুমার ঋষির নিকট জিজ্ঞাসা করিলে, ভগবান্! সনৎকুম নারদের শোকাপনয়-নার্থ বলিতেছেন ॥ ১ ॥

পূর্ব্বোক্ত প্রশ্নে শ্রদ্ধাতিশয়ার্থ প্রশংসা করিতেছেন।—যে পরমহংস-মার্গ জিজ্ঞাসিত হইয়াছে, তাহা লোকে অতি দুর্লভ। যদি এই পরম-হংসমার্গ অতি দুর্লভ হইল, তাহাহইলে লোকের অনাদর হইতে পারে, কারণ যে অর্থ অতি ক্লেশসাধ্য, তাহা অনর্থমধ্যে পরিগণিত। বাস্তবিক ইহার যদিও বাহুল্য হউক, তথাপি অনাদরণীয় নহে। সহস্র সহস্র মনুষ্যের মধ্যে কোন কোন ব্যক্তি সিদ্ধির নিমিত্ত যত্ন করিয়া থাকে, পরন্তু সেই যত্নশীল ব্যক্তিদিগের মধ্যেও কোন ব্যক্তিমাত্র আমাকে যথার্থরূপে জানিতে পারে। এই ন্যায়ানুসারে এক ব্যক্তিও যদি কৃতকার্য্য হইতে

বাহুল্যোঽপি যদ্যেকোঽপি ভবতি স এব নিত্যপূতস্থ ইতি স এব বেদপুরুষ ইতি বিদুষো মন্যতে ॥ ২ ॥

রৈবতক-প্রভৃতয়োঽব্যক্তলিঙ্গা অব্যক্তাচারা অনুন্মত্তা উন্মত্তবদাচরন্ত" ইতি। স এব নিত্যপূতঃ পরমাত্মা তত্র তিষ্ঠতি নিত্যপূতস্থঃ স এব ন কেবলো যোগী নাপি কেবলঃ পরমহংসঃ স এব বেদপুরুষঃ বেদপ্রতিপাদ্যঃ পুরুষো ব্রহ্মেতি বিদুষঃ বিদ্বাংসঃ ব্রহ্মানুভবচিত্তবিশ্রান্তিপ্রতিপাদকশাস্ত্র-পারঙ্গতাঃ মন্যতে বচনব্যত্যয়ঃ। তস্য ব্রহ্মনিষ্ঠত্বস্তু অন্যেঽপি মন্যন্তে বিদ্বাংসস্তু ব্রহ্মত্বমেব মন্যন্তে! তথাচ স্মৃতিঃ—"দর্শনস্পর্শনে হিত্বা স্বয়ং কেবলরূপতঃ। যস্তিষ্ঠতি স তু ব্রহ্ম! ব্রাহ্মণো ব্রহ্মবিৎ স্বয়ম্ ॥" ইতি। ন তু বাহুল্যোঽপি যদ্যেকোঽপি ইত্যপিশব্দদ্বয়মার্গ্যপাঠে দৃশ্যতে তত্র পদার্থে অপিশব্দাবল্পতাং দ্যোতয়তঃ ॥ ২ ॥

পারে, তাহাহইলেই উক্ত উপদেশ সার্থক বলিয়া জ্ঞান করা যায়, জাবালোপনিষদে লিখিত আছে যে, সংবর্ত্তক, অরুণতনয় শ্বেতকেতু, দুর্ব্বাসা, ঋভু, নিদাঘ, জড়ভরত, দত্তাত্রেয়, রৈবতকপ্রভৃতিরাই পরমহংস, ইহাদিগের মধ্যে কতিপয় অব্যক্তলিঙ্গ ও অব্যক্তাচার এবং কতিপয় অনুন্মত্ত এবং কতিপয় উন্মত্তবৎ। উক্ত পরমহংসদিগের মধ্যে যদি এক ব্যক্তিও সিদ্ধিলাভ করিতে পারে, তাহাহইলে সেই ব্যক্তিই নিত্য পূতস্থ, অর্থাৎ পরমাত্মনিষ্ঠ হইয়া থাকে এবং সে যে কেবল যোগী ও পরমহংস, এমত নহে, বেদপ্রতিপাদ্য ব্রহ্মপুরুষও সেই ব্যক্তি হইয়া থাকে। যাঁহারা বিদ্বান্, অর্থাৎ যাঁহারা ব্রহ্মানুভবদ্বারা চিত্তবিশ্রান্তি প্রতিপাদক শাস্ত্রের পারদর্শী, তাঁহারাই উক্ত মত অনুমোদন করিয়াছেন। অন্যান্য পণ্ডিতগণও উক্ত মত স্বীকার করিয়া থাকেন। স্মৃতিতে লিখিত আছে যে, যিনি দর্শনস্পর্শনাদি পরিত্যাগ করিয়া কেবল ব্রহ্মস্বরূপে বিদ্যমান আছেন, তিনি ব্রহ্ম, কিন্তু ব্রাহ্মণগণ কেবল ব্রহ্মবেত্তা ॥ ২ ॥

মহাপুরুষো যচ্চিত্যং তৎ সদা ময্যেবাবতিষ্ঠতে তস্মাদহঞ্চ তস্মিন্নেবাবস্থীয়তে ॥ ৩ ॥

অসৌ স্বপুত্রমিত্রকলত্র বন্ধ্বাদীন্ শিখাং যজ্ঞোপবীতঞ্চ যাগঞ্চ স্বাধ্যায়ঞ্চ সর্ব্বকর্ম্মাণি সন্ন্যস্যায়ং ব্রহ্মাণ্ডঞ্চ হিত্বা

নিত্যপূতস্থত্বং বেদপুরুষত্বঞ্চ মুখতো বিষদয়ন্ অর্থাৎ কা স্থিতিরিতি প্রশ্নস্যোত্তরং সূচয়তি মহাপুরুষ ইতি। মহাপুরুষত্বে হেতুঃ যৎ যস্মাৎ চিত্তং তদীয়ং ময্যেব ভগবত্যাত্মনি অবতিষ্ঠতে তৎ তস্মাৎ মহাপুরুষঃ সংসারগোচরাণাং মনোবৃত্তীনাম্ অভ্যাসবৈরাগ্যাভ্যাং নিরুদ্ধত্বাদাত্মন্যেব স্থাপনাৎ ভগবান্ শাস্ত্রসিদ্ধং পরমাত্মানং স্বানুভবেন পরামৃশন্ ময়ীতি ব্যপদিশতি যস্মাৎ যোগী ময্যেব চিত্তং স্থাপয়তি তস্মাৎ অহঞ্চ অহমপি পরমাত্মস্বরূপত্বেন তস্মিন্নেব যোগিনি প্রাদুর্ভূতঃ ব্যবস্থীয়তে অবতিষ্ঠে পুরুষাদিব্যত্যয়ঃ নান্যেষু যোগ্যতাহীনেষু ॥ ৩ ॥

ইদানীং পৃষ্টমার্গমুপদিশতি অসাবিতি। অসৌ জনকযাজ্ঞবল্ক্যাদি-ন্যায়েন গার্হস্থ এবোৎপন্নজ্ঞানোঽয়ং বিদ্বান্ চিত্তবিশ্রান্তিসিদ্ধয়ে স্বপুত্রাদি সন্ন্যস্য কৌপীনাদি পরিগ্রহেৎ। যদ্যপি বিদুষোঽর্থসিদ্ধ এব সন্ন্যাসঃ

পরমহংসদিগের স্থিতি কিরূপ? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন।— ভগবান বলিয়াছেন, যাহার চিত্ত আমাতে অবস্থিত আছে, অতএব সেই ব্যক্তিই মহাপুরুষ। অভ্যাস ও বৈরাগ্যদ্বারা সংসারগোচর মনোবৃত্তি সকলের নিরোধহেতু আত্মাতে স্থাপনপ্রযুক্ত ভগবান্ শাস্ত্রসিদ্ধ পরমাত্মাকে স্বীয় অনুভবদ্বারা পরামর্শকরত "আমাতে" এইরূপ ব্যপদেশ হইয়াছে, অর্থাৎ যেহেতু যোগী ব্যক্তি আমাতে চিত্তস্থাপন করে, অতএব আমিও পরমাত্মস্বরূপে সেই যোগীতে আবির্ভূত হইয়া স্থিতি করি ॥ ৩ ॥

এইক্ষণ পূর্ব্বজিজ্ঞাসিত মার্গ উপদেশ করিতেছেন, পরমহংস ব্যক্তি জনক ও যাজ্ঞবল্ক্যের ন্যায় গৃহস্থাবস্থাতেই জ্ঞানবান হইয়া চিত্তবিশ্রান্তি বৃদ্ধির নিমিত্ত স্বপুত্র, মিত্র, কলত্র, বন্ধু, বান্ধব, শিখা, যজ্ঞোপবীত, যাগ, স্বাধ্যায়াদি সর্ব্বকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মাণ্ডের সর্ব্বসম্বন্ধ পরিত্যাগ করিয়া

কৌপীনং দণ্ডমাচ্ছাদনঞ্চ স্বশরীরস্থোপভোগার্থায় চ লোকস্যোপকারার্থায় চ পরিগ্রহেৎ ॥ ৪ ॥

তথাপি জ্যোতিষ্টোমে কৃষ্ণবিষাণয়া কণ্ডুয়েদিতি প্রতিপত্তিবদয়ং লৌকিকো বৈদিকশ্চ ত্যাগঃ। ন চ "জ্ঞানামৃতেন তৃপ্তস্য কৃতকৃত্যস্য যোগিনঃ। নৈবাস্তি কিঞ্চিৎ কর্ত্তব্যমস্তি চেন্ন স তত্ত্ববিৎ॥" ইত্যাদি স্মৃতিবিরোধঃ সত্যপি জ্ঞানে বিশ্রান্তিরহিতস্য তৃপ্ত্যভাবেন বিশ্রান্তিসম্পাদনলক্ষণকর্ত্তব্যসদ্ভাবেন কৃতকৃত্যতাভাবাৎ চিত্তবিশ্রান্তিপ্রতিবন্ধবারণস্য ফলস্য সম্ভবেন শ্রবণাদিবিধিবন্নানাদৃষ্ট ফলকল্পনা তস্মাৎ বিবিদিষুরিব বিদ্বানপি গৃহস্থো নান্দীমুখশ্রাদ্ধোপবাসজাগরণাদি বিধিপূর্ব্বকমেব সন্ন্যসেৎ প্রকৃতিবদ্বিকৃতিরিতি ন্যায়েনাত্র বিবিদিষা সন্ন্যাসবৎ প্রৈষমন্ত্রেণৈষ পুত্রবিত্তাদি ত্যাগঃ। বন্ধাদীত্যাদিশব্দেন ভৃত্যপশুক্ষেত্রাদিলৌকিকপরিগ্রহাদিবিশেষাঃ সংগৃহ্যন্তে। শিখাং যজ্ঞোপবীতঞ্চ যাগঞ্চ স্বাধ্যায়ঞ্চেতি

শরীরের উপযোগার্থ এবং লোকোপকারার্থ দণ্ড, কৌপীন ও আচ্ছাদন গ্রহণ করিবে। যদিও জ্ঞানিগণের অর্থসিদ্ধির নিমিত্তই সন্ন্যাসগ্রহণ হউক, তথাপি জ্যোতিষ্টোমযাগে "কৃষ্ণবিষাণদ্বারা কণ্ডুয়ন করিবে" ইত্যাদি প্রতিপত্তির ন্যায় ইহাকে লৌকিক ও বৈদিকত্যাগ বলিয়া জানিতে হইবে। যদি বল, এইক্ষণ "জ্ঞানামৃতপরিতৃপ্ত কৃতকৃত্য ব্যক্তির কোন কর্ত্তব্য নাই এবং যে জ্ঞানী ব্যক্তি কর্ত্তব্য কর্ম্মের অধীন, তিনি তত্ত্ববিদ্ নহেন" এই স্মৃতির বিরোধ হয়, তাহা নহে, কারণ জ্ঞানোৎপত্তি হইলেও যে ব্যক্তির চিত্তবিশ্রান্তি হয় নাই, তাহার মনের তৃপ্তি হয় না। অতএব বিশ্রান্তির নিমিত্ত কর্ত্তব্যকর্ম্মের সদ্ভাবে কৃতকৃত্যতা হইতে পারে না; সুতরাং চিত্তবিশ্রান্তির প্রতিবন্ধক কারণই দৃষ্টফল এবং তাহার সদ্ভাবহেতু শ্রবণাদি বিধির ন্যায় নানা দৃষ্টফল কল্পনা হইতে পারে। অতএব জ্ঞানেচ্ছুর ন্যায় জ্ঞানী, গৃহস্থ ব্যক্তিও নান্দীমুখশ্রাদ্ধ, উপবাস ও জাগরণাদি কার্য্য করিয়া সন্ন্যাস আশ্রয় করিবে। এইস্থলে বন্ধাদিশব্দে ভৃত্য, পশু, ক্ষেত্রাদিলৌকিকপরিগ্রহাদি এবং "শিখা যজ্ঞোপবীতঞ্চ

চকারেণ তদর্থোপযুক্তানি পদবাক্যপ্রমাণশাস্ত্রাণি বেদোপবৃংহণাদীনি ইতিহাসপুরাণানি চ সমুচ্চিনোতি। ঔৎসুক্যনিবৃত্তিমাত্রপ্রয়োজনানাং কাব্যনাটকাদীনাং ত্যাগঃ কৈমুতিকন্যায়সিদ্ধঃ। সর্ব্বকর্ম্মাণীতি সর্ব্বশব্দেন লৌকিকবৈদিকনিত্যনৈমিত্তিকনিষিদ্ধকাম্যানি সংগৃহ্যন্তে। পুত্রাদি-ত্যাগেনৈহিকভোগাঃ পরিহৃতাঃ। সর্ব্বকর্ম্মত্যাগেন আমুষ্মিকভোগাশা চিত্তবিক্ষেপকারিণী পরিহৃতা। অয়মসৌ পরিগ্রহেদিত্যন্বয়ঃ অয়মসৌ অহমাগমমিতিবৎ। ব্রহ্মাণ্ডঞ্চেতি ব্রহ্মাণ্ডত্যাগেন তৎপ্রাপ্তিহেতোর্ব্বি-রাড়ুপাসনস্য ত্যাগঃ। চকারেণ সূত্রাব্যাকৃতাত্মপ্রাপ্তিহেতোর্হিরণ্যগর্ভো-পাসনস্য তত্ত্বজ্ঞানহেতূনাং শ্রবণাদীনাং সমুচ্চয়স্য। পুত্রাদি অব্যাকৃতো-পাসনান্তমৈহিকমাস্মুষ্মিকঞ্চ সর্ব্বং প্রৈষমন্ত্রোচ্চারণেন পরিত্যজ্য কৌপী-নাদিকং পরিগৃহ্লীয়াৎ। আচ্ছাদনঞ্চেতি চকারেণ পাদুকাদিপরিগ্রহঃ সমুচ্চিতঃ। স্মৃতিশ্চ—"কৌপীনং যুগলং বাসঃ কন্থাং শীতনিবারিণীম্। পাদুকে চাপি গৃহ্লীয়াৎ কুর্য্যান্নান্যস্য সংগ্রহম্॥" ইতি। স্বশরীরোপ-ভোগো নাম কৌপীনেন লজ্জাব্যাবৃত্তিঃ দণ্ডেন গোসর্পাদ্যুপদ্রবপরিহারঃ

যাগঞ্চ স্বাধ্যায়ঞ্চ" ইত্যাদি চকারে তদর্থোপযুক্ত পদবাক্যপ্রমাণ শাস্ত্র, বেদের পোষক ইতিহাসপুরাণাদি গ্রহণ করিতে হইবে এবং ঔৎসুক্য-নিবৃত্তিমাত্র প্রয়োজন কাব্যনাটকাদি শাস্ত্রেরও পরিত্যাগ বুঝিতে হইবে আর সর্ব্বকর্ম্মশব্দে লৌকিক, বৈদিক, নিত্য, নৈমিত্তিক, নিষিধ্য কাম্য-কর্ম্ম পরিত্যাগ স্বীকার করিতে হইবে। পুত্রাদি পরিত্যাগ করিলেই ঐহিকভোগেরও পরিত্যাগ হয়। আর সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিলেই চিত্তবিক্ষেপকারিণী পরকালের ভোগাশায় পরিত্যাগ হইয়া থাকে। ব্রহ্মাণ্ড পরিত্যাগ করিলে ব্রহ্মাণ্ডপ্রাপ্তির হেতুভূত বিরাট্ পুরুষের উপাসনারও ত্যাগ হয় এবং অব্যাকৃত আত্মপ্রাপ্তির হেতুস্বরূপ হিরণ্যগর্ভের উপা-সনাও থাকে না। আর "আচ্ছাদনঞ্চ" এই চকারদ্বারা জানা যাইতেছে যে, পরমহংসগণ পাদুকাগ্রহণ করিতে পারে। স্মৃতিতে উক্ত আছে যে, পরমহংস ব্যক্তি কৌপীনযুগল, বস্ত্র, শীতনিবারিণী কন্থা এবং পাদুকাগ্রহণ করিবে, কিন্তু এই সকল ভিন্ন আর কিছুই গ্রহণ করিবে না। কৌপীন

তচ্চ ন মুখ্যোঽস্তি কো মুখ্যঃ? ইতি চেদয়ং মুখ্যো ন দণ্ডং ন কমণ্ডলুং ন শিখং ন যজ্ঞোপবীতং ন স্বাধ্যায়ং নাচ্ছাদনং চরতি পরমহংসঃ ন চ শীতং ন চোষ্ণম্ ॥ ৫ ॥

আচ্ছাদনেন শীতাদিপরিহারঃ। চকারেণ পাদুকাভ্যামুচ্ছিষ্টদেশস্পর্শাদি-পরিহারং সমুচ্চিনোতি। লোকস্যোপকারো নাম দণ্ডাদিলিঙ্গেনৈতদীয়-মুত্তমমাশ্রমং পরিজ্ঞায় তদুচিতাভিবন্দনভিক্ষাপ্রদানাদিপ্রবৃত্ত্যা সুকৃত-সিদ্ধিঃ। চকারাৎ সন্ন্যাসমর্য্যাদায়াঃ শিষ্টাচারপ্রাপ্তায়াঃ পালনং সমু-চ্যতে ॥ ৪ ॥

কৌপীনাদিপরিগ্রহস্যানুকল্পত্বমভিপ্রেত্য মুখ্যত্বং প্রতিষেধতি তচ্চ ন মুখ্যোঽস্তীতি। যৎ কৌপীনাদিপরিগ্রহণমস্তি তদস্য যোগিনঃ পরমহংসস্য মুখ্যঃ কল্পো ন ভবতি কিন্ত্বনুকল্পএব বিবিদিষা সন্ন্যাসিনস্তু দণ্ডগ্রহণং মুখ্যমিতি দণ্ডবিয়োগস্য নিষেধঃ স্মর্য্যতে—"দণ্ডাত্মনোস্তু সংযোগঃ সর্ব্ব-দৈব বিধীয়তে। ন দণ্ডেন বিনা গচ্ছেদিযুক্ষেপত্রয়াদ্বুধঃ ॥" ইতি প্রায়-

গ্রহণ করিলে লজ্জাদি নিবারণ হয়, এইমাত্র স্বশরীরের উপভোগ। দণ্ড-গ্রহণ করিলে গোসর্পাদির উপদ্রব নিবারিত হয়। আচ্ছাদনশব্দে শীত-বস্ত্রাদি ধারণ করিবে এবং পাদুকাগ্রহণ করিলে উচ্ছিষ্টদেশ স্পর্শাদির নিবারণ হইয়া থাকে। আর দণ্ডাদি ধারণ করিলে যদি লোকে মনে করে যে, এই ব্যক্তি উত্তমাশ্রমী, তাহাহইলে তাহাকে নমস্কার ও ভিক্ষাদানের প্রবৃত্তি হয়; সুতরাং লোকের সুকৃতি জন্মে, ইহাই লোকোপকার। আর সন্ন্যাসগ্রহণে শিষ্টাচার পরিপালন হইয়া থাকে ॥ ৪ ॥

পরমহংসদিগের কৌপীনাদিধারণের অনুকল্পত্ব প্রতিপাদনাভিপ্রায়ে কৌপীনাদি পরিগ্রহের মুখ্যত্ব প্রতিষেধ করিতেছেন, পরমহংস যোগি-দিগের কৌপীনাদিধারণ মুখ্যকল্প নহে, উহা অনুকল্প, পরন্তু সন্ন্যাসি-গণের দণ্ডধারণই মুখ্য, অতএব কদাচ দণ্ড পরিত্যাগ করিবে না। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, সন্ন্যাসিদিগের সর্ব্বদাই দণ্ডাত্মসংযোগ বিধেয়, ক্ষণকালও দণ্ডপরিত্যাগ করিয়া গমন করিবে না। বিশেষতঃ

ন সুখং ন দুঃখং ন মানাপমানঞ্চ ষড়ুর্ম্মিরহিতং ন শব্দং ন স্পর্শং ন রূপং ন রসং ন গন্ধং ন চ মনোঽপ্যেবং নিন্দা-গর্ব্ব-মৎসর-দম্ভ-দর্পেচ্ছা-দ্বেষ-সুখ--দুঃখ-কাম-ক্রোধ-

শ্চিত্তমপি দণ্ডত্যাগে প্রাণায়ামশতং স্মর্য্যতে "দণ্ডত্যাগে শতং চরেৎ" ইতি। যোগিনঃ পরমহংসস্য মুখ্যং কল্পং পৃচ্ছতি কোঽয়ং মুখ্য ইতি চেদিতি। উত্তরমাহ অয়ং মুখ্য ইতি অয়ং কঃ? ইত্যত আহ ন দণ্ড-মিত্যাদিনা। শিখম্ ইতি ছান্দসো হ্রস্বঃ ন স্বাধ্যায়মিতি পাঠঃ চরতি গচ্ছতি নিরুদ্ধাশেষঃ চিত্তবৃত্তের্যোগিনঃ শীতাদি নাস্তি তৎপ্রত্যয়াভাবঃ যথা বালস্য লীলাসক্তস্য শীতাদ্যভাবঃ তথা পরমাত্মন্যাসক্তস্য যোগিনঃ। ন চোষ্ণমিতি বর্ষাভাবসমুচ্চয়ার্থশ্চকারঃ শীতাদিনিষেধে তজ্জন্যসুখাদেরপ্য ভাবাৎ॥ ৫॥

নসুখমিত্যাদি মানঃ পুরুষান্তরেণ সম্পাদিতঃ সৎকারঃ অপমানঃ তিরস্কারঃ যদা যোগিনঃ স্বাত্মব্যতিরিক্তং পুরুষান্তরমেব ন প্রতীয়তে তদা মানাপমানৌ দুরাপাস্তৌ। চকারঃ শত্রু-মিত্র-রাগ-দ্বেষাদি-দ্বন্দ্বাভাবং

"দণ্ডত্যাগে শতং চরেৎ" ইত্যাদি প্রমাণে দণ্ডত্যাগে শতবার প্রাণায়াম-রূপ প্রায়শ্চিত্ত স্মরণ আছে। যদি বল, পরমহংস যোগিদিগের মুখ্য কি? এই অভিপ্রায়ে উত্তর করিতেছেন যে, ইহাই পরমহংসদিগের মুখ্য যে, পরমহংস যোগী ব্যক্তি দণ্ড, কমণ্ডলু, শিখা, যজ্ঞোপবীত, স্বাধ্যায় ও আচ্ছাদন নিরুদ্ধ করিয়া গমন করিবে না। যেমন বালকগণ যখন ক্রীড়াতে আশক্ত থাকে, তখন তাহাদিগের শীতাদির অনুভব থাকে না, সেইরূপ যোগিরা সর্ব্বদা পরমাত্মাতে আশক্ত থাকে; সুতরাং যোগী পরম-হংসের শীত, উষ্ণ ও বর্ষাদির অনুভব থাকে না, অতএব তাহাদের শীতাদি নিবারণ জন্য সুখভোগ হয় না॥ ৫॥

পরমহংসদিগের সুখ বা দুঃখ, মান বা অপমান নাই, কেহ স্তব করি-লেও তাঁহারা সন্তুষ্ট হয়েন না, বা তাঁহাকে তিরস্কার করিলে ক্ষুণ্ণ হয়েন না, আর যখন যোগিগণ আত্মাতিরিক্ত পুরুষান্তর স্বীকার করেন না, তখন

রোষ-লোভ-মোহ-মদ-হর্ষাসূয়াহঙ্কারাদীংশ্চ হিত্বা স্বং বপুঃ কুণপমিব দৃশ্যতে ॥ ৬ ॥

সমুচ্চিনোতি। ষড়ূর্ম্ময়ঃ—"ক্ষুৎপিপাসে শোকমোহৌ জরামরণমেব চ।" তেষাং ত্রয়াণাং দ্বন্দ্বানাং প্রাণমনোদেহধর্ম্মত্বাদাত্মতত্ত্বাভিমুখস্য যোগিনঃ তদ্বর্জ্জনং যুজ্যতে। ন শব্দং ন স্পর্শং ন রূপং ন রসং ন গন্ধং ন চ মনোঽপ্যেবমিত্যদিগ্রন্থঃ শিষ্টৈরব্যাখ্যাতঃ। অস্ত্বেবং সমাধিদশায়াং শীতাদ্যভাবে ব্যুত্থানদশায়াং নিন্দাদিক্লেশঃ সংসারিণমিবৈনং বাধেতৈব ইত্যত আহ নিন্দেতি। রোষমদাবনার্য্যৌ বিরোধিভিঃ পুরুষৈঃ স্বস্মিন্নাপাদিত দোষোক্তির্নিন্দা অন্যেভ্যোঽহমধিক ইতি চিত্তবৃত্তির্গর্ব্বঃ বিদ্যাধনাদিভিরস্য সদৃশো ভবামীতি বুদ্ধির্ম্মৎসরঃ পরেষামগ্রে জপধ্যানাদিপ্রকাশনং দম্ভঃ ভৎর্সনাদিষু বুদ্ধির্দ্দর্পঃ ধনাদ্যভিলাষ ইচ্ছা শত্রুবধাদি বুদ্ধির্দ্বেষঃ অনুকূললাভেন বুদ্ধিস্বাস্থ্যং সুখং তদ্বিপর্য্যয়ো দুঃখং যোষিদাদ্যভিলাষঃ কামঃ কামিতার্থবিঘাতজন্যো বুদ্ধিবিক্ষোভঃ ক্রোধঃ প্রাপ্তস্য ধনস্য ত্যাগাসহি-

তাঁহাদিগের মানাপমান অসম্ভব। আর তাহাদিগের শত্রু, মিত্র, রাগ, দ্বেষাদি, দ্বন্দ্বভাবও নাই এবং ষড়ূর্ম্মি, অর্থাৎ ক্ষুধা, পিপাসা, শোক, মোহ, জরা ও মরণ ইহাদিগের কিছুই পরমহংস যোগিদিগের লক্ষ্য হয় না, কারণ ক্ষুধাপিপাসাদি দেহধর্ম্ম এবং যোগিগণ আত্মনিষ্ঠ; সুতরাং তাঁহাদিগের ক্ষুৎপিপাসাদি না থাকাই যুক্ত। আর শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ ও মন, এই সকলও পরমহংসদিগের সম্ভব নাই। সমাধিকালে যোগিদিগের শীতাদি না থাকিলেও ব্যুত্থান-দশাতেও সংসারিদিগের ন্যায় নিন্দাদিক্লেশ বাধা দিতে পারে না, যেহেতু তাঁহারা নিন্দা, গর্ব্ব, মাৎসর্য্য, দম্ভ, দর্প, ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, কাম, ক্রোধ, রোষ, মোহ, মদ, হর্ষ, অসূয়া ও অহঙ্কারাদি পরিত্যাগ করিয়া অবস্থিতি করেন। পরমহংসগণ বিরোধী পুরুষ, তাহাদিগের রোষ ও মদ সম্ভব নাই, অর্থাৎ স্বীয় মাহাত্ম্যের যে দোষোক্তি, তাহাই নিন্দা; আমি অন্য হইতে অধিক, এইরূপ চিত্তবৃত্তিই গর্ব্ব, আমি বিদ্যা ও ধনাদিদ্বারা অমুকের সদৃশ হইব, এইরূপ

ষ্ণুত্বং লোভঃ হিতেষ্বহিতবুদ্ধিরহিতেষু হিতবুদ্ধির্মোহঃ চিত্তগত-তুষ্ট্যভি-ব্যক্তি-মুখ-বিকাশাদি-হেতুর্ধীবৃত্তির্হর্ষঃ পরগুণেষু দোষারোপণমসূয়া দেহে-ন্দ্রিয়াদিসঙ্ঘাতেষ্বাত্মত্বভ্রমোঽহঙ্কারঃ। আদিশব্দেন ভোগ্যবস্তুষু মমত্বাকার-সমীচীনত্বাদি বুদ্ধয়ো গৃহ্যন্তে। চকারো যথোক্তনিন্দাদিবিপরীতস্তুত্যাদি-সমুচ্চয়ার্থঃ। এতান্ নিন্দাদীন্-হিত্বা পূর্ব্বোক্তবাসনাক্ষয়াভ্যাসেন পরিত্যজ্য অবস্থীয়তে ইতি পূর্ব্বেণান্বয়ঃ। ননু বিদ্যমানে দেহে কথং নিন্দাদিপরি-ত্যাগঃ? অত আহ স্বং বপুঃ কুণপমিব দৃশ্যতে ইতি। পূর্ব্বং যৎ স্বকীয়ং বপুঃ তদানীং যোগিনা চৈতন্যভূতেন মৃতকমিবালোক্যতে ইত্যর্থঃ। লোকঃ স্পর্শভীত্যা কুণপং যথা দূরস্থোঽবলোকয়তি তথা যোগী তদাত্মবৃত্ত্যুদ্ভিয়া তটস্থো দেহং নিত্যমাত্মনো বিবিনক্তীতি ভাবঃ॥ ৬॥

বুদ্ধিই মাৎসর্য্য; পরের সমীপে জপধ্যানাদি প্রকাশই দম্ভঃ; ভর্ৎসনাদিতে যে বুদ্ধি তাহাই দর্প; ধনাদির অভিলাষই ইচ্ছা; শত্রুবধাদিতে যে বুদ্ধি, তাহাই দ্বেষ; অনুকূল বস্তুলাভ হইলে যে বুদ্ধির স্বাস্থ্য, তাহাই সুখ; ইহার বিপরীতই দুঃখ, স্ত্রীপ্রভৃতির অভিলাষই কাম, অভিলষিত অর্থের বিঘাতজন্য যে বুদ্ধির চাঞ্চল্য, তাহাই ক্রোধ; প্রাপ্তধনত্যাগে যে অসহিষ্ণুতা, তাহাই লোভ; হিতে অহিতবুদ্ধি এবং অহিতে হিতবুদ্ধিই মোহ; চিত্তগত তুষ্টি-প্রকাশক মুখবিকাশাদিহেতু যে বুদ্ধিবৃত্তি, তাহাই হর্ষ; পরগুণে যে দোষা-রোপ, তাহাই অসূয়া; দেহ ও ইন্দ্রিয়সমূহে যে আত্মত্বভ্রম, তাহাই অহঙ্কার। পূর্ব্বোক্ত বাসনাক্ষয়াভ্যাসদ্বারা এইসকল নিন্দাদি পরিত্যাগ করিয়া যোগি-গণ অবস্থান করেন। যোগিদিগের দেহ বিদ্যমান আছে; সুতরাং তাঁহারা কিরূপে নিন্দাদি পরিত্যাগ করিতে পারেন? এই আশঙ্কায় বলিতেছেন।—যোগিগণ স্বীয় শরীরকে মৃতবৎ দর্শন করেন, অতএব তাহাদিগের নিন্দাদি পরিত্যাগে কোন বাধা নাই। পূর্ব্বে যে শরীরকে আত্মীয়বোধ করিতেন, যোগসিদ্ধির পর তাহারা চৈতন্যস্বরূপ হইয়া সেই শরীরকে মৃতশরীরবৎ জ্ঞান করিয়া থাকেন। যেমন লোকে স্পর্শভয়ে দূর হইতে শব অবলোকন করে, সেইরূপ যোগীরা পাছে শরীরে আত্মবৃত্তি হয়, এই ভয়ে তাহারা শরীরকে শববৎ জ্ঞান করিয়া আত্মানুসন্ধান করিয়া থাকেন॥ ৬॥

যতস্তদ্বপুরপধ্বস্তং সংশয়-বিপরীত-মিথ্যাজ্ঞানানাং যো হেতুস্তেন নিত্যনিবৃত্তঃ ॥ ৭ ॥

তত্র হেতুমাহ যতস্তদ্বপুরপধ্বস্তমিতি। যতঃ হেতোঃ তদ্বপুঃ আচার্য্যোপদেশানুভবৈঃ অপধ্বস্তং চিদাত্মভাবান্নিরাকৃতম্ অতঃ চৈতন্যবিযুক্তস্য দেহস্য শবতুল্যতয়া দৃশ্যমানত্বাৎ সত্যপি দেহে নিন্দাদিত্যাগো ঘটতে ইত্যর্থঃ। ননু উৎপন্নো দিগ্‌ভ্রমো যথা সূর্য্যোদয়দর্শনেন বিনষ্টোঽপি কদাচিদনুবর্ত্ততে তথা চিদাত্মনি সংশয়াদ্যনুবৃত্তৌ নিন্দাদিক্লেশঃ পুনঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ সংশয়েতি। আত্মা কর্ত্তৃত্বাদিধর্ম্মোপেতস্তদ্রহিতো বা ইত্যাদি সংশয়জ্ঞানং দেহাদিরূপ আত্মেতি বিপরীতজ্ঞানম্। তদ্ধেতুশ্চতুর্ব্বিধঃ অনিত্যাশুচি-দুঃখামাত্মসু নিত্য-শুচি-সুখাত্ম-খ্যাতিরবিদ্যেতি পতঞ্জলিসূত্রাৎ। অনিত্যে গিরি নদী-সমুদ্রাদৌ নিত্যত্ব-মিথ্যাভ্রান্তিরেকা অবিদ্যা অশুচৌ পুত্রকলত্রাদৌ শুচিত্ববুদ্ধির্দ্বিতীয়া দুঃখে কৃষিবাণিজ্যাদৌ

পূর্ব্ব-শ্রুতিতে উক্ত হইয়াছে যে, পরমহংস যোগিগণ শরীরকে শববৎ জ্ঞান করেন। এই শ্রুতিতে তাহার হেতুপ্রদর্শন করিতেছেন।—যেহেতু উক্ত শরীর চিদাত্মভাব হইতে নিরাকৃত; অতএব চৈতন্যভ্রষ্ট দেহের শবতুল্যতাই যুক্ত হইতেছে; সুতরাং দেহসত্ত্বেও নিন্দাদি পরিত্যাগ ঘটিতে পারে। যেমন উৎপন্ন দিগ্‌ভ্রম সূর্য্যোদয় দর্শনে নিবৃত্ত হইলেও কদাচিৎ তাহার অনুবর্ত্তন হয়, সেইরূপ চিদাত্মাতে সংশয়াদির অনুবৃত্তি হইলে নিন্দাদির প্রসঙ্গ হইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন।—আত্মা কর্ত্তৃত্বাদি ধর্ম্মযুক্ত, কিম্বা কর্ত্তৃত্বাদিধর্ম্মরহিত, ইত্যাদি সংশয়জ্ঞান এবং দেহাদিরূপই আত্মা, কিম্বা তাহার বিপরীত। ইহাদিগের হেতু চতুর্ব্বিধ। "অনিত্যাশুচি দুঃখানাত্মসু নিত্যশুচিসুখাত্মখ্যাতিরবিদ্যা" এই পাতঞ্জলসূত্রেই ইহাই প্রকাশিত আছে, অর্থাৎ অনিত্য, গিরি, নদী, সমুদ্রাদিতে নিত্যত্বভ্রান্তিই প্রথম হেতু, অশুচি পুত্রকলত্রাদিতে শুচিভ্রান্তি দ্বিতীয় হেতু, দুঃখাত্মক কৃষিবাণিজ্যাদিতে সুখত্বভ্রান্তি তৃতীয় হেতু, গৌণাত্মা পুত্রাদি এবং অন্নময়াদিকোষে মুখ্যাত্মত্বভ্রান্তিই চতুর্থ হেতু। এই সকল

তন্নিত্যবোধঃ তৎস্বয়মেবাবস্থিতিরিতি ॥ ৮ ॥

সুখত্বভ্রান্তিশ্চতুর্থী এষাং সংশয়াদীনাং হেতুঃ অদ্বিতীয়ব্রহ্মতত্ত্বাবরকমজ্ঞানং তদ্বাসনা চ তচ্চাজ্ঞানং তস্য মহাবাক্যার্থবোধেন নিবৃত্তম্ বাসনা চ যোগাভ্যাসেন নিবৃত্তা। দিগ্‌ভ্রান্তৌ ত্বজ্ঞানে নিবৃত্তেঽপি তদ্বাসনায়াঃ সদ্ভাবাৎ যথাপূর্ব্বং ব্যবহারঃ যোগিনস্তু ভ্রান্তিহেতুরাহিত্যাৎ কুতঃ সংশয়াদীন্যনুবর্ত্তেরন্। তদয়মর্থঃ সংশয়াদীনাং যো হেতুরজ্ঞানং তদ্বাসনা চ তেন হেতুদ্বয়েন যোগী নিত্যনিবৃত্তঃ অধিকারণেক্তঃ অজ্ঞানতদ্বাসনয়োর্নিবৃত্তিস্তত্র নিত্যা পুনস্তয়োরনুদ্ভবাদিতি তেন নিত্যনিবৃত্তঃ অজ্ঞানরহিত যাবৎ ॥ ৭ ॥

সবাসনাজ্ঞাননিবৃত্তের্নিত্যত্বে হেতুমাহ তন্নিত্যবোধ ইতি। তস্মিন্ পরমাত্মনি নিত্যো বোধো যস্য সঃ নিত্যপূতস্থ ইত্যর্থঃ "যোগী হি বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীতেতি" মতমনুসৃত্য চিত্তবিক্ষেপাৎ যোগেন পরিহৃত্য নৈরন্তর্য্যেণামরণমাত্মবিষয়ামেব প্রজ্ঞাং করোতি তেন বোধস্য নিত্যত্বম্

সংশয়াদির হেতু অদ্বিতীয় ব্রহ্মতত্ত্বের আবরক অজ্ঞান ও বাসনা, এই অজ্ঞান মহাবাক্যার্থবোধে নিবৃত্ত হয় এবং যোগাভ্যাসে বাসনার নিবৃত্তি হইয়া থাকে। দিগ্‌ভ্রান্তিতে অজ্ঞানের নিবৃত্তি হইলেও বাসনা বিদ্যমান থাকে। যোগিদিগের ভ্রান্তির অভাবহেতু কোনরূপেও তাহাদিগের সংশয়াদির অনুবৃত্তি হইতে পারে না, অর্থাৎ সংশয়াদির হেতু যে অজ্ঞান ও বাসনা, যোগিদিগের এই হেতুদ্বয়ই নিবৃত্ত আছে। সর্ব্বদাই যোগিগণের অজ্ঞান ও বাসনার নিবৃত্তি থাকে; সুতরাং পুনর্ব্বার সেই অজ্ঞান ও বাসনার উদ্ভব হইতে পারে না। অতএব জানা যাইতেছে যে, পরমহংস যোগী সর্ব্বদাই অজ্ঞানরহিত ॥ ৭ ॥

যোগী পরমহংসদিগের যে বাসনা ও অজ্ঞান সর্ব্বদা নিবৃত্ত থাকে, তাহার হেতুপ্রদর্শন করিতেছেন।—পরমাত্মাতেই যোগিগণের নিত্যবোধ আছে, তাঁহারা "যোগী হি বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত" এই শাস্ত্রানুসারে যোগদ্বারা চিত্তবিক্ষেপ পরিহার করিয়া নিরন্তর আত্মবিষয়িণী প্রজ্ঞা

তং শান্তমচলমদ্বয়ানন্দবিজ্ঞানঘন এবাস্মি তদেব মে পরমং ধাম তদেব শিখা চ তদেবোপবীতঞ্চ যদা পদে নিত্যপূতস্থঃ তদেবাবস্থানম্ ॥ ৯ ॥

তন্নিত্যত্বাৎ তদ্বিনাশ্যয়োরজ্ঞানতদ্বাসনয়োরপি নিবৃত্তির্নিত্যেত্যর্থঃ। "তন্নিত্যপূতস্থঃ" ইতি কেষাঞ্চিৎ পাঠঃ। তত্র তস্মিন্ নিত্যপূতে পরমাত্মনি স্থিত ইত্যর্থঃ। বুধ্যমানস্য পরমাত্মনস্তার্কিকেশ্বরবৎ তটস্থত্বশঙ্কাং বারয়তি তৎ স্বয়মিতি। যৎ বেদান্তবেদ্যং পরং ব্রহ্মাস্তি তৎ স্বরূপং নতু মাদন্য ইত্যেবং নিশ্চিত্য যোগিনোঽবস্থিতির্ভবতি ॥ ৮ ॥

অনুভব-প্রকারমাহ তং শান্তমিতি। পদত্রয়ে দ্বিতীয়া প্রথমার্থে দ্রষ্টব্যা। যঃ পরমাত্মা শান্তঃ ক্রোধাদি বিক্ষেপরহিতঃ অচলঃ গমনাদিক্রিয়ারহিতঃ অদ্বয়ঃ স্বগত-সজাতীয়-বিজাতীয়ভেদরহিতঃ সচ্চিদানন্দৈকরসোঽস্তি স এবাহমস্মি তদেব ব্রহ্মতত্ত্বং মে মম যোগিনঃ পরমং ধাম বাস্তবং স্বরূপং নত্বেতৎ কর্ত্তৃত্বভোক্তৃত্বাদিযুক্তং তস্য মায়িকত্বাৎ। আচার ত্যাগে দোষমাশঙ্ক্য নিরস্যতি তদেব শিখা চ তদেবোপবীতঞ্চেতি।

করিয়া থাকেন; অতএব যোগিগণের জ্ঞানের নিত্যতা জানা যায় এবং জ্ঞানের নিত্যতা প্রযুক্তই জ্ঞাননাশ্য অজ্ঞান ও বাসনার নিত্যনিবৃত্তি হইতে পারে; সুতরাং যিনি বেদান্তবেদ্য পরব্রহ্ম, তৎস্বরূপ নিশ্চয় করিয়া যোগিগণের অবস্থিতি হয়, অর্থাৎ তাঁহারা সর্ব্বদাই পরমাত্মাতে স্থির থাকেন ॥ ৮ ॥

যে পরমাত্মা শান্ত, অর্থাৎ ক্রোধাদিবিক্ষেপরহিত, অচল, অর্থাৎ গমনাগমনাদিক্রিয়ারহিত এবং অদ্বয়, অর্থাৎ স্বগত স্বজাতীয় ও বিজাতীয় ভেদরহিত, সেই সচ্চিদানন্দই একরসস্বরূপ, আমিই সেই পরমাত্মা এবং সেই ব্রহ্মই আমার পরম ধাম, পরমহংসগণ এইরূপ ভাবনা করিবে। এইক্ষণ পরমহংসদিগের আচারত্যাগে দোষ আশঙ্কা করিয়া তাহা নিরাস করিতেছেন।—জ্ঞানই পরমহংসদিগের শিখা, জ্ঞানই যজ্ঞোপবীত এবং জ্ঞানই কর্ম্মাঙ্গমন্ত্র ও ব্রহ্ম "সশিখং বপনং কৃত্বা" ইত্যাদি শ্রুতিতে ব্রহ্মোপনিষদে

পরমাত্মাত্মনোরেকত্বজ্ঞানেন তয়োর্ভেদ এব বিভগ্নঃ যা সা সন্ধ্যা। সর্ব্বান্ কামান্ পরিত্যজ্যাদ্বৈতে পরমস্থিতিঃ॥ ১০॥

তদেব জ্ঞানমেব শিখা চোপবীতঞ্চ। চকারাভ্যাং মন্ত্রদ্রব্যরূপে অপি কর্ম্মাঙ্গে। জ্ঞানমেব যদাম্নাতমাথর্ব্বণিকৈর্ব্রহ্মোপনিষদি "সশিখং বপনং কৃত্বা" ইত্যাদি। অত্র "যদা পদে নিত্যপূতস্থস্তদেবাবস্থানম্" ইতি গ্রন্থঃ শিষ্টৈর্নাদৃতঃ॥ ৯॥

সন্ধ্যালোপে দোষমাশঙ্ক্যাহ পরমাত্মাত্মনোরেকত্বজ্ঞানেন তয়োর্ভেদ এব বিভগ্নঃ যা সা সন্ধ্যেতি। জীবব্রহ্মণোরৈক্যজ্ঞানেন মহাবাক্যত্বেন তয়োর্যঃ প্রতীতো ভেদঃ বিশেষেণ ভগ্নঃ পুনর্ভ্রান্ত্যনুদয়াৎ যা ইয়মেকত্ববুদ্ধিঃ সৈবোভয়োরাত্মনোঃ সন্ধৌ জাতত্বাৎ সন্ধ্যা অহোরাত্রয়োঃ সন্ধাবনুষ্ঠীয়মানা ক্রিয়া সন্ধ্যা যথা তদ্বৎ তথা চ নাস্য প্রত্যবায়ঃ। কোঽয়ং মার্গ ইত্যস্য অসৌ স্বপুত্রেত্যাদিনা উত্তরমুক্তম্। কা স্থিতিরিত্যেতস্য মহাপুরুষ ইত্যাদিনা সঙ্ক্ষিপ্যোত্তরমুক্তম্। সংশয়বিপর্য্যয়েত্যাদিনা প্রপঞ্চ্য

আথর্ব্বণিকেরা কেবল জ্ঞানই স্বীকার করিয়াছেন। সেই জ্ঞান উৎপন্ন হইলেই যোগিগণ নিত্যপূতস্থ, অর্থাৎ ব্রহ্মনিষ্ঠ হইয়া যে অবস্থিতি করেন, তাহাই জ্ঞানিদিগের অবস্থান, কিন্তু এই গ্রন্থ শিষ্টদিগের আদৃত নহে॥ ৯॥

সন্ধ্যালোপে দোষ আশঙ্কা করিয়া বলিতেছেন।—জীব ও পরমাত্মার একত্বজ্ঞানে উভয়ের যে ভেদ, তাহাই সন্ধ্যা, অর্থাৎ জীব ও ব্রহ্মের ঐক্যজ্ঞান হইলে তাহাদিগের যে ভেদপ্রতীতি, এই একত্ববুদ্ধিই জীব ও ব্রহ্মের সন্ধিতে জাত, অতএব ইহাই দিবারাত্রির সন্ধিতে অনুষ্ঠীয়মান সন্ধ্যাক্রিয়ার ন্যায়; সুতরাং পরমহংসদিগের বাহ্যসন্ধ্যা পরিত্যাগে প্রত্যবায় নাই। পরমহংসদিগের মার্গ কি? "স্বপুত্র" ইত্যাদি বাক্যে তাহার উত্তর উক্ত হইয়াছে এবং তাহাদিগের স্থিতি কিরূপ? "মহাপুরুষ" ইত্যাদি বাক্যে তাহারও সংক্ষেপে উত্তর কথিত হইয়াছে, এইক্ষণ তাহাই বিস্তার করিয়া উপসংহার করিতেছেন। বাস্তবিক পরমহংসগণ সকল কাম

জ্ঞানদণ্ডো ধৃতো যেন একদণ্ডী স উচ্যতে।
কাষ্ঠদণ্ডো ধৃতো যেন সর্ব্বাশী জ্ঞানবর্জ্জিতঃ॥

ইদানীমুপসংহরতি সর্ব্বান্ কামান্ পরিত্যজ্যাদ্বৈতে পরমস্থিতিরিতি। ক্রোধলোভাদীনাং কামপূর্ব্বকত্বাৎ কামপরিত্যাগেন চিত্তদোষাঃ সর্ব্বে ত্যজ্যন্তে। অতএব বাজসনেয়িনাম্ "অথো খল্বাহুঃ কামময়ঃ স এবায়ং পুরুষঃ" ইতি॥ ১০॥

নন্ মাভূৎ কর্ম্মমার্গত্যাগে দোষঃ চতুর্থাশ্রমলিঙ্গত্যাগনিমিত্তো দোষঃ স্যাদেব ইত্যত আহ জ্ঞানদণ্ড ইত্যাদি। ত্রিদণ্ডিনো যথা দাগ্‌দণ্ডো মনোদণ্ডঃ কায়দণ্ডশ্চেতি ত্রিবিধো দণ্ডঃ এবমেকদণ্ডিনো দ্বিবিধঃ জ্ঞানদণ্ডঃ কাষ্ঠদণ্ডশ্চেতি। তেষাং স্বরূপঞ্চ দক্ষেণোক্তম্—"বাগ্দণ্ডে মৌনমাতিষ্ঠেৎ কর্ম্মদণ্ডে ত্বনীহতা। মানসস্য তু দণ্ডস্য প্রাণায়ামো বিধীয়তে॥" ইতি। এবং সতি মৌনাদীনাং বাগাদিদমনহেতুত্বাৎ যথা দণ্ডত্বং তথৈব অজ্ঞানতৎকার্য্যয়োর্দ্দমনহেতোর্জ্ঞানস্যাপি দণ্ডত্বম্। অয়ং জ্ঞানদণ্ডো

পরিত্যাগ করিয়া অদ্বৈত পরমাত্মাতে অবস্থিতি করিবে। কামনা থাকিলে ক্রোধলোভাদি জন্মে; সুতরাং কামনা পরিত্যাগে সকল চিত্তদোষই পরিত্যক্ত হইয়া থাকে; অতএব বাজসনেয়ীরা বলিয়া থাকেন যে, কামময়ই পুরুষ॥ ১০॥

যদিও পরমহংসদিগের কর্ম্মমার্গত্যাগে দোষ না হউক, তথাপি চতুর্থাশ্রমবিহিত লিঙ্গত্যাগে তাহার দোষ হইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন।—যাহারা ত্রিদণ্ডী তাহাদিগের বাগ্দণ্ড, মনোদণ্ড এবং কায়দণ্ড এই ত্রিবিধ দণ্ড আছে। আর যাহারা একদণ্ডী তাহাদিগের জ্ঞানদণ্ড ও কাষ্ঠদণ্ড এই দ্বিবিধ দণ্ড প্রসিদ্ধ। দক্ষ ইহাদিগের স্বরূপ বলিয়াছেন যে, বাগ্দণ্ডে মৌন আশ্রয় করিবে, কাষ্ঠদণ্ডে ইচ্ছাত্যাগ করিবে এবং মানসদণ্ডে প্রাণায়াম বিধেয়। যেমন মৌনাদি বাগাদির দমনহেতুবিধায় মৌনাদিকে দণ্ড বলা যায়, সেইরূপ জ্ঞানই অজ্ঞান এবং অজ্ঞানকার্য্যের দমনহেতুপ্রযুক্ত জ্ঞানের দণ্ডত্ব হইতেছে। যে পরমহংস

স যাতি নরকান্ ঘোরান্ মহারৌরবসংজ্ঞকান্।
ইদমন্তরং জ্ঞাত্বা স পরমহংসঃ ॥ ১১ ॥

আশাম্বরো ন নমস্কারো ন স্বধাকারো ন নিন্দাস্তুতির্ন বষট্কারো যাদৃচ্ছিকো ভবেদ্ভিক্ষুঃ ॥ ১২ ॥

যেন পরমহংসেন ধৃতঃ স এব মুখ্য একদণ্ডীত্যুচ্যতে। মানসস্য জ্ঞানদণ্ডস্য চিত্তবিক্ষেপেণ বিস্মৃতির্মাভূদিতি স্মারকঃ কাষ্ঠদণ্ডো ধ্রিয়তে। এতদেব জ্ঞাত্বা বেষমাত্রেণ পুরুষার্থসিদ্ধিমভিপ্রেত্য যেন পরমহংসেন কাষ্ঠদণ্ডো ধৃতঃ স বহুবিধযাতনোপেতত্বাৎ ঘোরান্ মহারৌরবসংজ্ঞকান্ নরকান্ যাতি প্রাপ্নোতি। তত্র হেতুঃ যতঃ সর্ব্বাশী বর্জ্জ্যাবর্জ্জ্যমকৃত্বা সর্ব্বমশ্নাতি। ইদং জ্ঞানদণ্ডকাষ্ঠদণ্ডয়োর্যৎ অন্তরম্ উত্তমত্বাধমত্বলক্ষণমুক্তং তজ্জ্ঞাত্বা উত্তমং জ্ঞানদণ্ডং যো ধারয়তি স এব পরমহংসো মুখ্যো জ্ঞেয় ইত্যর্থঃ ॥ ১১ ॥

ননু মা ভূদস্য কাষ্ঠদণ্ডঃ অন্যা তু চর্য্যা কীদৃশী? ইত্যাশঙ্ক্যাহ আশাম্বর ইত্যাদি। আশা এবাম্বরং যস্য সঃ দিগ্বাসাঃ ন নমস্কারঃ কর্ত্তব্যো যস্য স

এই জ্ঞানদণ্ড ধারণ করিয়াছেন, তাহাকেই মুখ্যদণ্ডী বলা যায়। চিত্তবিক্ষেপদ্বারা জ্ঞানদণ্ডের বিস্মৃতি হইতে পারে, এই নিমিত্ত জ্ঞানদণ্ডের স্মারকস্বরূপ কাষ্ঠদণ্ড ধারণ করে। ইহা জানিয়াও যে পরমহংস কোন অভিপ্রেত সিদ্ধির নিমিত্ত বেশকরণার্থ কাষ্ঠদণ্ড ধারণ করেন, সেই পরমহংস বহুবিধ জাতনোপেত ঘোর মহারৌরবনাম নরকে গমন করেন। যেহেতু পরমহংসগণ বর্জ্জ্যাবর্জ্জ্যজ্ঞান পরিত্যাগ করিয়া সকলই ভোজন করিতে পারেন, অতএব তাহার বেশাদি করিয়া অভিপ্রেত সিদ্ধির নিমিত্ত দণ্ডধারণ সর্ব্বথা বিগর্হিত, যিনি এইরূপ জ্ঞানদণ্ড ও কাষ্ঠদণ্ডের উত্তমাধমতা জানিয়া কেবল জ্ঞানদণ্ডই ধারণ করেন, তিনিই মুখ্য পরমহংস পদবাচ্য। ১১ ॥

যদি পরমহংস যোগিদিগের কাষ্ঠদণ্ড ধারণ না হউক, তথাপি তাহাদিগের অন্যান্য আচরণ কিরূপ? এই আশঙ্কায় বলিতেছেন।—পরম-

নাবাহনং ন বিসর্জ্জনং ন মন্ত্রো ন ধ্যানং নোপাসনঞ্চ ন লক্ষ্যং নালক্ষ্যং ন পৃথক্ নাপৃথক্ নাহং নত্বম্ ন সর্ব্ব-

ন নমস্কারঃ। নিষেধার্থমকারস্য সমাসত্বান্নলোপাভাবঃ। তদুক্তং "নির্নমস্কারমস্তুতিম্" ইতি। শ্রাদ্ধাদাবপি ন স্বধাকারোঽস্য স তথা ন নিন্দাস্তুতিঃ। নিন্দাস্তুর্বেত্যাদিবাক্যে পরৈঃ কৃতয়া নিন্দয়া অস্য ক্লেশো নিবারিতঃ অত্র তু স্বকর্ত্তৃকে নিন্দাস্তুতী নিষিধ্যেতে। যাদৃচ্ছিকঃ নির্ব্বন্ধরহিতঃ ভবেৎ স্যাৎ ভিক্ষুঃ পরমহংসঃ। ১২॥

নন্বস্তি নির্ব্বন্ধঃ "ভিক্ষাটনং জপঃ শৌচং স্নানং সুরার্চ্চনম্। কর্ত্তব্যানি ষড়েতানি সর্ব্বদা নৃপদণ্ডবৎ।" ইতি মুখ্যস্য ভেদাদর্শিত্বাত্তন্ন সম্ভবতি ইত্যভিপ্রায়েণাহ নাবাহনমিত্যাদি। ধ্যানং স্মরণম্ উপাসনং পরিচর্য্যেতি ভেদঃ। যথা স্তুতিনিন্দাদি লৌকিকং ন যথা দেবপূজাদি ধর্ম্মশাস্ত্রীয়ং ন তথৈব তত্ত্বমস্যাদি জ্ঞানশাস্ত্রীয়মপি। লক্ষ্য বাচ্যাদি ব্যবহার্য্যং

হংসেরা দিগম্বর হইয়া থাকিবে এবং তাঁহারা নমস্কার করেন না, শ্রুতিতে লিখিত আছে যে, পরমহংসগণ নির্নমস্কার ও নিঃস্তুতি। আর শ্রাদ্ধাদি কার্য্যেও তাহারা স্বধাশব্দ উচ্চারণ করিবে না, অপরে তাহাদিগকে নিন্দা করিলে তাহাদিগের ক্লেশ নিবারিত হয় এবং তাহারা কাহারও নিন্দা বা স্তব করিবে না, বষট্কার উচ্চারণেও তাহাদিগের অধিকার নাই এবং পরমহংস ভিক্ষুকেরা কোন নির্ব্বন্ধ, অর্থাৎ কোন নিয়মের বশীভূত হইবে না॥ ১২॥

পূর্ব্ব শ্রুতিতে উক্ত হইয়াছে যে, পরমহংস যোগিগণের কোন নির্ব্বন্ধ নাই, তাহারা যথেচ্ছাচারী ও "ভিক্ষাচরণ, জপ, শৌচ, স্নান, ধ্যান, দেবার্চ্চন, এই ষট্কর্ম্ম রাজদণ্ডের ন্যায় পরমহংসদিগের অবশ্য কর্ত্তব্য" এই শাস্ত্রানুসারে তাহাদিগের ভিক্ষাচরণাদি নির্ব্বন্ধ দেখা যাইতেছে। এইক্ষণ মুখ্যের ভেদদর্শিত্বপ্রযুক্ত তাহাও সম্ভবিতেছে না। এই অভিপ্রায়ে বলিতেছেন, পরমহংস যোগিদিগের আবাহন বা বিসর্জ্জন নাই, মন্ত্র নাই এবং ধ্যান বা উপাসনা কিছুই নাই। ধ্যানশব্দার্থ স্মরণ এবং

ঞ্চানিকেতস্থিতিরেব স ভিক্ষুর্হাটকাদীনাং নৈব পরিগ্রহেৎ ন লোকং নাবলোকনঞ্চ ॥ ১৩ ॥

যোগিনামিত্যাহ ন লক্ষ্যমিতি। সাক্ষিচৈতন্যং ত্বং পদেন লক্ষ্যং দেহাদি বিশিষ্টং চৈতন্যং ত্বং পদেন বাচ্যং ন লক্ষ্যং নালক্ষ্যং তদপি তস্য ন ব্যবহার্য্যমিত্যর্থঃ। চিৎপদার্থো জড়াৎ পৃথক্ তত্ত্বংপদয়োর্ব্বাচ্যং পৃথক্ লক্ষ্যং পৃথক্ ইত্যপি যোগিনো নাস্তি স্বদেহনিষ্ঠো বাচ্যোঽর্থোঽহং পরদেহ নিষ্ঠস্ত্বং তদপ্যস্য নাস্তি সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যপি ন চকারাদসর্ব্বং ন কিঞ্চিদস্তীত্যপি তস্য নাস্তি তচ্চিত্তস্য ব্রহ্মণি বিশ্রান্তত্বাৎ অতএব অনিকেতস্থিতিরেব স ভিক্ষুঃ যদি নিয়তবাসার্থং কঞ্চিন্মঠং সম্পাদয়েৎ তদা তস্মিন্ মমত্বে সতি তদীয়হানৌ বৃদ্ধৌ বা চিত্তং বিক্ষিপেৎ। মঠবৎ হাটকাদীনাং সুবর্ণরজতাদিপাত্রাণাং ভিক্ষাচমনাদ্যর্থানামেকমপি নৈব পরি-

---

উপাসনাশব্দার্থ পরিচর্য্যা; সুতরাং ধ্যান ও উপাসনার ভেদ দেখা যায়। যেমন পরমহংস যোগিদিগের স্তুতিনিন্দাদি লৌকিক ধর্ম্ম নাই, সেইরূপ দেবপূজাদি শাস্ত্রীয়ধর্ম্ম এবং তত্ত্বমস্যাদি জ্ঞানশাস্ত্রীয় ধর্ম্মও নাই। আর সাক্ষিচৈতন্যস্বরূপ তৎ পদের লক্ষ্য এবং দেহাদিবিশিষ্ট চৈতন্য ত্বং পদের বাচ্য, এইরূপ লক্ষ্যালক্ষ্যও তাহাদিগের নাই, অর্থাৎ যোগিরা লক্ষ্যালক্ষ্য ব্যবহার করেন না। চিৎপদার্থ জড় হইতে পৃথক্, ইত্যাদিরূপে তাহাদিগের পৃথক্ অপৃথক্ জ্ঞান নাই, আর স্বদেহনিষ্ঠবাচ্য অহং এবং পরদেহনিষ্ঠবাচ্য ত্বং পদার্থ, এইরূপ জ্ঞানও পরমহংসদিগের থাকে না। যেহেতু তাহাদিগের চিত্ত ব্রহ্মেতে বিশ্রান্ত থাকে; অতএব সকলই ব্রহ্মস্বরূপ এবং ব্রহ্মভিন্ন আর কিছুই নাই, এইরূপ জ্ঞানও পরমহংসদিগের অসম্ভব। তাহারা নিয়ত বাসার্থ কোন নিকেতন করিবে না, সর্ব্বদা অনাশ্রয়ে বাস করিবে। যদি তাহারা নিয়ত বাসের নিমিত্ত কোন মঠাদি নির্ম্মাণ করে, তাহাহইলে সেই মঠে মমতা জন্মে এবং সেই মঠের হ্রাসবৃদ্ধিতে চিত্তবিক্ষেপ হইতে পারে, এইরূপ সুবর্ণ রজতাদিপাত্র ব্যবহার করাও বিধেয় নহে, কারণ তাহাতে মমতা জন্মিলে চিত্তচাঞ্চল্য

অথাবলোকনমাত্রেণ অবাধক ইতি চেৎ তদ্বাধকো-
ঽস্ত্যেব। যস্মাদ্ভিক্ষুর্হিরণ্যং রসেন দৃষ্টঞ্চ স ব্রহ্মহা ভবেৎ।

গ্রহেৎ নাপি গৃহ্নীয়াৎ বিকরণব্যত্যয়ঃ। যদাহ যমঃ—"হিরণ্ময়ানি পাত্রাণি কৃষ্ণায়সময়ানি চ। যতীনাং তান্যপাত্রাণি বর্জ্জয়েজ্জ্ঞানি-ভিক্ষুকঃ॥" ইতি। তথা ন লোকং জনং শিষ্যবর্গং পরিগ্রহেৎ। ন কেবলং লোকং ত্যজেৎ কিন্তু নাবলোকনঞ্চ সান্নিধ্যাল্লোকস্যৈবাবলোক-নঞ্চ ন কুর্য্যাৎ॥ ১৩॥

যোগিনো লৌকিকবৈদিকব্যবহারগতানাং বাধকানাং বর্জ্জনমভি-হিতম্। অথ প্রশ্নোত্তরাভ্যামত্যন্তবাধকং প্রদর্শ্য তদ্বর্জ্জনমাহ অবাধক ইতি চেৎ তদ্বাধকোঽস্ত্যেবেতি। অথাবলোকনমাত্রেণেতি প্রক্ষিপ্তম্ বাক্যোপক্রম আকরঃ। তত্রাপি হিরণ্যস্যাত্যন্তবাধকত্বমাহ যস্মাদ্ভিক্ষু-রিত্যাদিনা রসেন প্রেম্না। ব্রহ্মহা ইতি ব্রহ্মৈব সত্যমন্যৎ মিথ্যা ইত্য-নঙ্গীকারাৎ ব্রহ্ম তেন হতমিব ভবতি তেন ব্রহ্মহা ভবেৎ। যৎ স্মৃতিঃ—

জন্মিতে পারে; অতএব যোগী পরমহংসগণ ভিক্ষাচরণ ও আচমনার্থ সুবর্ণ রজতাদিপাত্র গ্রহণ করিবে না। যম বলিয়াছেন যে, সুবর্ণময় পাত্র ও কৃষ্ণলৌহনির্ম্মিত পাত্র যতিদিগের পক্ষে অপাত্রমধ্যে পরিগণিত; সুতরাং জ্ঞানী ভিক্ষুকগণ তাহা বর্জ্জন করিবে। আর পরমহংস যোগীরা লোক পরিত্যাগ করিবে, অর্থাৎ শিষ্যাদি গ্রহণ করিবে না, কিম্বা লোক-সমাজে গমন করিবে না, পরন্তু নিকটে কোন লোক উপস্থিত হইলেও তাহারা লোকের প্রতি দৃষ্টিপাত করিবে না॥ ১৩।

ইতিপূর্ব্বে যোগিদিগের লৌকিক ও বৈদিক ব্যবহারবশত বাধক সকলের বর্জ্জন কথিত হইয়াছে, এইক্ষণে প্রশ্নোত্তরচ্ছলে অত্যন্ত বাধক প্রদর্শন করিয়া তাহার বর্জ্জন কথিত হইতেছে। যদিও পরমহংসদিগের বাধক সম্ভব আছে বটে, তথাপি তাঁহারা অবলোকনমাত্রই অবাধক হইতে পারেন, অর্থাৎ যোগীরা দর্শনমাত্র সকল বাধা নিবারণ করিতে পারেন। হিরণ্যাদিই যোগিদিগের যোগসাধনে বিশেষ বাধক, তাহাতেও

যস্মাদ্ভিক্ষুর্হিরণ্যং রসেন স্পৃষ্টঞ্চ স পৌল্কসো ভবেৎ
যস্মাদ্ভিক্ষুর্হিরণ্যং রসেন গ্রাহ্যঞ্চ স আত্মহা ভবেৎ

"ব্রহ্ম নাস্তীতি যো ব্রূয়াৎ দ্বেষ্টি ব্রহ্মবিদঞ্চ যঃ। অভূতব্রহ্মবাদী চ ত্রয়স্তে ব্রহ্মঘাতকাঃ॥" ইতি। যদ্বা ব্রহ্মঘ্ন ইতি তস্য নরকো ভবতি। পৌল্কস ইতি নিষাদাচ্ছূদ্রায়াং জাতঃ পুল্কসঃ প্রজ্ঞাদিত্বাৎ পৌল্কসঃ বর্ণব্যত্যয়েন পৌল্কসঃ তত্তুল্য ইতি যাবৎ। যৎ স্মৃতিঃ—"পতত্যসৌ ধ্রুবং ভিক্ষুর্যস্য ভিক্ষোর্দ্বয়ং ভবেৎ। ধীপূর্ব্বং রেত উৎসর্গো দ্রব্যসংগ্রহ এব চ॥" ইতি। আত্মহা ইতি অসঙ্গস্যাভোক্তুরাত্মনো হিরণ্যসঙ্গিত্বভোক্তৃত্বাঙ্গীকারাৎ। যৎ স্মৃতিঃ—"অন্যথা সন্তমাত্মানমন্যথা প্রতিপদ্যতে। কিং তেন ন কৃতং পাপং চৌরেণাত্মাপহারিণা।" ইতি। শ্রুতিরপি তস্যান্ধতামিস্রলোকা-

যোগের বাধা জন্মাইতে পারে না। যদি যোগীরা হিরণ্যের আকাঙ্ক্ষা করিয়া তাহা দর্শন করেন, তাহাহইলে তাহারা ব্রহ্মহা হইয়া থাকেন, অর্থাৎ ব্রহ্মই সত্য, অন্য সমুদায়ই মিথ্যা, এইরূপ অস্বীকারেই ব্রহ্মহত হইতেছেন। স্বর্ণের প্রতি আদর করিলেই তাহাদিগের উক্ত জ্ঞান নষ্ট হইল। স্মৃতিতে লিখিত আছে যে, যিনি "ব্রহ্ম নাই" এইরূপ বলেন, ব্রহ্মজ্ঞানীকে দ্বেষ করেন এবং যিনি অভূত ব্রহ্মবাদী, এই তিন ব্যক্তিই ব্রহ্মঘাতক বলিয়া অভিহিত হয়েন, অথবা যে পরমহংস হিরণ্যের আদর করেন, তিনি ব্রহ্মবধজনিত পাপভাগী হইয়া নরকভোগ করিয়া থাকেন। যে যোগী হিরণ্যের প্রতি প্রেম করিয়া তাহা স্পর্শ করেন, তিনি চণ্ডাল-তুল্য হন। স্মৃতিতে লিখিত আছে যে, যে ভিক্ষু জ্ঞানপূর্ব্বক রেতস্ত্যাগ করেন এবং যিনি দ্রব্য সংগ্রহ করেন, এই দ্বিবিধ ভিক্ষুই নরকে পতিত হইয়া থাকেন। আর যে পরমহংস হিরণ্যে অনুরক্ত হইয়া তাহা গ্রহণ করেন, তিনি আত্মহা হইয়া থাকেন, অর্থাৎ অসঙ্গ আত্মার হিরণ্যসঙ্গিত্ব-প্রযুক্ত ভোক্তৃত্ব স্বীকার করেন। স্মৃতিতে লিখিত আছে যে, যিনি এক প্রকারে বিদ্যমান আত্মাকে অন্য প্রকারে প্রতিপাদন করেন, সেই আত্মাপহারী চোর কি পাপ না করিতে পারে? শ্রুতিও আত্মঘাতীর

যস্মাদ্ভিক্ষুর্হিরণ্যং যো ন দৃষ্টঞ্চ ন স্পৃষ্টঞ্চ ন গ্রাহ্যঞ্চ সর্ব্বে কামা মনোগতা ব্যাবর্ত্তন্তে ॥ ১৪ ॥

দুঃখেনোদ্বিগ্নঃ সুখে নিস্পৃহঃ ত্যাগো রাগে সর্ব্বত্র শুভাশুভয়োরনভিস্নেহঃ ন দ্বেষ্টি ন প্রমোদঞ্চ সর্ব্বেষামি-

---

নাহ—"অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসা বৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ।" ইতি। ন দৃষ্টঞ্চ ন স্পৃষ্টঞ্চ ন গ্রাহ্যঞ্চেতি ইচ্ছেদিতি শেষঃ। চকারৈঃ শ্রুতঞ্চ কথিতঞ্চ ব্যবহৃতঞ্চ নেচ্ছেতি সমুচ্চয়ঃ। দর্শন-স্পর্শন গ্রহণবদভিলাষপূর্ব্বক-হিরণ্যবৃত্তান্তশ্রবণ-তদ্গুণকথন-তদীয়ক্রিয়াদিব্যবহারা অপি প্রত্যবায়হেতব ইত্যর্থঃ। হিরণ্যবর্জ্জনস্য ফলমাহ সর্ব্বে কামা মনোগতা ইতি। পুত্রভার্য্যাদীনাং হিরণ্যমূলকত্বাদিতি ভাবঃ। ১৪।

কামনিবৃত্তেঃ স্থিতপ্রজ্ঞত্বং ফলমাহ দুঃখেনোদ্বিগ্ন ইতি। দুঃখে সতি উদ্বেগং ন গতঃ সুখে অভিলাষরহিতঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। সুখদুঃখয়োরবিক্ষেপকত্বেন তৎসাধনয়োরপ্যবিক্ষেপকত্বমাহ ত্যাগো রাগে ইতি।

অন্ধতামিস্র নামক নরক নির্দ্দিষ্ট করিয়াছেন, অর্থাৎ যাঁহারা আত্মঘাতী, তাঁহারা এই লোক হইতে পরলোকে গমন করিয়া সূর্য্যবিহীন এবং অন্ধকারাবৃত স্থানে গমন করে। আর যে সকল যোগীরা হিরণ্যের লাভ কামনায় তাহা দর্শন করেন না, স্পর্শ করেন না, গ্রহণ করেন না, ইচ্ছা করেন না। পরন্তু হিরণ্যের দর্শন, স্পর্শন গ্রহণের ন্যায় অভিলাষপূর্ব্বক হিরণ্যবৃত্তান্ত শ্রবণ, তাহার গুণ কথন এবং হিরণ্যের ক্রিয়াদি ব্যবহারও পাপহেতু; সুতরাং হিরণ্যত্যাগী ব্যক্তিরাই সর্ব্বকাম-সম্পন্ন হইতে পারেন ॥ ১৪ ॥

স্থিতপ্রজ্ঞত্বই কামনানিবৃত্তির ফল বলিয়া কথিত হয়, অর্থাৎ যিনি দুঃখে উদ্বেগী হন না এবং সুখে অভিলাষ করেন না, তিনিই স্থিতপ্রজ্ঞ বলিয়া অভিহিত হয়েন। সুখ ও দুঃখ যাহাকে চঞ্চল করিতে পারে না; সুতরাং সুখদুঃখের সাধনও তাহাকে চঞ্চল করিতে সমর্থ হয় না। পরম-

ন্দ্রিয়াণাং গতিরুপরমতে জ্ঞানে স্থিরসুঃ য আত্মন্যেবাবস্থীয়তে স এব যোগী চ স এব জ্ঞানী চ ॥ ১৫ ॥

রাগে রঞ্জনহেতৌ ঐহিকামুষ্মিকে ত্বস্য ত্যাগো ভবতি ফলানপেক্ষত্বাৎ। রাগত্যাগং বিবৃণোতি সর্ব্বত্র শুভাশুভয়োরিতি। অনভিস্নেহোঽনভিদ্বেষ ইত্যপি জ্ঞেয়ম্। রাগত্যাগস্য ফলমাহ ন দ্বেষ্টি ন প্রমোদঞ্চেতি। প্রতিকূলান্ ন দ্বেষ্টি অনুকূলং দৃষ্ট্বা প্রমোদঞ্চ ন যাতি। ততঃ কিং স্যাদত আহ সর্ব্বেষামিন্দ্রিয়াণাং গতিরুপরমতে ইতি। সুখপ্রাপ্তয়ে দুঃখপরিহারায় চ ইন্দ্রিয়প্রবৃত্তিঃ তদ্দ্বয়স্য যোগিনোঽনুদ্দেশ্যত্বাদিন্দ্রিয়োপরম ইতি ভাবঃ। ননু নির্ব্বীজো যোগো দুঃসাধ্য ইত্যাশঙ্ক্য পরমপ্রেমাস্পদাত্মাবলম্বত্বাৎ সুসাধ্য এবেত্যাশয়েন আত্মনিষ্ঠামুপসংহরতি য আত্মন্যেবাবস্থীয়তে ইতি। অবতিষ্ঠতে ইতি বাচ্যে ব্যত্যয়ঃ। তদুক্তম্—"ন সুখং দেবরাজস্য ন সুখং চক্রবর্ত্তিনঃ। যৎ সুখং বীতরাগস্য জ্ঞাননিষ্ঠস্য যোগিনঃ॥" ইতি। ইন্দ্রিয়োপরতৌ চ ন কদাচিদাত্মনি নির্ব্বিকল্পকসমাধের্ব্বিঘ্না ভবন্তি তেষাং কা স্থিতিরিতি প্রশ্নস্য সংক্ষেপবিস্তারাভ্যা-

হংসগণ ফলানপেক্ষীপ্রযুক্ত ঐহিক ও পারত্রিক সুখসাধন সামগ্রীতে রাগ ত্যাগ করেন, যেহেতু তাঁহারা শুভাশুভ সকল বিষয়েই নিস্পৃহ। যাহারা রাগ ত্যাগ করিয়াছেন, তাঁহারা কোন প্রতিকূল বস্তু দর্শনে দ্বেষ করেন না এবং অনুকূল বস্তুতে প্রমোদ অনুভব করেন না। তাহাহইলেই তাহাদিগের সকল ইন্দ্রিয়ের গতি উপরত হয়, অর্থাৎ সুখসাধনে বা দুঃখাপনয়নে যোগিদিগের কোন ইন্দ্রিয়বৃত্তি হয় না। বাস্তবিক যিনি জ্ঞানসাধনে স্থির হইয়া আত্মাতে অবস্থিত আছেন, তিনিই যোগী এবং তিনিই জ্ঞানী। শাস্ত্রান্তরে বিরাগী জ্ঞাননিষ্ঠ যোগীর যে সুখ হয়, দেবরাজ ইন্দ্র, অথবা সসাগরা ধরার অদ্বিতীয় অধীশ্বরের সেই সুখ হইতে পারে না। পরন্তু ইন্দ্রিয়ের উপরতি হইলে কখনও আত্মার নির্ব্বিকল্পক সমাধিতে কোন বিঘ্ন হইতে পারে না। পরমহংসদিগের কিরূপ স্থিতি?

যৎ পূর্ণানন্দৈকরসবোধঃ তদ্‌ব্রহ্মাহমস্মীতি কৃতকৃত্যো ভবতি তদ্‌ব্রহ্মাহমস্মীতি কৃতকৃত্যো ভবতি ॥ ১৬ ॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদীয় পরমহংসোপনিষৎ সমাপ্তা ॥

ত্তরং পূর্ব্বমুক্তং তদেবাত্র পুনরপি হিরণ্যনিষেধ প্রসঙ্গেন স্পষ্টীকৃতম্ ॥ ১৫ ॥

অথ বিদ্বৎসন্ন্যাসমুপসংহরতি যৎ পূর্ণানন্দৈকরসবোধঃ তদ্‌ব্রহ্মাহমস্মীতি কৃতকৃত্যো ভবতি তদ্‌ব্রহ্মাহমস্মীতি কৃতকৃত্যো ভবতীতি। অধিকপ্রক্ষিপ্তগ্রন্থনিরাসায় সম্পূর্ণপ্রতীকোপাদানম্। যৎ ব্রহ্মবেদান্তেষু পূর্ণানন্দৈকরসবোধঃ পরমাত্মেতি নিরূপিতং তদ্‌ব্রহ্মাহমস্মীতি অনুভবন্ যোগী পরমহংসঃ কৃতকৃত্যঃ কৃতার্থো ভবতীত্যর্থঃ। যৎ স্মৃতিঃ—"জ্ঞানামৃতেন তৃপ্তস্য কৃতকৃত্যস্য যোগিনঃ। নৈবাস্তি কিঞ্চিৎ কর্ত্তব্যমস্তি চেন্ন স তত্ত্ববিৎ।" ইতি দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা। ১৬।

এই প্রশ্নের সংক্ষেপে ও বিস্তাররূপে উত্তর পূর্ব্বে উক্ত হইয়াছে, এইক্ষণ পুনর্ব্বার হিরণ্যত্যাগ প্রসঙ্গে তাহাই স্পষ্টীকৃত হইল ॥ ১৫ ॥

এইক্ষণ জ্ঞানিগণের সন্ন্যাসের উপসংহার করিতেছেন, যাঁহার পূর্ণানন্দসরবোধ হইয়াছে, তিনি "আমিই সেই ব্রহ্ম" এইরূপ জ্ঞান করিয়া কৃতকৃত্য হইয়া থাকেন। শাস্ত্রান্তরে লিখিত আছে যে, যে যোগী জ্ঞানরূপ অমৃতদ্বারা পরিতৃপ্ত হইয়াছেন, ইহলোকে তাহার কোন কর্ত্তব্য নাই। পরন্তু যাহার ইহলোকে কর্ত্তব্য আছে, সে প্রকৃত তত্ত্ববিদ নহে। উপনিষদাদির অধ্যায়ান্তে শেষবাক্য দুইবার উচ্চারণ কর্ত্তব্য; অতএব

নারায়ণেন রচিতা জীবন্মুক্তিবিবেকতঃ।
শ্রুত্যর্থাপারপরমহংসোপনিষদ্দীপিকা॥
সচ্চিদানন্দপূর্ণোঽহং কূটস্থাদ্বৈতরূপতঃ।
মহাবাক্যপ্রবোধেন কৃতকৃত্যো ভবেন্মুনিঃ॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদে পরমহংসোপনিষদো-দীপিকা সম্পূর্ণা

"তদ্‌ব্রহ্মাহমস্মীতি কৃতকৃত্যো ভবতি" এই বাক্য দুইবার প্রযুক্ত হইয়াছে। ১৬॥

ইতি শুক্ল-যজুর্ব্বেদীয় পরমহংসোপনিষৎ সমাপ্ত॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

আত্মোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।

কলিকাতা।

বাগ্বাজার, ৮৪ নং, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্; নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আষাঢ়।

(*All rights reserved.*)

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

আত্মোপনিষৎ।

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওম্ অথাঙ্গিরাস্ত্রিবিধঃ পুরুষঃ তদ্‌যথা—বাহ্যাত্মা অন্তরাত্মা পরমাত্মা চেতি ॥ ১ ॥

আত্মত্রয়ী পরাত্মোপনিষৎ খণ্ডত্রয়ান্বিতা।
অষ্টাবিংশী গ্রন্থসঙ্ঘে শাখা শৌনকবর্ত্তিতা ॥

পিণ্ডগ্রহণে বিরক্তস্য পরমাত্মানং বোধয়িতুং শাখাচন্দ্রন্যায়েন আত্মদ্বয়ং নিরূপ্য নিরঞ্জনং সংসারাতীতং পরমাত্মানং নিরূপয়িতুমিয়মারভ্যতে অথাঙ্গিরা ইতি। অথ ব্রহ্মণা দেবর্ষীন্ প্রতি পিণ্ডনিরূপণানন্তরং তদ্বিমোক্ষার্থী অঙ্গিরা ঋবাচেতি শেষঃ বাহ্যাত্মাদয়ো বক্ষ্যমাণলক্ষণাঃ ॥ ১ ॥

পিণ্ডগ্রহণে বিরক্ত ব্যক্তির পরমাত্মবোধার্থ আত্মদ্বয় নিরূপণ করিয়া নিরঞ্জন সংসারাতীত পরমাত্মনিরূপণার্থ আত্মোপনিষদের আরম্ভ হইতেছে।—ব্রহ্মা দেবর্ষিদিগের নিকট পিণ্ড নিরূপণ করিলে অঙ্গিরানামক

ত্বগস্থি মাংস-মজ্জা-লোমাঙ্গুল্যঙ্গুষ্ঠ-পৃষ্ঠি-বংশ-নখ-গুল্-ফোদর-নাভি-মেঢ্র-কট্যুরু--কপোল--ভ্রূ--ললাট-বাহু-পার্শ্ব-শিরো-ধমনিকাক্ষীণি শ্রোত্রাণি ভবন্তি জায়তে ম্রিয়তে ইত্যেষ বাহ্যাত্মা নাম ॥ ২ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

জায়তে ম্রিয়তে ইতি প্রত্যাহারেণ ষড়্ভাববিকারা যাস্কোক্তা গৃহ্যন্তে। তে যথা "জায়তে অস্তি বর্দ্ধতে বিপরিণমতে অপক্ষীয়তে নশ্যতি চ" ইতি। যত্র পঞ্চবিংশতিত্বগাদয়ো ভবতি ষড়্ভাববিকারাশ্চ স বাহ্যাত্মা নাম ইত্যন্বয়ঃ ॥ ২ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

ঋষি প্রজাপতির নিকট কহিয়াছিলেন,—আত্মা ত্রিবিধ; যথা,—বাহ্যাত্মা, অন্তরাত্মা ও পরমাত্মা, এই আত্মত্রয়ের লক্ষণ পরে বিবৃত হইতেছে ॥ ১ ॥

যাঁহার চক্ষু, অস্থি, মাংস, মজ্জা, লোম, অঙ্গুলি, অঙ্গুষ্ঠ, পৃষ্ঠিবংশ (মেরুদণ্ড), নখ, গুল্ফ, উদর, নাভি, মেঢ্র, কটি, উরু, গণ্ড, ভ্রূ, ললাট, বাহু, পার্শ্ব, শির, ধমনিকা (শিরা) চক্ষু ও শ্রোত্র এই সকল আছে এবং যাহা ষড়্ভাববিকারসম্পন্ন, অর্থাৎ যে জন্মিতেছে, বিদ্যমান আছে, বৃদ্ধি পাইতেছে, অবস্থান্তর পাইতেছে, ক্ষয় পাইতেছে এবং বিনাশ পাইতেছে, তাহাই বাহ্যাত্মা ॥ ২ ॥

ইতি প্রথম খণ্ড ॥ ১ ॥

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

অথান্তরাত্মা নাম পৃথিব্যপ্-তেজো-বায়্বাকাশ-মিচ্ছা-দ্বেষ-সুখ-দুঃখ-কাম-মোহ-বিকল্পনাদিভিঃ স্মৃতি-লিঙ্গো-দাত্তানুদাত্ত--হ্রস্ব-দীর্ঘ--প্লুত-স্খলিত-গর্জ্জিত-স্ফুটিত-মুদিত-নৃত্য-গীত-বাদিত্র-প্রলয়-বিজৃম্ভিতাদিভিঃ শ্রোতা ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ পুরাণং ন্যায়ো মীমাংসা ধর্ম্মশাস্ত্রাণীতি শ্রবণঘ্রাণাকর্ষণ-কর্ম্ম-বিশেষণং করোতি এষোঽন্তরাত্মা নাম ॥ ১ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

পৃথিব্যাদি বিজৃম্ভিতাদি-পর্য্যন্তৈরুপলক্ষিতঃ বিজ্ঞানাত্মা বুদ্ধিময়ঃ কর্ম্ম সামান্যং শ্রবণাদিলক্ষণং যঃ করোতি সোঽন্তরাত্মেত্যন্বয়ঃ ॥ ১ ॥

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২ ॥

অনন্তর অন্তরাত্মা কথিত হইতেছে।—যিনি পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, কাম, মোহাদি ও ত্রিবিধ কল্পনাদি-দ্বারা উপলক্ষিত এবং স্মৃতি, লিঙ্গ ও উদাত্ত, অনুদাত্ত, হ্রস্ব, দীর্ঘ, প্লুত এই সকল স্বর, স্খলিত, গর্জ্জিত, স্ফুটিত, নৃত্য, গীত, বাদিত্র, প্রাণ ও জৃম্ভণাদি-বিশিষ্ট হইয়া শ্রবণ করিতেছেন, আঘ্রাণ করিতেছেন, আস্বাদ করিতে-ছেন, মনন করিতেছেন এবং যিনি বোদ্ধা, যিনি কর্ত্তা, যিনি বিজ্ঞানময়

তৃতীয়ঃ খণ্ডঃ।

অথ পরমাত্মা নাম যথাক্ষরমুপাসনীয়ঃ। স চ প্রাণায়াম-প্রত্যাহার-সমাধি-যোগানুমানাধ্যাত্ম-চিন্তনম্ ॥ ১ ॥

নন্বু পরমাত্মা বাঙ্মনসগোচরাতীতত্বাৎ কথং জ্ঞেয়ঃ? ইত্যাশঙ্ক্যাহ যথেতি। যথাক্ষরম্ যথোপদেশম্ উপাসনীয়ঃ উপাস্যো জ্ঞেয়ঃ তং ত্বোপনিষদং পুরুষং পৃচ্ছামীতি তস্য বেদৈকগম্যত্বাৎ মনসৈবানুদ্রষ্টব্যমিতি শ্রুতেঃ অসংস্কৃতেন চ মনসা অগ্রাহ্যত্বাৎ সংস্কারানাহ প্রাণায়ামেতি। প্রাণায়ামাদিভির্যোগানুমানেন চ অধ্যাত্মচিন্তকং প্রতি প্রকাশতে ইতি শেষঃ ॥ ১ ॥

পুরুষ, যিনি পুরাণ, ন্যায়, মীমাংসা, ধর্ম্মশাস্ত্র ও শ্রবণ, আঘ্রাণ, আকর্ষণাদিবিশিষ্ট বিশেষ কর্ম্ম করিয়া থাকেন, তিনিই অন্তরাত্মা ॥ ১ ॥

ইতি দ্বিতীয় খণ্ড ॥ ২ ॥

পরমাত্মা বাক্য ও মনের অগোচর; সুতরাং তাঁহাকে কিরূপে জানা যাইতে পারে? অতএব সেই অক্ষর পরমাত্মাকে যেরূপে উপাসনা করিয়া জানা যাইতে পারে, আমাকে তাহার উপদেশ করুন,—হে ব্রহ্মন্! আমি আপনার নিকট সেই উপনিষৎপ্রতিপাদ্য পুরুষকে জানিতে ইচ্ছা করি। তখন প্রজাপতি অঙ্গিরার প্রশ্ন শ্রবণ করিয়া কহিলেন,—সেই পরমাত্মা একমাত্র বেদের গম্য; সুতরাং মনদ্বারাই তাঁহাকে জানা যাইতে পারে। কিন্তু মনের সংস্কার না হইলে অসংস্কৃত মনুদ্বারা পরমাত্মাকে গ্রহণ করা যায় না। অতএব প্রাণায়াম, প্রত্যাহার, সমাধিপ্রভৃতি যোগদ্বারা মনের সংস্কার হইলে অনুমান করিয়া পরমাত্মাকে জানিতে হয় ॥ ১ ॥

বটকণিকা শ্যামাক-তণ্ডুলো বালাগ্রশত-সহস্র-বিকল্প-নাদিভির্ন লভ্যতে নোপলভ্যতে ন জায়তে ন ম্রিয়তে ন শুষ্যতে ন ক্লিদ্যতে ন দহ্যতে ন কম্পতে ন ভিদ্যতে ন ছিদ্যতে নির্গুণঃ সাক্ষী ভূতঃ শুদ্ধো নিরবয়বাত্মা কেবলঃ

নন্বসৌ বিভুর্ব্বিশ্বাধিকপ্রমাণঃ কথমপ্রত্যক্ষঃ? ইত্যাশঙ্ক্যাহ বটকণিকেতি। যথা বটকণিকা বটবীজং সূক্ষ্মাপি মহান্তং বটং সূতে এবমসৌ সূক্ষ্মোঽপি জগৎ সূতে। শ্যামাক-তণ্ডুলোঽতিসূক্ষ্মোঽপি মহান্তং স্তম্বং সূতে তদ্বদসাবিত্যর্থঃ। নন্বু বীজবদ্দৃষ্টীনাং প্রত্যক্ষোঽপি কিং ন স্যাৎ? অত আহ বালাগ্রেতি। "বালাগ্র-শতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্পতে॥" ইতি শ্রুতেঃ। অতিসূক্ষ্মত্বাৎ সর্ব্বথা অপ্রত্যক্ষ ইত্যর্থঃ। ন লভ্যতে কর্ম্মেন্দ্রিয়ৈঃ নোপলভ্যতে জ্ঞানেন্দ্রিয়ৈঃ জন্ম-মরণ-শোষ-ক্লেদ-দাহ-কম্প-ভেদ-চ্ছেদ-নিষেধৈঃ ক্রিয়ামাত্রং

সেই পরমাত্মা বিভু, তাঁহার পরিমাণ বিশ্বাধিক? তবে কি কারণে তিনি প্রত্যক্ষীভূত হইতেছেন না? এই আশঙ্কায় বলিতেছেন।—যেমন বটবীজ অতি সূক্ষ্ম হইয়া মহান্ শাখাপ্রশাখাদিবিশিষ্ট বটবৃক্ষ উৎপাদন করে এবং যেমন শ্যামক তণ্ডুল অতি সূক্ষ্ম হইয়াও বৃহৎ গুচ্ছ জন্মায়, সেইরূপ পরমাত্মা অতি সূক্ষ্ম, অথচ এই বৃহৎ জগৎ উৎপাদন করিতেছেন। আর যাহারা পরমাত্মাকে বীজবৎ জ্ঞান করে, তাহাদিগের প্রত্যক্ষ হয় না কেন? এই আশঙ্কায় বলিতেছেন,—তিনি বীজের ন্যায় হইলেও প্রত্যক্ষীভূত হইতে পারেন না, কারণ শ্রুতিতে লিখিত আছে যে, একটি কেশকে শতভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগ যেরূপ সূক্ষ্ম হয়, বীজও সেইরূপ সূক্ষ্ম, পরমাত্মা অতি সূক্ষ্মবিধায় সর্ব্বথাই তাঁহার প্রত্যক্ষ অসম্ভব। পরমাত্মাকে কর্ম্মেন্দ্রিয় বা জ্ঞানেন্দ্রিয়দ্বারা লাভ করা যায় না। পরমাত্মা জন্মেন না, মরেন না, তিনি শুষ্ক হয়েন না, বা পচিয়া গলিত হয়েন না, তাঁহাকে কেহ দগ্ধ করিতে পারে না,

সূক্ষ্মো নিষ্কলো নিরঞ্জনো নিরভিমানঃ শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধ-বর্জ্জিতো নির্ব্বিকল্পো নিরাকাঙ্ক্ষঃ ॥ ২ ॥

সর্ব্বব্যাপী সোঽচিন্ত্যোঽবর্ণ্যশ্চ পুনাত্যশুদ্ধান্যপূতানি

নিষিদ্ধম্। সাক্ষী সাক্ষাদ্দ্রষ্টা ভূতঃ সিদ্ধঃ শুদ্ধঃ সহজাগন্তুক-মলরহিতঃ নিরবয়বাত্মা সাবয়বাত্মভেদশূন্যঃ কেবলঃ সজাতীয়-বিজাতীয়-ভেদ-শূন্যঃ সূক্ষ্মঃ দুর্লক্ষ্যঃ নিষ্কলঃ ষোড়শকলারহিতঃ নিরঞ্জনঃ আগন্তুক-মলরহিতঃ নিরভিমানঃ অহঙ্কারদোষরহিতঃ শব্দেতি বাহ্যেন্দ্রিয়দোষরহিতঃ নির্ব্বিকল্পঃ মনোদোষরহিতঃ নিরাকাঙ্ক্ষঃ আকাঙ্ক্ষাদিবুদ্ধিদোষরহিতঃ ॥ ২ ॥

নন্থ সূক্ষ্মশ্চেৎ কথমাকাশাদীনামাত্মপ্রদঃ? ইত্যত আহ সর্ব্বব্যাপীতি। অত এব বিকল্পনাদিভিরিত্যুক্তং বস্তুতস্তু অণু-মহত্ত্বাদি-পরিমাণরহিত এব স্বমহিম্না সর্ব্বং ব্যাপ্নোতি ভগবান্; অতএব সঃ ঈশ্বরঃ অচিন্ত্যোঽবর্ণ্যশ্চ অশুদ্ধানি চাণ্ডালাদীনি অপূতানি পাপাদিদুষ্টানি সত্ত্বানি নিষ্ক্রিয়োঽপি

তিনি কম্পিত হয়েন না। তাঁহাকে ভেদ করা যায় না, ছেদন করা যায় না, অর্থাৎ পরমাত্মার জন্ম, মরণ, শোষ, ক্লেদ, দাহ, কম্প, ভেদ, ছেদ, এই সকলের নিষেধপ্রযুক্ত তাহার কোন ক্রিয়াও নাই, ইহাই জানা যাইতেছে। তিনি নির্গুণ ও সাক্ষী, অর্থাৎ সর্ব্বদ্রষ্টা, তিনি স্বতঃসিদ্ধ এবং শুদ্ধ, অর্থাৎ সহজ বা আগন্তুক মলরহিত, সাবয়ব আত্মভেদশূন্য, সজাতীয়বিজাতীয় ভেদবর্জ্জিত, সূক্ষ্ম অর্থাৎ কেহ তাঁহাকে লক্ষ্য করিতে পারে না, তিনি ষোড়শকলারহিত, আগন্তুক মলরহিত এবং অহঙ্কারাদি দোষশূন্য। তাঁহার শব্দ নাই, স্পর্শ নাই, রূপ নাই, রস নাই এবং গন্ধ নাই, অর্থাৎ তিনি বাহ্যেন্দ্রিয়-দোষরহিত, নির্ব্বিকল্প, অর্থাৎ মনোদোষ-শূন্য এবং আকাঙ্ক্ষাদি বুদ্ধিদোষরহিত ॥ ২ ॥

পরমাত্মা অতি সূক্ষ্ম হইলেও তিনি আকাশাদির আস্পদ, যেহেতু তিনি সর্ব্বব্যাপী। বাস্তবিক পরমাত্মার অণু বা মহত্ত্বাদি কোনরূপ পরিমাণ নাই। ভগবান্ স্বীয় মহিমাপ্রভাবে সকল ব্যাপিয়া আছেন; অত-

নিষ্ক্রিয়ঃ সংস্কারো নাস্তি ইত্যেষ পরমাত্মা পুরুষো নাম এষ পরমাত্মা পুরুষো নাম ॥ ৩ ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

ইতি আত্মোপনিষৎ সমাপ্তা ॥

ধ্যানস্থঃ পুনাতি। যদ্যপি আগমশাস্ত্রে জ্ঞানাত্মাপি চতুর্থ উক্তঃ শরীরান্তঃকরণ-জীব-পরমাত্মভেদেন তথাপি জীব-পরমাত্মনোরভেদমাশ্রিত্য ইহ ত্রিবিধ এবোক্তঃ। তদুক্তং গীতাসু—"দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ। ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে। উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ॥" ইতি। ইদমাত্মচতুষ্টয়ং প্রণবস্যাকারো-

---

এব তিনি ঈশ্বর অচিন্তনীয় এবং তাহাকে কোনরূপেও কেহ বর্ণন করিতে পারে না। তিনি নিষ্ক্রিয় তথাপি ধ্যানস্থ হইলে অপবিত্র চণ্ডালাদি ও পাপাদিদূষিত প্রাণীকে পবিত্র করিয়া থাকেন, অর্থাৎ চণ্ডালাদিরাও যদি তাঁহাকে ধ্যান করে, তাহাহইলে মুক্ত হইতে পারে। যদিও আগমাদিতে চতুর্থ জ্ঞানাত্মা উক্ত আছে, (আগমাদিশাস্ত্রে শরীরাত্মা, অন্তরাত্মা, জীবাত্মা ও পরমাত্মা এই চতুর্ব্বিধ আত্মভেদ কথিত হইয়াছে), তথাপি জীব ও পরমাত্মার অভেদহেতুই বেদান্তে ত্রিবিধ আত্মা অভিপ্রেত। গীতাতে লিখিত আছে যে, লোকে ক্ষর ও অক্ষর, এই দ্বিবিধপুরুষ প্রসিদ্ধ আছে, তন্মধ্যে এই সর্ব্বভূতই ক্ষর এবং যিনি কূটস্থ তাঁহাকে অক্ষর বলা যায়। আর যিনি এতদ্ভিন্ন উত্তম পুরুষ, তিনিই পরমাত্মা। আর পরমাত্মা স্বয়ং অসঙ্গ; অতএব তাঁহার পূর্ব্ব প্রজ্ঞা নাই। ইহাই পরমাত্মার

কার-মকারাৎ পরং বিন্দু-নাদ শক্তি-শান্তাখ্যাবস্থা-চতুষ্টয়াত্মকং দ্রষ্টব্যম্। সংস্কারঃ পূর্ব্বপ্রজ্ঞা স নাস্তি স্বতোঽসঙ্গত্বাৎ দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা ॥ ৩ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানামাত্মোপনিষদ্দীপিকা ॥

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৩ ॥

ইতি আত্মোপনিষদো-দীপিকা সম্পূর্ণা ॥

লক্ষণ। উপনিষদাদির শেষবাক্য দুইবার পাঠ করিতে হয়, ইহাই বৈদিক-রীতি এই নিমিত্ত "এষ পরমাত্মা পুরুষোনাম" এই শেষবাক্য দুইবার উল্লিখিত হইয়াছে ॥ ৩ ॥

ইতি তৃতীয় খণ্ড ॥ ৩ ॥

ইতি আত্মোপনিষৎ সমাপ্ত ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

চূলিকোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগ্বাজার, ৮৪ নং, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্; নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আষাঢ়

(*All rights reserved.*)

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ ॥

চূলিকোপনিষৎ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওম্ অষ্টপাদং শুচির্হংসং ত্রিসূত্রং মণিমব্যয়ম্।
দ্বিবর্ত্তমানং তেজসৈদ্ধং সর্ব্বঃ পশ্যন্ ন পশ্যতি ॥ ১ ॥

ওঁ চূলিকা চূলিকা লোকে স্তম্ভাগ্রং তীক্ষ্ণমুচ্যতে।
তদ্বদ্বেদান্তভাগোঽয়ং চতুঃখণ্ডা হি পঞ্চমী ॥

যোগফলমাত্মদর্শনম্ স চাত্মা অতিসন্নিহিতোঽপি কণ্ঠস্থহারবৎ পরাগ্রদৃষ্টিনা গুরুং বিনা ন দৃশ্যতে ইতি তদ্বোধনার্থমুত্তরো গ্রন্থঃ। তত্র হাররূপকেণাহ অষ্টপাদমিতি। অষ্টৌ প্রকৃতিরূপাঃ পাদাঃ অবয়বা অস্য তম্ অষ্টপাদম্ তদুক্তম্—"ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।

আত্মদর্শনই যোগসাধনের ফল, সেই আত্মা অতি নিকটস্থ বটে, তথাপি লোকে কণ্ঠস্থিত হারের ন্যায় গুরূপদেশ-ব্যতিরেকে কেহ তাঁহাকে দেখিতে পাইতেছে না। অতএব সেই আত্মবোধনার্থ এই চূলিকোপনিষদের আরম্ভ হইয়াছে।—যেমন কণ্ঠাবয়ব মণিময় উজ্জ্বল

ভূতসম্মোহনে কালে ভিন্নে তমসি চৈশ্বরে।
অন্তঃ পশ্যতি সত্ত্বস্থং নির্গুণং গুণকোটরে ॥ ২ ॥

অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥" ইতি। অস্যাঃ পাদত্বং সর্ব্বতঃ প্রাথম্যসাম্যাৎ। শুচিঃ উজ্জ্বলং শুচিঃ শব্দঃ সকারান্তো নপুংসকম্ শুচিমিতি বা পাঠঃ। হন্তি অজ্ঞানমিতি হংসঃ তং ত্রীণি সূত্রাণি ধর্ম্মার্থকামা যস্য মোক্ষস্য স্বরূপানতিরেকাৎ। ত্রয়ো গুণা বা ত্রিসূত্রং তিস্রো নাড্যো বা। মণিং প্রকাশকত্বাৎ ন বিবিধমেতীতি অব্যয়ম্ একরূপং দ্বয়োঃ স্থূলসূক্ষ্মদেহয়োঃ বর্ত্তমানং তিষ্ঠন্তং দ্বিবর্ত্তমানং তেজসা প্রকাশেন ইদ্ধং দীপ্তং তেজসৈদ্ধং ছান্দসী বৃদ্ধিঃ। এবম্বিধমাত্মানং কণ্ঠস্থহারমিব সর্ব্বো লোকঃ পশ্যন্নপি ন পশ্যতি। হারোঽপি অষ্টকঃ কণ্ঠিকাবয়বঃ উজ্জ্বলঃ হংসলক্ষণোপেতঃ ত্রিবৃৎসূত্রঃ মণিময়ঃ দৃঢ়ঃ দ্বয়োঃ দক্ষিণোত্তরভাগয়োর্ব্বর্ত্তমানঃ তেজসা দীপ্তশ্চ ভবতি সর্ব্বো লোকঃ তং পশ্যন্নপ্যতিসান্নিধ্যান্ন পশ্যতি ॥ ১ ॥

তর্হি তদ্দর্শনে ক উপায়ঃ? ইত্যত আহ ভূতেতি। ভূতমোহজনকে কালে কৃষ্ণবর্ণে ঐশ্বরে ঈশ্বরাধিষ্ঠিতে তমসি অজ্ঞানে ভিন্নে নষ্টে সতি

ত্রিগুণিত বামদক্ষিণ উভয়ভাগে অবস্থিত সাতিশয় প্রভাবশালী হার সকল লোকই দেখিয়াও দেখিতে পায় না, সেইরূপ ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বুদ্ধি ও অহঙ্কার এই অষ্টপ্রকৃতিরূপ অষ্টপাদবিশিষ্ট উজ্জ্বল হংস, অর্থাৎ অজ্ঞানবিনাশক ধর্ম্মার্থকামাত্মক ত্রিসূত্রান্বিত অথবা সত্ত্বাদিগুণত্রয়শালী, কিম্বা ঈড়াদি নাড়ীত্রয়বিশিষ্ট মণিপ্রকাশক অব্যয়, অর্থাৎ একরূপী স্থূল ও সূক্ষ্ম এই দ্বিবিধ দেহে বর্ত্তমান এবং স্বীয়-প্রভায়-প্রদীপ্ত পরমাত্মাকে দেখিয়াও কেহ দেখিতে পায় না ॥ ১ ॥

এইক্ষণ আত্মদর্শনের উপায় কি? তাহাই বলিতেছেন।—সর্ব্বভূতের মোহকারী কৃষ্ণবর্ণ ঐশ্বরীয় অন্ধকার, অর্থাৎ অজ্ঞানবিনষ্ট হইলে সকলেই নিকটে তাঁহাকে দেখিতে পায়। অজ্ঞাননাশ হইলেই তিনি বুদ্ধিতে

অশক্যঃ সোঽন্যথা দ্রষ্টুং ধ্যেয়মানঃ কুমারকঃ।
বিকারজননীং মায়ামষ্টরূপামজাং ধ্রুবাম্ ॥ ৩ ॥
ধ্যায়তেঽধ্যাসিতা তেন তন্যতে প্রেরিতা পুনঃ।
সূয়তে পুরুষার্থঞ্চ তেনৈবাধিষ্ঠিতা পুরা ॥ ৪ ॥

অন্তরেব সন্নিহিতং পশ্যতি সত্ত্বস্থং বুদ্ধিস্থং তৎসাক্ষিণং তৎ প্রকাশ্যং বা দৃশ্যতে ত্বগ্রয়া বুদ্ধ্যা ইতি শ্রুতেঃ। স্বয়ং নির্গুণমপি গুণকোটরে লিঙ্গে ভাসমানং মেঘমণ্ডলে ইব সূর্য্যম্ ॥ ২ ॥

অশক্য ইতি সঃ কুমারকঃ জরারহিতঃ অন্যথা দিব্যদৃষ্টিং বিনা প্রকারান্তরেণ দ্রষ্টুং ন শক্যঃ সঃ ধ্যেয়মানঃ বাহ্যদৃষ্ট্যা চিন্ত্যমানোঽপি ছান্দস একারঃ। অথবা অদ্যাপি ধ্যেয়ং চিন্তনীয়ং বিচার্য্যং মানং প্রমাণমস্য দুর্ব্বিজ্ঞেয়ত্বাৎ মায়াং ধ্যায়তে চিন্তয়তি জগৎসৃষ্ট্যর্থং সম্ভাবয়তি নারীমিবর্ত্তুঃ সা তাং তদুক্তম্—"মম যোনির্ম্মহদ্‌ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্। সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত! ॥" ইতি। তেন অধ্যাসিতা আক্রান্তা আরূঢ়া প্রেরিতা চ সতী তন্যতে স্বয়মেব কার্য্যরূপেণ ততা ভবতি কর্ম্মকর্ত্তরি কর্ম্মবৎ প্রত্যয়ঃ। তেনৈবাধিষ্ঠিতা সতী পুরা পুরু-

---

প্রকাশ পাইতে থাকেন এবং নির্গুণ হইয়া গুণ কোটর মধ্যে মেঘমণ্ডলে সূর্য্যের ন্যায় উদিত হয়েন; সুতরাং সকলেই তাঁহাকে দেখিতে পারে। ২ ॥

অজ্ঞানের বিনাশ হইয়া দিব্যদৃষ্টি না হইলে বাহ্যদৃষ্টিতে চিন্তা করিয়াও সেই অজর পরমাত্মাকে কেহ দেখিতে পায় না। ঋতু যেমন সৃষ্টির নিমিত্ত নারীকে চিন্তা করে, সেইরূপ পরমাত্মা বিকারজননী অষ্টরূপা অজা নিত্যা প্রকৃতিকে ধ্যান করেন, অর্থাৎ জগৎসৃষ্টির নিমিত্ত প্রকৃতিকে আশ্রয় করেন। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, প্রকৃতি বলিয়াছেন, ব্রহ্মই আমার যোনি এবং আমিই তাহাতে গর্ভধারণ করি, তাহাতেই সর্ব্বভূতের সম্ভব

গৌরনাদবতী সা তু জনিত্রী ভূতভাবিনী।
অসিতা সিতরক্তা চ সর্ব্বকামদুঘা বিভোঃ ॥ ৫ ॥
পিবন্তি নাম বিষয়মসঙ্খ্যাতাঃ কুমারকাঃ।

বার্থং ভোগ্যং স্বয়তে প্রসূতবতী কর্ম্মকর্ত্তরি পুরি লুঙ্চাস্ম ইতি ভূতেঽনদ্যতনে লট্ ॥ ৩-৪ ॥

ভোগ্যবস্তুজনকত্বেন মায়াং ধ্যাত্বা রূপয়তি গৌরিতি। ইয়ং গৌঃ দোগ্ধ্রীঃ। দোগ্ধ্রী চেৎ হম্বারবং করোতি ন ইত্যাহ অনাদবতী নাদরহিতা অচেতনত্বাদ্বক্তুমসমর্থা ঈশ্বরাধীনেত্যর্থঃ। যদ্বা গৌরী শুক্লা সত্ত্বপ্রধানা সতী নাদবতী বেদপ্রবর্ত্তিকা পুংবদ্ভাবঃ পূর্ব্বস্য। "গৌরঃ শুক্লেঽরুণেঽপি চ" ইতি বিশ্বঃ। অসিতা তামসী সিতা চাসৌ রক্তা চ সিতরক্তা সাত্ত্বিকী রাজসী চেত্যর্থঃ। বিভোঃ ঈশ্বরস্য সর্ব্বকামদুঘা সর্ব্বান্ কামান্ দোগ্ধি যথেষ্ট-কার্য্যকরী। মহানারায়ণীয়ে শ্বেতাশ্বতরে চ অস্যাশ্ছাগীসাম্যমুক্তম্—"অজামেকাং লোহিত-শুক্ল কৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং সরূপাঃ। অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্যঃ॥" ইতি ॥ ৫ ॥

জীবানাং বহুত্বং ভোক্তৃত্বমীশ্বরস্যৈকত্বঞ্চাহ পিবন্তীতি। নাম শব্দঃ

হয়। আর সেই পরমাত্মাকর্ত্তৃক আরূঢ়া, প্রেরিতা ও অধিষ্ঠিতা হইয়াই প্রকৃতি পুরুষার্থ, অর্থাৎ পুরুষের ভোগ্য প্রসব করিয়াছেন। ৩-৪ ।

প্রকৃতিই পরমাত্মার দোগ্ধ্রী গোরূপা। পরন্তু সাধারণ গাভীর ন্যায় ইহার হম্বারব নাই, ইনি নাদরহিতা, বাস্তবিক প্রকৃতি অচেতন ও ঈশ্বরের অধীন; অতএব তাহার কোন শব্দ নাই, অথবা গৌরবর্ণা, অর্থাৎ সত্ত্বপ্রধানা এবং নাদযুক্তা, অর্থাৎ বেদপ্রবর্ত্তিকা। আর এই প্রকৃতি সত্ত্ব, রজঃ ও তমোগুণযুক্তা এবং এই প্রকৃতিই ঈশ্বরের কামধেনুস্বরূপ, অর্থাৎ যথেষ্ট কার্য্য করিয়া থাকেন। মহানারায়ণীয়ে এবং ছান্দোগ্যশ্রুতিতেও এই প্রকৃতি লোহিত কৃষ্ণবর্ণা অজাস্বরূপে বর্ণিত হইয়াছেন। ৫ ।

জীব অনেক, তাহারাই ভোগ করে এবং ঈশ্বর এক, তিনি ভোগ

একস্তু পিবতে দেবং স্বচ্ছন্দেন বশানুগঃ ॥ ৬ ॥
ধ্যানক্রিয়াভ্যাং ভগবান্ ভুঙ্‌ক্তেঽসৌ প্রথমং প্রভুঃ।
সর্ব্বসাধারণীং দোগ্‌ধ্রীমিজ্যমানাং সুযজ্বভিঃ ॥ ৭ ॥

বিষয়ঃ অর্থঃ তয়োঃ সমাহারঃ নামবিষয়ং পিবন্তি ভুঞ্জতে কুমারকাঃ জীবাঃ একঃ ঈশ্বরঃ পিবতে পায়য়তীত্যর্থঃ তদ্বিধম্। "প্রয়োজকব্যাপারঃ কর্ত্রভিপ্রায়ঃ ক্রিয়াফলম্" ইতি কয়টঃ। ছান্দসত্বাদকর্ত্রভিপ্রায়েঽপি ক্রিয়াফলে আত্মনেপদম্। বশাঃ স্ববিধেয়াঃ অনুগাঃ পরিবারা যস্য স বশানুগঃ ॥ ৬ ॥

তর্হি কিমস্য সর্ব্বথা অভোক্তৃত্বং? নেত্যাহ ধ্যানক্রিয়াভ্যামিতি। প্রথমং ধ্যায়তি ভগবানিদমিতি ততঃ পশ্যতি সৈব ক্রিয়া তাভ্যাং স প্রথমং ভুঙ্‌ক্তে তদুচ্ছিষ্টমন্যো ভুঙ্‌ক্তে ধ্যাত্বাবলোকনমেব তস্য ভোজনং "ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্তি এতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি" ইতি শ্রুতেঃ। ভুঙক্তে ইত্যুক্তম্ কাং ভুঙক্তে? তত্রাহ সর্ব্বেতি। সর্ব্বেষাং সাধারণীং সমভোগ্যাম্ অব্যাকৃতরূপামিত্যর্থঃ। "একমস্য সাধারণম্" ইতি শ্রুতেঃ। দোগ্‌ধ্রী তু স্বভক্ষণমপেক্ষতে অন্যথা দোহাসম্ভবাদত আহ ইজ্যমানামিতি। সুযজ্বভিঃ সাধুযাজ্ঞিকৈঃ ইজ্যমানাং হব্যকব্যেন পূজ্যমানাম্ ॥ ৭ ॥

করেন না। অংসখ্য জীবগণ শব্দ ও অর্থভোগ করিয়া থাকে, একমাত্র ঈশ্বর জীবগণকে বিষয়ভোগ করাইতেছেন, অর্থাৎ তিনি বিষয়ভোগ না করিয়াও ভোগের প্রয়োজক হয়েন। জীবাদি সকল ঈশ্বরের অনুগত পরিবার ॥ ৬ ॥

পূর্ব্বশ্রুতিতে ঈশ্বরের অভোক্তৃত্ব উক্ত হইয়াছে, বাস্তবিক তাঁহার সর্ব্বথা অভোক্তৃত্ব নাই। সর্ব্ব-প্রভু ভগবান্ ঈশ্বর প্রথমে ধ্যান ও দর্শন এই উভয়ক্রিয়াদ্বারা প্রকৃতিকে ভোগ করেন এবং তাহারই উচ্ছিষ্ট অপর সকলে ভোগ করিয়া থাকে। ধ্যান ও অবলোকনই ঈশ্বরের ভোজন। শ্রুতিতে লিখিত আছে যে, দেবতারা ভোজন করেন না ও পান করেন না, তাহারা দর্শনমাত্রই পরিতৃপ্তি লাভ করিয়া থাকেন। সেই প্রকৃতি

পশ্যন্ত্যস্যাং মহাত্মানং সুপর্ণং পিপ্পলাশনম্।
উদাসীনং ধ্রুবং হংসং স্নাতকাধ্বর্য্যবো হবেৎ ॥ ৮ ॥
শংসন্তমনুশংসন্তি বহ্বৃচঃ শস্ত্রকোবিদাঃ।
রথন্তরে বৃহৎ সাম্নি সপ্তৈবৈতে চ গীয়তে ॥ ৯ ॥

পশ্যন্তীতি বৃক্ষস্থানীয়মেকং দেহং ত্যক্ত্বা দেহান্তরং গচ্ছতীতি সুপর্ণোপমম্ সুপর্ণং পিপ্পলং কর্ম্মফলমশ্নাতি তং পিপ্পলাশনং বস্তুবৃত্ত্যা উদাসীনং স্নাতকাধ্বর্য্যবঃ হবেৎ হোমাৎ পশ্যন্তীত্যন্বয়ঃ। বহেদিতি পাঠে তানিয়ং বহেৎ নির্ব্বহেৎ যোগক্ষেমাদিনেতি ব্যাখ্যেয়ম্। হবে ইতি পাঠে হবনকর্ম্মণি। হয়েদিতি পাঠে তানিয়ং বর্দ্ধয়েৎ। হয়ে ইতি পাঠে হয়ঃ অশ্বঃ তদুপলক্ষিতে অশ্বমেধকর্ম্মণি ॥ ৮ ॥

আধ্বর্য্যবফলমুক্ত্বা হোত্রফলমাহ শংসন্তমিতি। শস্ত্রকোবিদাঃ সপাদবন্ধো মন্ত্রঃ ঋক্ তয়া কেবলয়া স্তুতিঃ শস্ত্রং গীয়মানয়া তয়া স্তুতিঃ স্তোত্রম্ "ঋগ্ভিঃ শংসন্তি যজুর্ভিঃ শংসন্তি সামভিঃ শংসন্তি" ইতি যাস্কবচনাৎ। শস্ত্রে কোবিদাঃ কুশলাঃ ফলং পূর্ব্বোক্তমেবানুসন্ধেয়ম্। সর্ব্বত্র সাম-

---

সর্ব্বধারিণী, অর্থাৎ সমভোগ্যা ও অব্যাকৃতরূপা এবং সেই প্রকৃতিই দোগ্ধ্রী গোরূপা, অতএব সাধুযাজ্ঞিকগণ হব্যকব্যাদিদ্বারা তাঁহার পূজা করে ॥ ৭ ॥

যেমন পক্ষিগণ বৃক্ষের ফলভোগ করিয়া বৃক্ষান্তরে গমন করে, সেইরূপ জীব এক শরীরে কর্ম্মফল ভোগ করিয়া অন্য শরীরে গমন করিয়া থাকে। যিনি পরমাত্মা তিনি উদাসীন, অধ্বর্য্যু ও স্নাতকপ্রভৃতিরা (যজ্ঞীয়পুরোহিত বিশেষ) হোম করিয়া সেই সনাতনহংস পরমাত্মাকে দর্শন করিয়া থাকেন, অথবা যোগক্ষেমাদিদ্বারা জানিতে পারেন ॥ ৮ ॥

পূর্ব্বশ্রুতিতে অধ্বর্য্যুগণের ফল নিরূপণ করিয়া এইক্ষণ হোতার ফল নিরূপণ করিতেছেন।—সপদবন্ধ মন্ত্রই ঋক্‌শব্দের অর্থ এবং ঐ মন্ত্র গীয়মান হইলেই স্তুতি হয়, অর্থাৎ কেবল মন্ত্ররূপা স্তুতি এবং গীয়মান

মন্ত্রোপনিষদং ব্রহ্ম পদক্রমসমন্বিতম্।
পঠন্তে ভার্গবা হ্যেতদথর্ব্বাণো ভৃগূত্তমাঃ॥ ১০॥
ব্রহ্মচারী চ ব্রাত্যশ্চ স্কম্ভোপ্যপলিতস্তথা।
অনড্বান্ রোহিতোচ্ছিষ্টঃ পঠ্যতে ভৃগুবিস্তরে॥ ১১॥
কালঃ প্রাণশ্চ ভগবানাত্মা পুরুষ এব চ।
শিবো ভবশ্চ রুদ্রশ্চ ঈশ্বরঃ পুরুষস্তথা॥ ১২॥

গানাং ব্যাপারমাহ রথন্তরে ইতি। রথন্তরে গীয়তে বৃহৎসাম্নি গীয়তে সামগৈর্দ্দোগ্ধ্রীতি শেষঃ। কিং বহুনা সপ্তৈবৈতে চ সামভেদা গীয়ন্তে ইতি বিপরিণামঃ। রথন্তরং বৃহৎসাম বৈরূপ্যং বৈরাজং মহানাম্নী রেবতী বামদেব্যম্ ইতি সপ্ত সামানি। দোগ্ধ্রী ফলং পূর্ব্বোক্তং দদাতীতি জ্ঞেয়ম্॥ ৯॥

অথর্ব্বণাং ব্যাপারমাহ মন্ত্রেতি। মন্ত্রাশ্চ উপনিষদঞ্চ মন্ত্রোপনিষদম্ উপনিষদশব্দোঽকারান্তো নপুংসকমস্তি ব্রহ্ম ব্রহ্মাণম্॥ ১০॥

ভার্গবগ্রন্থানাং বিষয়মাহ ব্রহ্মচারীত্যাদি-সার্দ্ধদ্বাভ্যাম্। তর্হ্যেতন্নিরূপণেন ভগবতো নিরূপণমিত্যাশঙ্ক্যাহ স্তূয়তে ইতি। অথর্ব্ববিহিতৈঃ

স্তুতি উভয়ই শস্ত্র, এই শস্ত্রকুশল ব্যক্তি, অর্থাৎ ঋগ্বেদী, সামবেদী ও যজুর্ব্বেদী সকলেই সেই পরমাত্মার কীর্ত্তন করেন। আর রথন্তর, বৃহৎ সাম, বৈরূপ, বৈরাজ, মহাসাম, রৈবত ও বামদেব্য এই সপ্তবিধ সামও সেই পরমাত্মাকে গান করিতেছে॥ ৯॥

এইক্ষণ আথর্ব্বণিকদিগের ব্যাপার কথিত হইতেছে।—ভৃগুশ্রেষ্ঠ ভার্গবগণ যে পদক্রমসমন্বিত মন্ত্র ও উপনিষদ পাঠ করিয়া থাকে, তাহাতে কেবল সেই ব্রহ্মই পরিকীর্ত্তিত হইয়াছেন॥ ১০॥

এইক্ষণ ভার্গবীয়গ্রন্থের বিষয় নিরূপণ করিতেছেন,—অথর্ব্ববেদীয় বিস্তৃত ভৃগুগ্রন্থে ব্রহ্মচারী, ব্রাত্য, স্কম্ভ, অপলিত, অনড্বান, রোহিত, উচ্ছিষ্ট, কাল, প্রাণ, ভগবান, আত্মা, পুরুষ, শিব, ভব, রুদ্র, ঈশ্বর,

প্রজাপতির্ব্বিরাট চৈব পার্ষ্ণিঃ সলিলমেব চ।
স্তূয়তে মন্ত্রসংযুক্তৈরথর্ব্ববিহিতৈর্ব্বিভুঃ ॥ ১৩ ॥
তং ষড়্বিংশকমিত্যেকে সপ্তাবিংশমথাপরে।
পুরুষং নির্গুণং সাঙ্খ্যমথর্ব্বাণঃ শিরো বিদুঃ ॥ ১৪ ॥

অথর্ব্বপ্রতিপাদ্যৈরর্থৈঃ। বিভুঃ ঈশ্বরঃ পরমাত্মা ষড়্বিংশকং পৌরাণিকাঃ সপ্তাবিংশং তদ্ভেদা এব—"মাত্রা ভূতানীন্দ্রিয়াণি মনো বুদ্ধিরহঙ্কৃতিঃ। মহান্ প্রধানং তত্ত্বানি ষড়্বিংশঃ পরমেশ্বরঃ॥" ইতি। চিত্তেন সাহিত্যে সপ্তাবিংশ ইতি সঙ্খ্যায়তে অথেতি। সঙ্খ্যা জ্ঞানং তৎসম্বন্ধী সাঙ্খ্যঃ তং জ্ঞানগম্যমিত্যর্থঃ ॥ ১১-১৪ ॥

প্রজাপতি, বিরাট, পার্ষ্ণি ও সলিল এই সকল শব্দ পাঠ করা হইয়াছে, অর্থাৎ উক্ত শব্দ সকলের অর্থ প্রতিপাদনে সেই পরমাত্মাই প্রতিপাদিত হইয়াছেন এবং মন্ত্রসংযুক্ত অথর্ব্ববেদ প্রতিপাদ্য উক্তপ্রকার শব্দসমূহদ্বারা সেই বিভু, অর্থাৎ সর্ব্বাধ্যক্ষ ঈশ্বরেরই স্তব করা হইয়াছে। ব্রহ্মচারী ও ব্রাত্যাদি-শব্দার্থ নিরূপণদ্বারা পরমেশ্বরই নিরূপিত হইয়াছেন ॥ ১১-১৩ ॥

পৌরাণিকেরা ষড়বিংশতি তত্ত্বনিরূপণদ্বারা পরমাত্মতত্ত্ব নিরূপণ করিয়াছেন।—অপর বাদীরা সপ্তবিংশতি পদার্থদ্বারা আত্মতত্ত্ব নিরূপণ করিয়া থাকেন। পঞ্চতন্মাত্র, পঞ্চভূত, ষড়বিধ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, মন, বুদ্ধি, অহঙ্কার, মহত্তত্ত্ব ও প্রকৃতি ইহারাই ষড়বিংশতত্ত্ব এবং উক্ত ষড়্বিংশতত্ত্ব ও চিত্ত এই সমুদায়ে সপ্তবিংশ পদার্থ হয়। আর সাংখ্যেরা নির্গুণ পুরুষ বলিয়া পরমাত্মাকে কীর্ত্তন করেন এবং আথর্ব্বণিকেরা শিরঃশব্দে পরমাত্মাকে কহিয়া থাকেন। পরন্তু সাংখ্যেরা বলেন, পরমাত্মা কেবল জ্ঞানগম্য, অন্য উপায়দ্বারা তাহাকে জানা যায় না ॥ ১৪ ॥

চতুর্ব্বিংশতিসংখ্যাকমব্যক্তং ব্যক্তদর্শনম্।
অদ্বৈতং দ্বৈতমিত্যেতত্ত্রিধা তং পঞ্চধা তথা ॥ ১৫ ॥
ব্রহ্মাদ্যং স্থাবরান্তঞ্চ পশ্যন্তো জ্ঞানচক্ষুষঃ।

চতুর্ব্বিংশতি-সঙ্খ্যাকমিতি কপিলাঃ চতুর্ব্বিংশতি-সঙ্খ্যাকমস্তবন্ তদুপরিতনং পঞ্চবিংশকমিত্যর্থঃ। তদুক্তম্—"মূলপ্রকৃতিরবিকৃতির্ম্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ ॥" ইতি। স্বয়ম্ অব্যক্তম্ অপ্রত্যক্ষং ব্যক্তদর্শনং ব্যক্তস্য জগতো ভাসকম্ অদ্বৈতং বেদান্তিনঃ দ্বৈতং কাণাদাদয়ঃ ত্রিধা গুণভেদেন পঞ্চধা তু ভূতভেদেন স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা ভবতি সপ্তধা নবধা পুনশ্চৈকাদশ ইতি শ্রুত্যন্তরাৎ ॥ ১৫ ॥

দ্বিজাঃ ত্রৈবর্ণিকা বেদবিদঃ। ব্রহ্মেতি ব্রহ্মকার্য্যং স্থাবরাদি তস্মিন্

যাঁহারা কপিলমতানুসারী, তাঁহারা চতুর্ব্বিংশতিপদার্থ বর্ণন করিয়া তদুপরি পঞ্চবিংশতি পদার্থরূপে ঈশ্বরকে নিরূপণ করিয়াছেন, অর্থাৎ পরমেশ্বর অব্যক্ত অথচ ব্যক্তদর্শন, তাঁহাকে কেহ স্পষ্টত দেখিতে পায় না। পরন্তু তাঁহার কার্য্যভূত এই জগৎদর্শন করিয়াই পরমাত্মাকে জানিতে হয়। সাংখ্যেরা আর বলিয়া থাকেন যে, প্রকৃতিই জগতের মূল, সেই প্রকৃতি কোনরূপেও বিকৃতিভাবাপন্ন হয় না। সেই প্রকৃতি হইতে মহত্তত্ত্বাদি সপ্তপদার্থ জন্মে এবং সেই সপ্তপদার্থ হইতে আবার ষোড়শ পদার্থ জন্মিয়া থাকে, এই সমুদায় পদার্থই বিকৃতিভূত। বেদান্তবাদীরা অদ্বৈতরূপে, কণাদমতানুসারীরা দ্বৈতরূপে, অপরাপর বাদীরা কেহ গুণভেদে ত্রিধা, কেহ বা পঞ্চভূতরূপে পঞ্চধা পরমাত্মাকে কীর্ত্তন করেন। শ্রুত্যন্তরপ্রমাণে জানা যায়, পরমাত্মা, একধা, ত্রিধা, পঞ্চধা, সপ্তধা, নবধা ও একাদশধা হইয়া থাকেন, অর্থাৎ মতভেদেই পরমেশ্বর একদ্বিত্রিরূপে কথিত হইতেছেন ॥ ১৫ ॥

দ্বিজ, অর্থাৎ ত্রৈবর্ণিক বেদবেত্তারা জ্ঞানচক্ষুদ্বারা ব্রহ্মাদি স্থাবরান্ত সকলই দর্শন করিতে পারেন, তাঁহারা ঈশ্বরের কার্য্যভূত সমস্ত পদার্থকে

তমেকমেব পশ্যন্তি পরিশুদ্ধং বিভুং দ্বিজাঃ ॥ ১৬ ॥
যস্মিন্ সর্ব্বমিদং প্রোতং ব্রহ্ম স্থাবরজঙ্গমম্।
তস্মিন্নেব লয়ং যান্তি বুদ্বুদাঃ সাগরে যথা ॥ ১৭ ॥
যস্মিন্ ভাবাঃ প্রলীয়ন্তে লীনাস্যা ব্যক্ততাং যযুঃ।
নশ্যন্তে ব্যক্ততাং ভূয়ো জায়ন্তে বুদ্বুদা ইব ॥ ১৮ ॥

প্রোতং তমেকং ব্রহ্মৈব পশ্যন্তীত্যন্বয়ঃ। লয়ং যান্তি সর্ব্বে ভাবাঃ লীনাস্যাঃ লীনম্ আস্যং মুখং দ্বারমবিদ্যালক্ষণং যেষাং তে তথোক্তাঃ। যস্মিন্ প্রোতাঃ সন্তো ব্যক্ততাং যযুঃ গতাঃ পুনর্নশ্যন্তে নশ্যন্তি ভূয়শ্চ ব্যক্ততাং জায়ন্তে জনয়ন্তি অন্তর্ভাবিতণ্যন্তত্বাৎ সকর্ম্মকঃ গচ্ছন্তি বা। দ্বিঃ কথনং সৃষ্টিপ্রলয়য়োরভ্যাসজ্ঞাপনার্থম্ ॥ ১৬-১৮ ॥

অদ্বিতীয় পরিশুদ্ধ সর্ব্বাধ্যক্ষ পরমাত্মস্বরূপে দর্শন করেন, অর্থাৎ ব্রহ্ম হইতেই এই পরিদৃশ্যমান অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি হইয়াছে এবং এই জগৎই ব্রহ্মময়, তদ্ভিন্ন জগতে আর কিছুই নাই। এইরূপে বেদবেত্তারা পরমাত্মাকে জানিয়া থাকেন ॥ ১৬ ॥

বেদবেত্তারা বলেন, সেই ব্রহ্মেতেই স্থাবরজঙ্গমাত্মক জগৎ উৎপন্ন হইয়াছে, ব্রহ্মেতেই বিদ্যমান আছে এবং ব্রহ্মেতেই লয় পায়। যেমন সাগরাদিতে বুদ্বুদ উৎপন্ন হইয়া সেই সাগরাদিতেই লয় পায়, সেইরূপ জগৎ ব্রহ্মেতে উৎপন্ন হইয়া ব্রহ্মেতে লয় পাইয়া থাকে ॥ ১৭ ॥

জগতের সমুদায় পদার্থই বিনাশী, অর্থাৎ যেমন সাগরে বুদ্বুদ উৎপন্ন হইয়া সাগরে বিনাশ পায় এবং পুনর্ব্বার উৎপন্ন হইয়া সেই সাগরেই লয় পাইয়া থাকে, সেইরূপ এই ভাবপদার্থ সমুদায়ই পরমাত্মা হইতে উৎপন্ন হইয়া পরমাত্মাতে লয় পায়, পুনর্ব্বার সেই সকল ব্যক্ত হয় এবং পুনর্ব্বার অব্যক্ত হয়। একমাত্র পরমেশ্বর হইতেই জগতের সৃষ্টি প্রলয় হইয়া থাকে ॥ ১৮ ॥

ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতঞ্চৈব কারণৈর্ব্ব্যঞ্জয়েদ্‌বুধঃ।
এবং সহস্রশো দেবং পর্য্যস্যন্তং পুনঃ পুনঃ ॥ ১৯ ॥
য এবং শ্রাবয়েচ্ছ্রাদ্ধে ব্রাহ্মণো নিয়তব্রতঃ।
অক্ষয্যমন্নপানঞ্চ পিতৃণাঞ্চোপতিষ্ঠতে ॥ ২০ ॥
ব্রহ্ম ব্রহ্মবিধানস্তু যে বিদুর্ব্রাহ্মণাদয়ঃ।

ক্ষেত্রজ্ঞেন অধিষ্ঠিতং শরীরং কারণৈঃ অনুমিতিকারণৈঃ হেতুভিঃ বিমতত্বেনাধিষ্ঠিতং ক্রিয়াবত্ত্বাদ্রথাদিবদিত্যাদিভিঃ ব্যঞ্জয়েৎ লক্ষয়েৎ বুধঃ পণ্ডিতঃ। এবং সহস্রশঃ পর্য্যস্যন্তং তং দেবং পুনঃ পুনর্জ্জন্ম-মরণাদি-প্রবন্ধমাপদ্যমানং জীবম্ উক্ত যোগেন উদ্ধরেদিতি শেষঃ। বৈরাগ্যার্থ-মিদমভিহিতং লক্ষয়েৎ চেষ্টাদিনা সর্ব্বশরীরেষ্বনুমায়াদিত্যর্থঃ ॥ ১৯-২০ ॥

ব্রহ্ম কূটস্থ ব্রহ্মবিধানং তজ্জ্ঞানোপায়ম্ লীনম্ আস্তম্ মুখং প্রবৃত্তি-

এই শরীর সেই পরমাত্মাকর্ত্তৃক অধিষ্ঠিত এবং অনুমানদ্বারা তাঁহাকে জানিতে হয়। যেমন রথ চলিতেছে দেখিলেই বোধ হইয়া থাকে যে, অবশ্য এই রথমধ্যে একজন ইহার পরিচালক, অর্থাৎ সারথি আছে, সেইরূপ শারীরিক কার্য্য দর্শনদ্বারা পরমাত্মার অনুমান করা যায়। জ্ঞানীব্যক্তিরা অনুমানদ্বারাই পরমাত্মাকে জানিয়া থাকেন। এইরূপ যোগদ্বারা সহস্র সহস্রবার জন্মমরণাদিতে আবদ্ধ জীবকে উদ্ধার করিবে, অর্থাৎ উক্তরূপে পরমাত্মাকে জানিতে পারিলেই জীবের মুক্তি হইয়া থাকে ॥ ১৯ ॥

যে ব্রাহ্মণ পিত্রাদির শ্রাদ্ধকালে এই উপনিষৎ পাঠ করেন, তাঁহার প্রদত্ত অন্নপানাদিতে পিত্রাদির অক্ষয় তৃপ্তি হইয়া থাকে, আর কোনরূপ অপবিত্র অন্নাদিদ্বারা শ্রাদ্ধ করিলে তাহা পিতৃলোকের গ্রাহ্য হয় না, কিন্তু শ্রাদ্ধ করিয়া এই উপনিষদ্রূপ স্তুতি পাঠ করিলে তৎক্ষণাৎ সেই অপবিত্র অন্নাদির দোষ বিনাশ হইয়া পিতৃলোকের পরিতৃপ্তি জন্মে ॥ ২০ ॥

যে ব্রাহ্মণাদিরা কূটস্থব্রহ্ম এবং ব্রহ্মবিজ্ঞানোপায়ভূত উক্ত উপনিষদাদি জানেন, তাঁহারা ব্রহ্মেতে লয় পায়েন, অর্থাৎ উক্ত ব্রহ্মজ্ঞানীরা ব্রহ্মের

তে লয়ং যান্তি তত্রৈব লীনাস্যা ব্রহ্মশায়িনে।
লীনাস্যা ব্রহ্মশায়িনে ॥ ২১ ॥

ইতি চূলিকোপনিষৎ সমাপ্তা ॥

দ্বারং রাগাদি যেষাং তে তথোক্তাঃ। কিমর্থং লীনাস্যাঃ? ব্রহ্মশায়িনে ব্রহ্মণি শেতে তচ্ছীলো ব্রহ্মশায়ী ভাবপ্রধানো নির্দ্দেশঃ ব্রহ্মশায়িন্ ব্রহ্মণি শয়নং কর্ত্তুম্ একীভবিতুমিত্যর্থঃ দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা ॥ ২১ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদবাক্যানাং দীপিকা চূলিকাভিধে ॥

ইতি চূলিকোপনিষদো-দীপিকা সম্পূর্ণা ॥

সহিত একীভাব ইচ্ছা করিলেই তাহাদিগের বাগাদি ইন্দ্রিয় সকল ব্রহ্মকে আশ্রয় করে এবং তৎক্ষণাৎ তাহারা ব্রহ্মের সহিত একীভূত হইয়া থাকে। উপনিষদাদির শেষবাক্য দুইবার পাঠ করিবে ইহাই বৈদিকপদ্ধতি। অতএব "লীনাস্যা ব্রহ্মশায়িনে" এই শেষবাক্য দুইবার উল্লিখিত হইয়াছে ॥ ২১ ॥

ইতি চূলিকোপনিষৎ সমাপ্ত ॥

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

নীলরুদ্রোপনিষৎ।

(শ্রুতি, দীপিকা ও বঙ্গানুবাদ-সমেত।)

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী-সভা হইতে

শ্রীলশ্রীপূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দ আচার্য্য মহাপ্রভুর প্রসাদে
চতুর্ব্বেদান্তর্গত "অষ্টোত্তরশতোপনিষৎ" "বেদান্তসার"
"পঞ্চদশী" এবং ষড়্দর্শনাদিশাস্ত্র-প্রকাশক

শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা।

বাগ্বাজার, ৮৪ নং, রাজা রাজবল্লভ ষ্ট্রীট্; নব-সারস্বত যন্ত্রে
শ্রীনবকুমার বসু-দ্বারা মুদ্রিত।

শকাব্দাঃ ১৮১০, আষাঢ়।

(*All rights reserved.*)

॥ ওঁ ॥ তৎসৎ ॥ ওঁ

নীলরুদ্রোপনিষৎ

প্রথমঃ খণ্ডঃ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওম্ অপশ্যং ত্বাবরোহন্তং দিবিতঃ পৃথিবীমবঃ।
অপশ্যমস্যন্তং রুদ্রং নীলগ্রীবং শিখণ্ডিনম্ ॥ ১ ॥

ওঁ নীলরুদ্রোপনিষদি ষোড়শ্যাং খণ্ডকত্রয়ম্।
শ্রুতিরূপেণ তং দেবং স্তৌত্যপশ্যমিতি ক্রমাৎ ॥

অস্পর্শযোগমুক্ত্বা তৎসম্প্রদায়প্রবর্ত্তকং পরমগুরুং যোগসিদ্ধিপ্রদং নীলরুদ্রং স্তৌতি অপশ্যমিতি। দিবিতঃ দিবঃ পৃথিবীং ভূমিম্ অবঃ অধস্তাৎ অবরোহন্তং ত্বা ত্বাম্ অহমপশ্যমিতি মন্ত্রদ্রষ্টুর্ব্বচঃ। অস্যন্তম্ অসুক্ষেপণে ক্ষিপন্তং দুষ্টান্ শিখণ্ডিনং শিখণ্ডো বর্হচূড়য়োঃ ইতি বিশ্বঃ। তয়োরন্যতরদস্যাস্তি শিখণ্ডী তম্ ॥ ১ ॥

ইতিপূর্ব্বে অস্পর্শযোগ নিরূপণ করিয়া এইক্ষণ উক্ত যোগ-সম্প্রদায়-প্রবর্ত্তক পরমগুরু যোগসিদ্ধিপ্রদ নীলরুদ্রকে স্তব করিতেছেন।—যিনি স্বর্গ হইতে পৃথিবীতে অবরোহণ করিতেছেন, দুষ্টগণকে দূরে নিক্ষেপ করেন, সেই নীলগ্রীব চন্দ্রচূড় রুদ্রকে আমি দর্শন করিয়াছি ॥ ১ ॥

দিব উগ্রো অবারুক্ষৎ প্রত্যষ্ঠাদ্‌ভূম্যামধি।
জনাসঃ পশ্যতে মহং নীলগ্রীবং বিলোহিতম্‌ ॥ ২ ॥
এষ এত্যবীরহা রুদ্রো জলাসভেষজাঃ।
যত্তেঽক্ষেমমনীনশদ্‌-বাতোকারোঽপ্যেতু তে ॥ ৩ ॥

দিবঃ সকাশাৎ উগ্রঃ রুদ্রঃ অবারুক্ষৎ অবতীর্ণবান্‌ প্রত্যষ্ঠাৎ প্রতিষ্ঠাং স্থিতিং কৃতবান্‌ ভূম্যামধি অধিরীশ্বরে ইতি অধিঃ কর্ম্মপ্রবচনীয়ঃ যস্মাদধিকং যস্য চেশ্বরবচনমিতি তত্র সপ্তমী ভূমেরীশ্বর ইত্যর্থঃ। জনাসঃ আজ্জসেরসুক্‌ সম্বোধনে চেতি প্রথমা। এতি আগচ্ছতি ন বীরহা অবীরহা সৌম্যঃ যদ্বা অবীরাণি পাপানি হন্তীত্যবীরহা জলে আসঃ ক্ষেপো যাসাং তাঃ জলাসাঃ তাশ্চ তা ভেষজাশ্চ তা এতীত্যন্বয়ঃ জলক্ষিপ্তানামোষধীনামক্ষেমং নির্ণেজকত্বং রুদ্রসন্নিধানাদেব। যৎ তে তব অক্ষেমমনীনশৎ অনেন ক্ষেমকারিত্বমুক্তম্‌। অলব্ধলাভো যোগঃ তৎকারিত্বমপ্যাহ বাতীকার ইতি। বাতিঃ প্রাপ্তিঃ অপ্রাপ্তং প্রাপ্তং করোতীতি বাতীকারঃ সোঽপি তে তব অপূর্ব্বলাভকরঃ এতু আগচ্ছতু যোগক্ষেমকরোঽভিষেকজলে সন্নিহিতো ভবত্বিত্যর্থঃ মন্ত্রলিঙ্গাদভিষেকে বিনিয়োগঃ ॥ ২-৩ ॥

রুদ্র স্বর্গ হইতে অবতীর্ণ হইয়াছিলেন, তিনিই পৃথিবীর স্থিতিসাধন করিয়াছেন, তিনিই পৃথিবীর অধীশ্বর এবং তিনিই জনসকলকে যথাযোগ্য স্থানে নিক্ষেপ করিয়া থাকেন, অতএব সেই বিলোহিত নীলরুদ্রকে দর্শন করে ॥ ২ ॥

সেই নীলরুদ্রদেব সৌম্যভাবে আগমন করেন, অথবা পাপরাশি বিনাশ করিয়া থাকেন। জলজাত ওষধিসমূহেও তাঁহারই অধিষ্ঠান জানা যায়। রুদ্রের সন্নিধানমাত্রই জলক্ষিপ্ত ওষধি সকলের শক্তি জন্মিয়া থাকে। হে রুদ্র! তোমার সন্নিধানে অমঙ্গল বিনষ্ট হয়। যে যোগ সহসা লাভ করা যায় না, সেই যোগ তোমারই কার্য্যভূত। যে যোগে অপূর্ব্ব লাভ হইয়া থাকে, সেই যোগও তোমার লাভ হইলেই সফল

নমস্তে ভবভাবায় নমস্তে ভামমন্যবে।
নমস্তে অস্তু বাহুভ্যামুতোত ইষবে নমঃ ॥ ৪ ॥
যামিষুং গিরিশন্তং হস্তে বিভর্ষ্যস্তবে।
শিবাং গিরিত্র! তাং কৃণু মা হিংসীৎ পুরুষাম্মম ॥ ৫ ॥
শিবেন বচসা ত্বা গিরিশাচ্ছাবদামসি।
যথা নঃ সর্ব্বমিজ্জগদযক্ষ্মং সুমনা অসৎ ॥ ৬ ॥

ভামঃ ক্রোধঃ মন্যুঃ তৎপূর্ব্বাবস্থা উত উ তে ইষবে বাণরূপায় ॥ ৪ ॥

অস্তবে অস্ত্রক্ষেপণে তবেৎপ্রত্যয়স্তমর্থে অস্তং ক্ষেপ্তুমিত্যর্থঃ। কং ক্ষেপ্তুং? গিরিশন্তং শ্যতি শ্যন্ গিরেঃ শ্যন্ গিরিশ্যন্ সম্বন্ধসামান্যে ষষ্ঠী-সমাসঃ। তং গিরিশন্তং ছান্দসো যলোপঃ। হে গিরিত্র! গিরিরক্ষক!! তাং শিবাং কল্যাণীং কৃণু কুরু ॥ ৫ ॥

অচ্ছাবদামসি অচ্ছ নির্ম্মলং বদাম অচ্ছশব্দস্য নিপাতস্যেতি দীর্ঘঃ। ইদন্তো মসি ইদমর্থকো নিপাতশ্চ। অযক্ষ্ম নীরোগং সুমনাঃ সুমনস্কম্ অসৎ ভবেৎ লিঙথ লেট্ তিপ্ ইতশ্চ লোপঃ পরস্মৈপদেষু লেটোঽড়াদা-বিত্যট্ ॥ ৬ ॥

হইয়া থাকে। এইক্ষণ তুমি যোগসিদ্ধির ক্ষেমঙ্কর হইয়া এই অভিষেক জলে আগমন কর, অর্থাৎ অভিষেককালে সন্নিহিত হইয়া থাক ॥ ৩ ॥

হে রুদ্র! তুমি জগতের উৎপত্তির কারণ তোমাকে নমস্কার করি, তুমি ক্রোধরূপী এবং মন্যু, অর্থাৎ ক্রোধের পূর্ব্বাবস্থাও তোমারই স্বরূপ, তোমাকে নমস্কার করি। তুমি বাণরূপী তোমাকে নমস্কার করি ॥ ৪ ॥

হে গিরিরক্ষ! তুমি পর্ব্বতের বিঘ্ননিবারণার্থ যে বাণ ধারণ করিয়াছ, তাহার কল্যাণ কর, মৎসম্বন্ধীয় কোন পুরুষের হিংসা করিও না ॥ ৫ ॥

হে গিরীশ্বর! আমি তোমাকে মাঙ্গলিক বাক্যে ইহাই বলিতেছি যে, আমাদিগের এই জগৎ যাহাতে নীরোগ ও সুমনস্ক হইতে পারে, তুমি তাহাই কর ॥ ৬ ॥

যা তে ইষুঃ শিবতমা শিবং বভূব তে ধনুঃ।
শিবা শরব্যা যা তব তয়া নো মৃড় জীবসে ॥ ৭ ॥
যা তে রুদ্র! শিবা তনূরঘোরা পাপকাশিনী।
তয়া নস্তন্বা শন্তময়া গিরিশং ত্বাভিচাকশৎ ॥ ৮ ॥
অসৌ যস্তাম্রো অরুণ উত বভ্রুর্ব্বিলোহিতঃ।
যে চেমে অভিতো রুদ্রাশ্রিতাঃ সহস্রশো বৈষাং হেড় ঈমহে ॥৯॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

শরব্যা শরসন্ধায়িনী জ্যা "শরো দধ্যগ্রবাণয়োঃ" ইতি বিশ্বঃ। শরমর্হতি যৎ "অব শরস্ত" ইতি অবাদেশঃ। যদ্বা শরুঃ বৃতাদ্বা সিদ্ধং "শরুরায়ুধকোপয়োঃ" ইতি বিশ্বঃ উমবাদিভ্যো যৎ। জীবসে জীবিতুং মৃড় মোদয় যদ্বা হে মৃড়! তয়া তন্বা নঃ অস্মান্ জীবয়সি ॥ ৭ ॥

শন্তময়া অতিশয়েন শং শন্তমা তয়া অভিচাকশৎ কশের্যঙ্লুগন্তাল্লোট্ তিপ্ অট্ অতিশয়েন প্রকাশয়ত্বিতি প্রার্থনা ॥ ৮ ॥

বভ্রুঃ পিঙ্গলঃ বা এষাং হ ঈড়ে স্তুতয়ে ঈমহে কাময়ামহে ॥ ৯ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

হে মৃড়! (হর!) তোমার যে মঙ্গলপ্রদায়িনী ধনুর জ্যা এবং শ্রেয়স্কর ধনু আছে, সেই জ্যা (ধনুকের গুণ) এবং ধনুদ্বারা আমাদিগের জীবনার্থ আমোদিত হও, অথবা আমাদিগকে জীবিত রাখ ॥ ৭ ॥

হে রুদ্র! হে গিরিশ! তোমার যে অঘোরা, অর্থাৎ শান্তরূপা পাপবিনাশিনী তনু আছে, সেই মঙ্গলপ্রদায়িনী তনুদ্বারা আমাদিগকে প্রকাশিত কর, ইহাই আমাদিগের প্রার্থনা ॥ ৮ ॥

হে রুদ্র! এই যে তোমার তাম্রবর্ণ, অরুণপিঙ্গলবর্ণ ও লোহিতবর্ণ

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

অদৃশন্ ত্বাবরোহন্তং নীলগ্রীবং বিলোহিতম্।
উত ত্বা গোপা অদৃশন্নুত ত্বোদহার্য্যঃ।
উত ত্বা বিশ্বা ভূতানি তস্মৈ দৃষ্টায় তে নমঃ॥ ১॥
নমোঽস্তু নীলশিখণ্ডায় সহস্রাক্ষায় বাজিনে।
অথো যে অস্য সত্বানস্তেভ্যোঽহমকরং নমঃ॥ ২॥

গোপা গোপালাঃ অদৃশন্ অপশ্যন্ উদহার্য্যঃ পানীয়হারিণ্যঃ। বিশ্বাঃ বিশ্বানি ভূতানি অদৃশন্ যোগিনামপ্যদৃশ্যং ত্বাং কৃপয়া আবিভবন্তম্ আদিত্যবৎ প্রকাশমানং পামরা অপি দদৃশুরিত্যর্থঃ। বাজিনেঃ নেত্রবতে বাণরূপায় বা সীদন্তীতি সত্বানঃ গণাঃ॥ ১-২॥

বিগ্রহ এবং চতুর্দ্দিকে যে সহস্র সহস্র রুদ্রগণ আছে, তাঁহাদিগকেও স্তব করি এবং তাহাদিগের নিকট প্রার্থনা করি॥ ৯॥

ইতি প্রথম খণ্ড॥ ১॥

হে রুদ্র! যখন তুমি পৃথিবীতে অবতরণ কর, তখন জলহারিণী গোপিনীরা তোমার নীলগ্রীব বিলোহিতমূর্ত্তি দর্শনকরিয়াছিলেন, তৎপরে সর্ব্বভূতই তোমাকে দর্শন করিল; তুমি যোগিগণেরও অদৃশ্য, তুমি কৃপা করিয়া আবির্ভূত হইয়াছিলে এবং আদিত্যের ন্যায় জগৎ প্রকাশ করিয়াছিলে, তোমার কৃপা না হইলে কেহ তোমাকে দেখিতে পায় না। এইক্ষণ তোমাকে নমস্কার করি॥ ১॥

হে রুদ্র! তুমি নীলবর্ণ শিখণ্ড (চূড়া)-ধারণ করিয়াছ, তোমার সহস্র লোচন বিরাজমান আছে এবং তুমি বাণরূপী, তোমাকে নমস্কার করি। আর তোমার যে সকল গণ আছে, তাহাদিগকেও নমস্কার করি॥ ২॥

নমাংসি ত আয়ুধায়ানাততায় ধৃষ্ণবে।
উভাভ্যামকরং নমো বাহুভ্যাং তব ধন্বনে ॥ ৩ ॥
প্রমুঞ্চ ধন্বনস্ত্বমুভয়ো রাজ্যোর্জ্জ্যাম্।
যাশ্চ তে হস্ত ইষবঃ পরস্তা ভগবো বপ ॥ ৪ ॥
অবতত্য ধনুস্ত্বং সহস্রাক্ষ ! শতেষুধে ! ।
নিশীর্য্য শল্যানাং মুখা শিবো নঃ শম্ভুরাভরঃ ॥ ৫ ॥

নমাংসি নমস্কারাঃ ন আততায় অনাততায় ধৃষ্ণবে প্রগল্‌ভায় বাহুভ্যাং কৃত্বা ধন্বনে নমোঽকরবমিত্যর্থঃ ॥ ৩ ॥

